

নিউইয়র্কে বাড়ছে বাসা ভাড়ার প্রতারণা

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: নিউইয়র্ক সিটির বাসা ভাড়ার চাহিদা ও দ্রুত কম ভাড়ায় পছন্দের বাসা খুঁজে পাওয়া অনেক দুস্যাধ্য। ৫-এর পৃষ্ঠায় দেখুন

ইরান যুদ্ধের পর ট্রাম্পের 'বিজয়' দাবি

যুক্তরাষ্ট্রের ব্যয় প্রায় ৪০ বিলিয়ন ডলার: সিএনএন'র বিশ্লেষণ

বাংলা পত্রিকা ডেস্ক: ইরানের সঙ্গে যুদ্ধবিরতি ও নতুন আলোচনার পথ খুলে যাওয়ার পর প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এটিকে যুক্তরাষ্ট্রের বড় বিজয় হিসেবে তুলে ধরলেও, যুদ্ধের প্রকৃত অর্থনৈতিক ও সামরিক মূল্য ছিল অনেক বেশি। সিএনএনের এক বিশ্লেষণে বলা হয়েছে, ১০০ দিনের এই সংঘাতে যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা ব্যয় ৩৫ থেকে ৪০ বিলিয়ন ডলারের মধ্যে পৌঁছেছে। একই সঙ্গে জ্বালানির ৬-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ৩০ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 30 ‖ Issue 39 / June 22, 2026, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ‖ সংখ্যা ৩৯ ‖ সোমবার, জুন ২২, ২০২৬, আষাঢ় ০৮, ১৪৩৩ ‖ মহররম ০৬, ১৪৪৮

যুক্তরাষ্ট্রের ৫০ স্টেটকে নোটিশ ট্রাম্প প্রশাসনের

আনএমপ্লয়মেন্ট বেনিফিট তহবিল স্থগিতের হুমকি

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রজুড়ে আনএম্পলয়মেন্ট বেনিফিট কর্মসূচিতে জালিয়াতির অভিযোগে ও অপব্যবহার বন্ধে তহবিল স্থগিতের হুশিয়ারি দিয়েছে ট্রাম্প প্রশাসন। ইতিমধ্যে ৫০টি স্টেট ও টেরিটরির গভর্নরদের কাছে চিঠি পাঠিয়ে সতর্ক করেছে ইউএস ডিপার্টমেন্ট অব লেবার। প্রশাসনের হুঁশিয়ারি, জালিয়াতি রোধে যথাযথ ব্যবস্থা না নিলে সংশ্লিষ্ট স্টেটের প্রশাসনিক তহবিল স্থগিত করা হতে পারে।

ইউএস ডিপার্টমেন্ট অব লেবার জানিয়েছে, করদাতাদের অর্থ সুরক্ষিত রাখতে বেকার ভাতা কর্মসূচিতে অপচয়, জালিয়াতি ও অপব্যবহারের বিরুদ্ধে আরও কঠোর অবস্থান নেওয়া হয়েছে। ডিপার্টমেন্ট সেক্রেটারী কিথ সন্ডারলিং বলেছেন, কোনো রাজ্য যদি জালিয়াতি চলতে দেয়, তাহলে তার পরিণতি ভোগ করতে হবে এবং প্রশাসন সব ধরনের আইনি ক্ষমতা ব্যবহার করবে।

বর্তমানে যুক্তরাষ্ট্রে প্রায় ২০ লাখ মানুষ বেকার ভাতা সুবিধা পাচ্ছেন এবং প্রতি সপ্তাহে গড়ে দুই লাখ ২৯ হাজার নতুন আবেদন জমা পড়ছে। যদিও কর্মসূচিটি রাজ্যভিত্তিকভাবে পরিচালিত হয়, তবে প্রশাসনিক ব্যয়ের বড় অংশ ফেডারেল সরকার বহন করে। ফলে অর্থায়ন বন্ধ হলে অনেক রাজ্যের কার্যক্রম ব্যাহত হওয়ার আশঙ্কা রয়েছে।

নোটিশে বলা হয়েছে, কোনো রাজ্য যদি বেকার ভাতা কর্মসূচিতে অপচয়, জালিয়াতি ও অপব্যবহার ঠেকাতে যথাযথ ব্যবস্থা না নেয়, তাহলে কেন্দ্র ফেডারেল প্রশাসনিক তহবিল আটকে দেওয়ার ক্ষমতা ব্যবহার করতে পারে। এমন পদক্ষেপ আগে কখনও নেওয়া হয়নি বলে প্রশাসনের দাবি।



ডিপার্টমেন্ট অব লেবার এর সেক্রেটারী কিথ সন্ডারলিং বলেন, করদাতাদের অর্থ সুরক্ষিত রাখতে প্রশাসন এখন থেকে "সব ধরনের আইনি উপায়" ব্যবহার করবে। তাঁর ভাষায়, কোনো রাজ্য যদি জালিয়াতি চলতে দেয়, তবে তার পরিণতি ভোগ করতে হবে।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এরই মধ্যে ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্সের নেতৃত্বে একটি 'টাস্ক ফোর্স টু এলিমিনেট ফ্রড' গঠন করেছেন। প্রশাসনের দাবি, এই টাস্কফোর্স সরকারি ব্যয়ের অপচয় ও জালিয়াতি বন্ধে কাজ করছে। তবে সমালোচকদের অভিযোগ, এটি মূলত সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে ব্যয় কমানোর একটি রাজনৈতিক উদ্যোগ।

এর আগে একই ধরনের কড়া অবস্থান নেওয়া হয়েছিল মেডিকেইড ও স্ন্যাপ বা ফুড স্ট্যাম্প কর্মসূচির ক্ষেত্রেও। হোয়াইট হাউস জানায়, জালিয়াতি দমনের অংশ হিসেবে ক্যালিফোর্নিয়া, মিনেসোটাসহ কয়েকটি রাজ্যের জন্য প্রায় ১.৪ বিলিয়ন ডলারের ফেডারেল অর্থায়ন স্থগিত রাখা হয়েছে।

অন্যদিকে, ডেমোক্র্যাট আইনপ্রণেতা ও বিভিন্ন অধিকার সংগঠন বলছে, প্রশাসনের এই "জালিয়াতি বিরোধী অভিযান" প্রকৃত অপরাধীদের লক্ষ্য না করে বরং সাধারণ মানুষের ওপর নির্ভরশীল গুরুত্বপূর্ণ সামাজিক সেবা কর্মসূচিগুলোকে দুর্বল করছে। মার্চ মাসে ডেমোক্র্যাট সিনেটর রন ওয়াইডেন ও জেফ মার্কলি প্রশাসনকে পাঠানো এক চিঠিতে অভিযোগ করেন, এসব পদক্ষেপের ফলে প্রবীণ, প্রতিবন্ধী ও নিম্নআয়ের মানুষের জন্য জরুরি সেবাগুলো ঝুঁকির মুখে পড়ছে।

২৫০ জনের আমেরিকান নাগরিকত্ব বাতিলে মামলার উদ্যোগ

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: ন্যাচারালাইজেশন প্রক্রিয়ায় আমেরিকান বা যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব পাওয়া নাগরিকদের সিটিজেনশীপ ডিন্যাচারালাইজেশন এর কার্যক্রম আরো বৃদ্ধির পদক্ষেপ নিচ্ছে ট্রাম্প প্রশাসন। যুক্তরাষ্ট্রের ইউএস ডিপার্টমেন্ট অব জাস্টিস (ডিওজে) চলতি বছরের অক্টোবরের মধ্যে অন্তত ২৫০ জনের নাগরিকত্ব বাতিলের মামলা দায়েরের পরিকল্পনা করেছে। এটি সাম্প্রতিক সময়ে এই ধরনের সবচেয়ে বড় আইনি অভিযান হিসেবে বিবেচিত হচ্ছে।

সিএনএন ও সিবিএস নিউজের প্রকাশিত প্রতিবেদনে বলা হয়েছে, নাগরিকত্ব পাওয়ার সময় প্রতারণা, তথ্য গোপন বা গুরুতর অপরাধ আড়াল করার অভিযোগ থাকলে সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে ফেডারেল আদালতে মামলা করা হবে। ইতোমধ্যে সাম্প্রতিক সময়ে কয়েক ডজন মামলা দায়েরও করা হয়েছে। এর যুক্তরাষ্ট্রে নাগরিকত্ব বাতিলের এই প্রক্রিয়াটি খুব সীমিতভাবে ব্যবহৃত হয়ে আসছিল। ২০০৮ সাল থেকে ২০২৬ সালের মধ্যভাগ পর্যন্ত মাত্র ১৬৬টি মামলা দায়ের হয়েছিল বলে ট্র্যানজেকশনাল রেকর্ড এক্সেস (ট্র্যাক) এর তথ্য বলছে। সেখানে এক অর্থবছরেই ২৫০টি মামলার পরিকল্পনাকে ট্রাম্প প্রশাসনের ৬-এর পৃষ্ঠায় দেখুন

টাইমস স্কোয়ারে প্রকাশ্যে ফের গুলিবর্ষণের ঘটনায় আতঙ্ক

কিশোর আটক

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে নিকসের এনবিএ চ্যাম্পিয়নশিপ উদযাপন উপলক্ষে বিশাল টিকার-টেপ প্যারেড শেষ হওয়ার ঘন্টাখানেক পর পর্যটকপ্রিয় টাইমস স্কয়ারে প্রকাশ্যে গুলির ঘটনায় ব্যাপক আতঙ্ক ছড়িয়ে পড়ে। গুলির শব্দে হাজারো পর্যটক, কর্মজীবী মানুষ ও পথচারী প্রাণ বাঁচাতে চারদিকে ছুটে পালাতে শুরু করেন।

এর আগেও গত সপ্তাহে নিকসের শিরোপা জয়ের উচ্ছ্বাসকে কেন্দ্র করে টাইমস স্কয়ারে সহিংসতার ঘটনা ঘটে। তখন ওয়েস্ট ৪২তম স্ট্রিট ও ৭-এর পৃষ্ঠায় দেখুন

১২ টি স্টেটে ফুডস্ট্যাম্প বঞ্চিত সাড়ে ৭ লক্ষাধিক শিশু

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে ১২ টি স্টেটে খাদ্য সহায়তা কর্মসূচি স্ন্যাপ বা ফুডস্ট্যাম্প সুবিধা হারিয়েছে ৭ লাখ ৭৬ হাজারের বেশি শিশু। নতুন এক গবেষণায় দেখা গেছে, ট্রাম্প প্রশাসনের সময় কার্যকর হওয়া নীতিগত পরিবর্তনের পর অন্তত ১২টি অঙ্গরাজ্যে এই সুবিধা হারিয়েছে। বিশেষজ্ঞরা বলছেন, সব স্টেট শিশুদের আলাদা ডাটা প্রকাশ না করায় প্রকৃত সংখ্যা আরও বেশি হতে পারে।



প্রোপাবলিকা এবং সেন্টার অন বাজেট অ্যান্ড পলিসি প্রায়োরিটিজের পৃথক প্রতিবেদনে উঠে এসেছে, ১২টি অঙ্গরাজ্যে স্ন্যাপ সুবিধা হারানো মোট মানুষের প্রায় ৪৬ শতাংশই শিশু। এসব অঙ্গরাজ্যে মোট অংশগ্রহণকারী কমেছে প্রায় ১৬ লাখ। নতুন আইনে কর্মসংস্থান-সংক্রান্ত শর্ত কঠোর করা হয়েছে, আবেদন ও নবায়নের প্রক্রিয়া জটিল হয়েছে এবং অঙ্গরাজ্যগুলোর ওপর অতিরিক্ত আর্থিক দায়িত্ব চাপানো হয়েছে। রিপোর্ট অনুযায়ী, ২০২৫ সালের ৫-এর পৃষ্ঠায় দেখুন

৩৮ মিলিয়ন ডলারের মেডিকেইড জালিয়াতির অভিযোগ

ব্রুকলিনে কমিউনিটি নেতাসহ গ্রেপ্তার ৮

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কের ব্রুকলিনে প্রায় ৩৮ মিলিয়ন ডলারের (৩৮০ কোটি টাকার) মেডিকেইড জালিয়াতির অভিযোগে একজন প্রভাবশালী পাকিস্তানি-আমেরিকান কমিউনিটি নেতাসহ আটজনকে গ্রেপ্তার করেছে ফেডারেল কর্তৃপক্ষ। নিউইয়র্ক পোস্টের প্রকাশিত এক প্রতিবেদনে দাবি করা হয়েছে, অভিযুক্তরা দুটি সোশ্যাল অ্যাডাল্ট ডে কেয়ার কেন্দ্রকে ব্যবহার করে বছরের পর বছর ভুয়া রোগী দেখিয়ে মেডিকেইড থেকে কোটি কোটি ডলার আত্মসাৎ করেছে। প্রতিবেদনে আরও বলা হয়েছে, অভিযুক্তদের মধ্যে কয়েকজন নিউইয়র্কের শীর্ষস্থানীয় ডেমোক্র্যাট রাজনীতিকদের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে তুলেছিলেন এবং রাজনৈতিক অঙ্গনেও সক্রিয় ছিলেন।

মামলাটি বর্তমানে বিচারাধীন। যুক্তরাষ্ট্রের আইন অনুযায়ী, আদালতে অভিযোগ প্রমাণিত না হওয়া পর্যন্ত অভিযুক্ত সবাই নির্দোষ বলে গণ্য হবেন।

নিউইয়র্ক পোস্টের প্রতিবেদনে বলা হয়েছে, গ্রেপ্তার হওয়া প্রধান অভিযুক্ত পারভেজ সিদ্দিকী (৭৮) ব্রুকলিনের সুপরিচিত পাকিস্তানি-আমেরিকান ব্যবসায়ী এবং কমিউনিটি বোর্ড ১৩-এর সদস্য। তার সঙ্গে আরও সাতজন শাজিয়া বিবি (ওরফে শাজিয়া ওয়াত্তু), আবদুল আজিজ, শায়ের আলী, জেবুন আহমেদ, জোসনা বেগম, সায়রা খাতুন এবং আতিয়া শাহনাজ এই মামলায় অভিযুক্ত হয়েছেন।

৭-এর পৃষ্ঠায় দেখুন

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO-প্রপার্টি

কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreal Neck, NY 11021
nurulazim67@gmail.com


Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
- TAX Liens Charge Offs - Inquiries - Collections
- Garnishment - Bankruptcy - Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com


Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828


MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

যুক্তরাষ্ট্রে মেডিকেইডের ২ বিলিয়ন ডলার আত্মসাৎ: ফিলিপাইনে গ্রেপ্তার

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের সরকারি স্বাস্থ্যসেবা কর্মসূচি থেকে প্রায় ২ বিলিয়ন ডলার আত্মসাতের অভিযোগে ওয়ান্টেড এক আমেরিকান নাগরিককে গ্রেপ্তার করে ফেরত পাঠিয়েছে ফিলিপাইনের ফিলিপাইনের ব্যুরো অব ইমিগ্রেশন। যুক্তরাষ্ট্রের গোয়েন্দা সংস্থা এফবিআইয়ের অগ্রাধিকারপ্রাপ্ত পলাতক তালিকায় থাকা ওই ব্যক্তিকে ১৮ জুন যুক্তরাষ্ট্রে ফেরত পাঠানো হয়েছে।

ফিলিপাইনের ব্যুরো অব ইমিগ্রেশন জানিয়েছে, গ্রেপ্তার হওয়া ব্যক্তির নাম হারবার্ট লিওন কিমবল (৬০)। গত ১১ জুন রাজধানী ম্যানিলার পাশের পাসিগ সিটির একটি বাণিজ্যিক এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। অভিযানে ব্যুরো অব ইমিগ্রেশনের ফিউজিটিভ সার্চ ইউনিট (FSU)-এর সদস্যদের পাশাপাশি সরকারি গোয়েন্দা কর্মকর্তারাও অংশ নেন।

ইমিগ্রেশন কমিশনার জোয়েল অ্যান্থনি ভিয়াডো জানান, কিমবল যুক্তরাষ্ট্রের ফেডারেল ব্যুরো অব ইনভেস্টিগেশন এর অগ্রাধিকারপ্রাপ্ত পলাতক আসামিদের একজন ছিলেন।

তার বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের সাউথ ক্যারোলিনা ডিস্ট্রিক্ট কোর্ট থেকে ফেডারেল গ্রেপ্তারি পরোয়ানা জারি রয়েছে। অভিযোগ অনুযায়ী, তিনি এমন একটি স্বাস্থ্যসেবা জালিয়াতি চক্র পরিচালনা করেন, যার মাধ্যমে যুক্তরাষ্ট্র সরকারের অর্থায়নে পরিচালিত স্বাস্থ্যসেবা কর্মসূচি থেকে ২ বিলিয়ন ডলারেরও বেশি অর্থ আত্মসাৎ করা হয়েছে।



তদন্তকারীদের ভাষ্য অনুযায়ী, এই প্রতারণার অংশ হিসেবে চিকিৎসাগতভাবে প্রয়োজন না থাকা অর্থোপেডিক ব্রেস বিপণন ও সরবরাহ করা হতো। পরে সেগুলোর মূল্য মেডিকেয়ার কর্মসূচির নামে বিল করে সরকারের কাছ থেকে অর্থ আদায় করা হয়।

কমিশনার ভিয়াডো বলেন, "ফিলিপাইন কোনোভাবেই বিদেশি পলাতক অপরাধীদের নিরাপদ আশ্রয়স্থল হবে না। আন্তর্জাতিক আইন প্রয়োগকারী সংস্থাগুলোর সঙ্গে সমন্বয় করে জননিরাপত্তার জন্য হুমকি হয়ে ওঠা বিদেশি নাগরিকদের খুঁজে বের করা, গ্রেপ্তার করা এবং দেশ থেকে অপসারণে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।"

ব্যুরো অব ইমিগ্রেশন জানিয়েছে, গ্রেপ্তারের এক সপ্তাহ পর, ১৮ জুন কিমবলকে যুক্তরাষ্ট্রে ফেরত পাঠানো হয়। একই সঙ্গে তাকে ফিলিপাইনের ইমিগ্রেশন ব্ল্যাকলিস্টে অন্তর্ভুক্ত করা হয়েছে, ফলে ভবিষ্যতে তিনি আর দেশটিতে প্রবেশ করতে পারবেন না।

ফিলিপাইনের প্রেসিডেন্ট ফার্দিনান্দ আর. মার্কোস জুনিয়র-এর নির্দেশনা অনুযায়ী সীমান্ত নিরাপত্তা জোরদার এবং আন্তর্জাতিক পলাতক অপরাধীদের বিরুদ্ধে কঠোর অবস্থানের অংশ হিসেবেই এই অভিযান পরিচালিত হয়েছে বলে জানিয়েছে দেশটির ইমিগ্রেশন কর্তৃপক্ষ।

কাজে যাওয়ার পথেই লাশ হলেন পাঁচ বন্ধু

নিজস্ব প্রতিবেদক, *সিলেট* : কাতারে সড়ক দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন সিলেটের কানাইঘাট উপজেলার ৫ যুবক। গতকাল রবিবার বাংলাদেশ সময় সকাল সাড়ে ১০টায় কাতারের রাজধানী দোহা থেকে আল-শাহানিয়া শহরে কাজের উদ্দেশে যাওয়ার পথে তাদের বহনকারী প্রাইভেট ট্যাক্সি নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনাকবলিত হয়। এতে ঘটনাস্থলে চালকসহ ওই ৫ প্রবাসীর মর্মান্তিক মৃত্যু হয়। তারা সবাই ছিলেন বন্ধু। এই ঘটনায় কানাইঘাটে শোকের ছায়া নেমে এসেছে। নিহতদের পরিবারে চলছে শোকের মাতম। নিহত গাড়িচালক ভারতীয় নাগরিক।

সড়ক দুর্ঘটনায় নিহতরা হলেন, কানাইঘাটের ঝিঙাবাড়ী ইউনিয়নের আমরপুর গ্রামের মৃত আবদুন নূরের ছেলে জিবাল আহমদ (৩৫), মাঝতালুক গ্রামের সিরাজ উদ্দিনের ছেলে জসিম উদ্দিন (৩৮), আগতালুক গ্রামের সেলিম আহমদের ছেলে মোস্তাক আহমদ (২৭), একই গ্রামের মনা মিয়ার ছেলে জুবের আহমদ (২৮) ও দক্ষিণ বাণীগ্রাম ইউনিয়নের গাছবাড়ী গ্রামের বাহার উদ্দিনের ছেলে কাদির আহমদ (৩৩)। নিহতদের মধ্যে জসিম উদ্দিন ছাড়া অন্য চারজন অবিবাহিত ছিলেন।

নিহতদের পারিবারিক সূত্রে জানা যায়, এই ৫ প্রবাসী জীবিকার তাগিদে কয়েক বছর ধরে কাতারে অবস্থান করেছিলেন। প্রতিদিনের মতো রবিবার বাংলাদেশ সময় সকাল ১০টায় কাজের উদ্দেশে কাতারের দোহা থেকে একটি প্রাইভেট গাড়িযোগে আল-শাহানিয়া শহরে যাচ্ছিলেন। পথিমধ্যে আল শাহানিয়া শহরের সামাল এলাকায় তাদেরকে বহনকারী গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে

কাতারে মর্মান্তিক দুর্ঘটনা



- সবাই সিলেটের কানাইঘাটের অধিবাসী
- পরিবারে শোকের মাতম

মূল সড়ক থেকে ছিটকে পড়ে দুমড়েমুচড়ে যায়। এতে ঘটনাস্থলেই চালকসহ এবং কানাইঘাটের ওই ৫ যুবক নিহত হন। দুর্ঘটনার পর স্থানীয় প্রশাসন মরদেহগুলো উদ্ধার করে কাতারের একটি হাসপাতালের মর্গে রেখেছে।

নিহত কাদির আহমদের বাবা বাহার উদ্দিন জানান, চার বছর আগে ছেলে পরিবারের সচ্ছলতা ফেরাতে কাতারে গিয়েছিল। আগামী মাসে কাদিরের দেশে ফেরার কথা ছিল। এ কথা বলে তিনি কান্নায় ভেঙে পড়েন। নিহত জসিম উদ্দিনের স্ত্রী শাহিনা বেগম জানান, ৩ বছর আগে তার স্বামী কাজের উদ্দেশ্যে কাতার যান। তার আয়-রোজগারের ওপর পরিবার নির্ভরশীল ছিল। এখন দুই ৫-এর পৃষ্ঠায় দেখুন



২৩শে জুন বা তার আগে কংগ্রেসে গ্রেস মেং-কে ভোট দিন!

"আমি দক্ষিণ এশীয় কমিউনিটি সেন্টারগুলোর জন্য অর্থায়নের ব্যবস্থা করেছি, পরিবারগুলোর হালাল খাবার পাওয়ার অধিকার নিশ্চিত করতে লড়াই করেছি এবং ঈদ ও দীপাবলিকে ফেডারেল ছুটির দিন হিসেবে ঘোষণা করার লক্ষ্যে আইন উত্থাপন করেছি। অভিবাসী সম্প্রদায়ের বিরুদ্ধে ক্রমবর্ধমান ঘৃণা ও হামলার মুখে আমি 'হেট ক্রাইমস অ্যাক্ট' (ঘৃণামূলক অপরাধ বিষয়ক আইন) পাস করিয়েছি, মসজিদ ও মন্দিরগুলোকে নিরাপদ রাখার জন্য কাজ করেছি এবং আইসিই (ICE)-কে জবাবদিহিতার আওতায় এনেছি। আমার এই কাজের ধারার জন্য আমি গর্বিত এবং নিউ ইয়র্ক থেকে প্রথম ও একমাত্র এশীয়-আমেরিকান প্রতিনিধি হিসেবে আপনাদের জন্য কাজ চালিয়ে যেতে আমি প্রতিশ্রুতিবদ্ধ।

কর্তৃক অনুমোদিত

অ্যাটর্নি জেনারেল লেটিশা জেমস

কাউন্সিল সদস্য শেখর কৃষ্ণান

32BJ SEIU | 1199 SEIU | HTC | DC 37 AFSCME AFL-CIO

PAID FOR BY GRACE FOR NEW YORK

যুক্তরাষ্ট্র-ইরান বৈঠক শেষ: আরও ৬০ দিনের যুদ্ধবিরতি ও শান্তি রোডম্যাপসহ যেসব সিদ্ধান্ত হলো



নানা বাধা বিপত্তির পরও এখনো টিকে আছে ইরান-যুক্তরাষ্ট্র আলোচনা। ছবিতে পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ (মাঝে), মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স (বামে) ও কাতারের প্রধানমন্ত্রী আব্দুর রহমান আল থানি। ছবি: এএফপি

বাংলা পত্রিকা ডেস্ক: তেহরানের পক্ষ থেকে পুনরায় হরমুজ প্রণালি বন্ধের ঘোষণা এবং মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নতুন সামরিক হামলার হুমকির মধ্যেই সুইজারল্যান্ডে মার্কিন ও ইরানি উচ্চপদস্থ কর্মকর্তাদের প্রথম দফার ঐতিহাসিক বৈঠক শেষ হয়েছে। মধ্যস্থতাকারী দেশ কাতার ও পাকিস্তানের পক্ষ থেকে জানানো হয়েছে, টানটান উত্তেজনার মধ্য দিয়ে শুরু হওয়া এই বৈঠকে উভয় পক্ষ আগামী ৬০ দিনের মধ্যে একটি চূড়ান্ত চুক্তিতে পৌঁছানোর রোডম্যাপ বা কর্মপরিকল্পনায় সম্মত হয়েছে।

কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরার প্রতিবেদনে বলা হয়েছে, কাতারের পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রকাশিত এক যৌথ বিবৃতিতে জানানো হয়েছে, সুইজারল্যান্ডের পাহাড়ি রিসোর্ট বার্গেনস্টকে চলতি সপ্তাহের বাকি দিনগুলোতে টেকনিক্যাল বা কারিগরি স্তরের আলোচনা অব্যাহত থাকবে। এই বৈঠকে লেবাননে চলমান যুদ্ধ অবসানের প্রক্রিয়াসহ বিতর্কিত হরমুজ প্রণালি দিয়ে বাণিজ্যিক জাহাজের নিরাপদ চলাচল নিশ্চিত করতে একটি বিশেষ যোগাযোগ লাইন চালুর বিষয়েও উভয় পক্ষ ৫-এর পৃষ্ঠায় দেখুন

হাউজিং মর্টগেজ ইন্টারেস্ট নেমেছে সর্বনিম্নে : যুক্তরাষ্ট্রে বাড়ি ক্রয়ের সুযোগ

বাংলা পত্রিকা রিপোর্ট: এক মাসেরও বেশি সময়ের মধ্যে সর্বনিম্ন পর্যায়ে নেমে এসেছে যুক্তরাষ্ট্রের ৩০ বছরের ফিক্সড-রেট মর্টগেজের সুদ। যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে অস্থায়ী সমঝোতা হওয়ায় বৈশ্বিক বাজারে কিছুটা স্থিতিশীলতা ফিরেছে, যার প্রভাব পড়েছে আবাসন ঋণের সুদের হারে। একই সময়ে ফেডারেল রিজার্ভ সুদের হার অপরিবর্তিত রাখার সিদ্ধান্তও বাজারে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।



মর্টগেজ ফাইন্যান্স প্রতিষ্ঠান ফ্রেডি ম্যাক এর সর্বশেষ জরিপ অনুযায়ী, ৩০ বছরের ফিক্সড-রেট মর্টগেজের গড় সুদ নেমে এসেছে ৬.৪৭ শতাংশে, যা আগের সপ্তাহে ছিল ৬.৫২ শতাংশ। এক বছর আগে একই সময়ে এই হার ছিল ৬.৮১ শতাংশ।

এটি এক মাসেরও বেশি সময়ের মধ্যে সর্বনিম্ন মর্টগেজ হার, যা বাড়ি কিনতে আগ্রহীদের জন্য কিছুটা স্বস্তির খবর হিসেবে দেখা হচ্ছে।

জরিপ সংস্থার প্রধান অর্থনীতিবিদ স্যাম খাতের বলেন, সাম্প্রতিক অর্থনৈতিক তথ্য দেখাচ্ছে যে যুক্তরাষ্ট্রের ভোক্তাদের ব্যয় এখনো স্থিতিশীল রয়েছে। খুচরা বিক্রি বেড়েছে এবং পেন্ডিং হোম সেলস বা চুক্তিবদ্ধ বাড়ি বিক্রির সংখ্যাও উন্নতির ইঙ্গিত দিচ্ছে। ফলে আবাসন বাজারে ক্রেতাদের আগ্রহ ধীরে ধীরে বাড়ছে।

একই সঙ্গে ১৫ বছরের ফিক্সড-রেট মর্টগেজের সুদও সামান্য কমে ৫.৮১ শতাংশে নেমেছে, যা আগের সপ্তাহে ছিল ৫.৮৪ শতাংশ।

বিশ্লেষকদের মতে, গত কয়েক সপ্তাহে ইরানকে ঘিরে মধ্যপ্রাচ্যের উত্তেজনার কারণে আর্থিক বাজারে অনিশ্চয়তা তৈরি হয়েছিল। তবে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে একটি অস্থায়ী কাঠামোগত সমঝোতা স্বাক্ষরের পর বাজারে কিছুটা আস্থা ফিরে এসেছে।

চুক্তির আওতায় যুদ্ধবিরতি, হরমুজ প্রণালী পুনরায় চালু, ইরানের সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুদ সীমিত করা এবং আগামী ৬০ দিনের মধ্যে বিস্তৃত পারমাণবিক আলোচনা চালানোর পরিকল্পনা রয়েছে। এছাড়া ইরানের কিছু জব্দকৃত সম্পদ ৮-এর পৃষ্ঠায় দেখুন



The Weekly Bangla Patrika
Editor: Abu Taher
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

হাম কি অপ্রতিরোধ্য

২০ জুন এক দিনে হামের উপসর্গ নিয়ে আরও সাত শিশুর মৃত্যু হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক হালনাগাদ প্রতিবেদন অনুযায়ী, গত ১৫ মার্চ থেকে এই সম্পাদকীয় লেখা পর্যন্ত সারা দেশে হাম এবং এর উপসর্গ নিয়ে মোট ৬৭৭ শিশু মারা গেছে। এর মধ্যে হামের উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে ৫৮৪ এবং নিশ্চিত হামে আক্রান্ত হয়ে মারা গেছে আরও ৯৩ শিশু।

আমাদের দেশে এ ধরনের মৃত্যুর ঘটনাগুলো জনমানসে একসময় স্বাভাবিক বিষয়ে পরিণত হয়; সেটা সড়ক দুর্ঘটনা হোক বা হামে শিশুমৃত্যুর ঘটনা হোক। আমরা হয়তো সংখ্যা দিয়ে ব্যাপারগুলোকে বোঝার চেষ্টা করি। কিন্তু যাঁদের সন্তান এভাবে মৃত্যুবরণ করে, শুধু তাঁরাই বুঝতে পারেন–কী হারিয়েছেন।

যে রোগ সম্পূর্ণ প্রতিরোধযোগ্য এবং যার প্রতিষেধক বছরের পর বছর বিনা মূল্যে সরকারিভাবে সরবরাহ করা হচ্ছে, সেই রোগে শিশুর মৃত্যু কোনোভাবেই মেনে নেওয়া যায় না। এটি শুধু স্বাস্থ্য খাতের একটি দুর্বলতাই প্রকাশ করে না, বরং সামগ্রিক রাষ্ট্রীয় জনস্বাস্থ্য ব্যবস্থাপনার ফাঁকফোকরগুলোকে অত্যন্ত নির্মমভাবে আমাদের সামনে হাজির করছে।

রাষ্ট্রীয় উদ্যোগে হাম নির্মূলের জন্য 'সম্প্রসারিত টিকাদান কর্মসূচি' চলমান থাকলেও এর কার্যকারিতা ও বাস্তবায়নে বড় ধরনের গলদ রয়ে গেছে। বিশেষ করে দেশের দুর্গম অঞ্চল, চরাঞ্চল, পাহাড়ি এলাকা এবং শহরের বস্তিগুলোতে টিকাদানের হার এখনো লক্ষ্যমাত্রার চেয়ে অনেক নিচে। অনেক সময় দেখা যায়, কাগজে-কলমে টিকাদানের যে লক্ষ্যমাত্রা বা পরিসংখ্যান দেখানো হয়, মাঠপর্যায়ের বাস্তব চিত্র তার চেয়ে ভিন্ন। জনসচেতনতা তৈরির অভাব এবং টিকাদান ক্যাম্পেইনগুলোর সঠিক তদারকি না থাকায় শিশুদের একটি বড় অংশ টিকার আওতার বাইরে থেকে যাচ্ছে। মাঠপর্যায়ে কঠোর নজরদারির অভাবই মূলত এ জন্য দায়ী।

অন্যদিকে হামের চিকিৎসায় একধরনের প্রচ্ছন্ন অবহেলা ও তীব্র সংকট বিদ্যমান। প্রান্তিক জনগোষ্ঠীর মধ্যে হাম নিয়ে এখনো নানা কুসংস্কার ও অবৈজ্ঞানিক ধারণা প্রচলিত রয়েছে। হাম হলে শিশুকে চিকিৎসকের কাছে না নিয়ে কবিরাজি চিকিৎসা বা ঝাড়ফুঁকের আশ্রয় নেওয়ার প্রবণতা এখনো শেষ হয়ে যায়নি। প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোতে দক্ষ জনবল এবং প্রয়োজনীয় ওষুধের সংকট পরিস্থিতিকে আরও জটিল করে তোলে। হামের কারণে শিশুরা যখন নিউমোনিয়া বা ডায়রিয়ার মতো মারাত্মক জটিলতায় আক্রান্ত হয়, তখন উপজেলা বা জেলা পর্যায়ের হাসপাতালে সময়মতো আইসিইউর সেবা না পেয়ে অনেক শিশুর মৃত্যু ঘটে। চিকিৎসকদের একাংশের মধ্যে হামের লক্ষণ দ্রুত শনাক্তকরণ এবং এর পরবর্তী জটিলতা ব্যবস্থাপনায় ঘাটতিও এই সংকটকে আরও ঘনীভূত করছে।

এই প্রাণঘাতী পরিস্থিতি থেকে শিশুদের রক্ষা করতে হলে আমাদের এখনই সুনির্দিষ্ট এবং কঠোর পদক্ষেপ নিতে হবে। টিকাদান কর্মসূচিকে শতভাগ নিখুঁত করতে হবে।

কোনো শিশু যেন টিকার আওতা থেকে বাদ না পড়ে, সে জন্য বাড়ি বাড়ি গিয়ে তদারকি এবং 'ড্রপআউট' শিশুদের খুঁজে বের করার বিশেষ ক্র্যাশ প্রোগ্রাম চালু করা জরুরি। শিশুদের জীবন নিয়ে এই অবহেলা আর চলতে দেওয়া যায় না।



শর্ষের ভেতর ভূত তাড়াবে কে





জুয়েল হাসান

এ কটি রাষ্ট্রের মেরুদণ্ড 'সুশাসন'। একটি রাষ্ট্রকে 'সভ্য' বলার কষ্টিপাথর সুশাসন। অথচ আজ যখন আমরা চারপাশের চেনা আঙিনায় চোখ রাখি, তখন সুশাসনের সেই কাঙ্ক্ষিত রূপ যেন মরীচিকা বলে ভ্রম হয়। যে শাসনব্যবস্থা হওয়ার কথা ছিল নাগরিকের জন্য বর্ম, তা আজ নানা চ্যালেঞ্জের মুখোমুখি। ভূত তাড়ানোর জন্য যে ওঝা সর্ষে ছিটাবেন, সেই সর্ষে দানায় যদি অশুভের বাস থাকে, তবে মন্ত্রের সাধনা শুরুতে ব্যর্থ। সমাজ ও প্রশাসনের রন্ধ্রে রন্ধ্রে সেই 'ভেতরের ভূত' জেঁকে বসেছে। যে হাতগুলোর দায়িত্ব ছিল ন্যায়ের দাঁড়িপাল্লা সোজা রাখা, আজ সেই হাতগুলো কখনো লিপ্ত হচ্ছে দুর্নীতির চোরাবালিতে। যে কারণে টেবিলের ওপর রাখা নিয়মের ফাইলগুলোয় ধুলো জমে। রবীন্দ্রনাথ ঠাকুর 'সভ্যতার সংকট' প্রবন্ধে যে হতাশা আর আশার দোলাচলের কথা বলেছেন, আজ সুশাসনের অভাবে আমরা সেই দোলাচলে। আইন আছে, কিন্তু প্রয়োগের চাবুক কেবল দুর্বলের পিঠে পড়ে; সবলের সামনে মায়াবী জাদুদণ্ডের মতো অদৃশ্য। বৈষম্যের দেয়ালে ধাক্কা খেয়ে খেয়ে সাধারণ মানুষের আস্থা আজ ক্লান্ত, বিদীর্ণ। যখন রক্ষক ভক্ষকের ভূমিকায় অবতীর্ণ হয়, যখন শৃঙ্খলার দায়িত্বে থাকা ব্যক্তি শৃঙ্খলাভঙ্গের উৎস হয়ে ওঠেন, তখন সেই সমাজকে ভেতর থেকে ঘুণপোকা খেতে শুরু করে। তবে এই জীর্ণতা, অন্ধকারের ভূত একদিনে জন্ম নেয়নি। লোভের চারাগাছটিকে যখন প্রশ্রয়ের জল-হাওয়া দেওয়া হয়, তখনই তা মহিরুহ হয়ে সুশাসনের আকাশকে ঢেকে ফেলে। যতক্ষণ না আমরা ভেতরের ক্ষত স্বীকার করছি, যতক্ষণ না শুদ্ধি অভিযান নিজের ঘর থেকে শুরু হচ্ছে, ততক্ষণ সুশাসনের সূর্যোদয় অসম্ভব। যে মানুষ সাহসের সঙ্গে শর্ষের খোলস বদলে, সমাজে স্নিগ্ধ আলো আনবে। প্রথমেই তাকাতে হবে ক্ষমতার সেই অলিন্দে, যেখানে নীতিনির্ধারণের চাবি রক্ষিত। ক্ষমতার অদ্ভুত সম্মোহনী শক্তি আছে। জাঁ-জাক রুশো বলেছিলেন, 'মানুষ স্বাধীন হয়েই জন্মায়, কিন্তু সর্বত্রই সে শৃঙ্খলিত।' আমাদের সুশাসনের সংকটটি এখানে। যে আমলাতন্ত্র কিংবা রাজনৈতিক নেতৃত্বকে সুশাসনের প্রধান কন্ডাক্টর বা চালক হওয়ার কথা, তারা অনেক সময় নিজেদের আখের গোছানোর এক আত্মঘাতী খেলায় মেতে ওঠেন। যে মানুষের করের টাকায় রাষ্ট্রের চাকা ঘোরে, সেই মানুষ দিন শেষে হয় প্রান্তিক, অবহেলিত। সরকারি দপ্তরের প্রতিটি দরজায় যখন সাধারণ নাগরিকদের ন্যায্য অধিকার আদায়ের জন্য হাত পাততে হয়, তখন বুঝতে হবে শর্ষের ভেতরের ভূত কেবল বেঁচে নেই, সে পুষ্ট হয়ে উঠেছে।

> ...সত্যকে আড়াল করার যে প্রাতিষ্ঠানিক সংস্কৃতি, তা-ই সুশাসনের পথে বড় অন্তরায়। যখন কোনো দপ্তরে 'সততা' হয়ে ওঠে দুর্লভ বিলাসিতা আর দুর্নীতি হয় অলিখিত নিয়ম, তখন বুঝতে হবে বিভিন্ন সরকারি দপ্তরের পুরো ব্যবস্থার রন্ধ্রে রন্ধ্রে ভূত ঢুকে পড়েছে...

আমরা দেখেছি, কীভাবে চাটুকারিতা ও স্তাবকতা সুশাসনকে গ্রাস করে। সম্রাট আকবরের দরবারে যেমন বীরবল ছিলেন সত্য বলার জন্য, আজকের চাটুকার পরিবেষ্টিত ব্যবস্থায় সেই 'বীরবল'দের বড় আকাল। চারপাশের স্তাবকের দল যখন খলনায়ককে নায়ক বানাতে ব্যস্ত, তখন রাজার পোশাকের নগ্নতা ঢাকার জন্য কোনো সৎ মানুষ খুঁজে পাওয়া যায় না। সত্যকে আড়াল করার যে প্রাতিষ্ঠানিক সংস্কৃতি, তা-ই সুশাসনের পথে বড় অন্তরায়। যখন কোনো দপ্তরে 'সততা' হয়ে ওঠে দুর্লভ বিলাসিতা আর দুর্নীতি হয় অলিখিত নিয়ম, তখন বুঝতে হবে বিভিন্ন সরকারি দপ্তরের পুরো ব্যবস্থার রন্ধ্রে রন্ধ্রে ভূত ঢুকে পড়েছে। এর পরিবর্তন করতে হলে, কেবল লোক দেখানো বদলি বা সাময়িক বরখাস্তের মতো 'আইওয়াশ' দিয়ে কাজ হবে না। ক্যানসারের ক্ষতকে যেমন সুগন্ধি দিয়ে ঢাকা যায় না, তেমনি সুশাসনের অভাবকে মেগা প্রজেক্টের ঝকমকে আলো দিয়ে আড়াল করা যাবে না।

দুর্নীতি আর অন্যায়ের অন্ধকার দূর করার বড় হাতিয়ার হলো, স্বচ্ছতা ও জবাবদিহি। কিন্তু এই রূপান্তর কি এতটাই সহজ? যখন প্রাতিষ্ঠানিক ওঝারা ব্যর্থ হয়, তখন নাগরিক সমাজকেই জেগে উঠতে হয়। নাগরিকরা যখন নিজের অধিকারের ব্যাপারে সচেতন হবেন, যখন অন্যায় দেখে 'আমার কী' বলে মুখ ফিরিয়ে না নিয়ে প্রশ্ন তুলতে শিখবেন, তখনই শর্ষের ভেতরের ভূত কাঁপতে শুরু করবে। 'সুশাসন' আকাশ থেকে পড়া কোনো পরশপাথর নয়, এটি দীর্ঘমেয়াদি চর্চা ও সংস্কৃতির নাম। 'শর্ষের ভেতরের ভূত তাড়াবে কে?' এর উত্তর দূরবিনে খোঁজার প্রয়োজন নেই। উত্তর আছে সম্মিলিত সদিচ্ছা, রাজনৈতিক অঙ্গীকার এবং নাগরিকদের বিবেকের মধ্যে। সর্ষে ক্ষেতকে ভূতমুক্ত করতে হলে সমাজ থেকে ভয়ের সংস্কৃতি দূর করতে হবে। যতক্ষণ না ক্ষুদ্রতম কণ্ঠস্বরটিও নির্ভয়ে দাবি জানাতে পারে, ততক্ষণ সুশাসনের স্বপ্ন অধরা থেকে যাবে। আসুন, আমরাই ওঝা হয়ে ওঠি, যে নিজের ভেতরের লোভ আর ভয়ের ভূতকে তাড়িয়ে নিজেকে শুদ্ধ করবে, আর সমাজকে দেবে সুশাসনের হাওয়া। কারণ, এই মাটি আমাদের। একে বাসযোগ্য করার দায় আমাদেরই। অন্যায়কে 'নিয়তি' বলে মেনে নেওয়ার যে মজ্জাগত অভ্যাস আমরা গড়ে তুলেছি, তা-ই মূলত শর্ষের ভেতরের ভূতকে দিন দিন আরও শক্তিশালী, দুঃসাহসী করে তুলেছে। ক্ষমতার মোহে অন্ধ হয়ে যারা রক্ষকের তকমা গায়ে জড়িয়ে ভক্ষকের উল্লাসে মেতে ওঠেন, তারা ভুলে যান, ইতিহাসের আদালত বড় নির্মম সেখানে একদিন হিসাবের খাতা খুলে বসতে হয়। আমাদের সেই মোহের দেয়াল ভাঙতে হবে। যেদিন দেশের প্রতিটি সাধারণ মানুষ অন্যায়ের বিরুদ্ধে আঙুল তুলতে শিখবে; যেদিন টেবিলের নিচের লেনদেনকে সমাজ অবজ্ঞা আর ঘৃণার চোখে দেখবে; সেদিনই এই অদৃশ্য ভূত নিজের খোলস গুটিয়ে পালাতে বাধ্য হবে। সুশাসন কেবল সংবিধানে লিখে রাখা কিছু শীতল অনুচ্ছেদ নয়, সুশাসন হলো সামাজিক দায়বদ্ধতার সংস্কৃতি যখন শাসকের হৃদয়ে থাকবে দেশপ্রেম আর নাগরিকদের থাকবে অধিকারের অঙ্গীকার হয়ে। শতাব্দীর দীর্ঘ প্রতীক্ষার পর, শর্ষের ভেতরের ভূত তাড়ানোর মন্ত্র উচ্চারিত হোক সম্মিলিত কণ্ঠে। যখন ভয়ের সংস্কৃতি পেরিয়ে প্রতি কণ্ঠস্বর গেয়ে উঠবে ন্যায়ের গান, তখনই অবসান ঘটবে এই দীর্ঘ শোষণ আর অন্যায়ের, প্রতিষ্ঠিত হবে সুশাসন।

লেখক : প্রকৌশলী ও সাংবাদিক

তদন্তে যাকে নিয়ে নিরাপত্তা বিঘ্নিত হওয়ার প্রশ্ন

প্রধানমন্ত্রীর ফ্লাইটে ফের প্রকৌশলী সাইফুজ্জামান!

বাংলা পত্রিকা ডেস্ক: প্রধানমন্ত্রী তারেক রহমানকে বহনকারী ভিভিআইপি ফ্লাইটে ফের দায়িত্ব পেয়েছেন বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রিন্সিপাল ইঞ্জিনিয়ার মোহাম্মদ সাইফুজ্জামান। অথচ বিএনপির চেয়ারম্যান তারেক রহমান যখন গত বছর ২৫ ডিসেম্বর লন্ডন থেকে দেশে আসেন, তখন ভিভিআইপি ফ্লাইটে ফুয়েল সিস্টেমে গুরুতর ত্রুটি চিহ্নিত হয়। যে কারণে মাঝ আকাশে আগুন লাগার ঝুঁকিও তৈরি হয়। এ বিষয়ে গঠিত উচ্চপর্যায়ের তদন্ত কমিটি সাইফুজ্জামান খানের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ করেছে। ইতোমধ্যে তাকে চট্টগ্রামে বদলিও করা হয়েছে। কিন্তু রহস্যজনক কারণে রিলিজ না করে পুনরায় তাকে প্রধানমন্ত্রীকে বহনকারী ভিভিআইপি ফ্লাইটে দায়িত্বে দেওয়ায় সংশ্লিষ্ট অনেকে ক্ষোভ অসন্তোষ প্রকাশ করেন।

এভিয়েশন বিশেষজ্ঞ কাজী ওয়াহিদুল আলম যুগান্তরকে বলেন, তদন্ত প্রতিবেদনে প্রকৌশলীর সিদ্ধান্তকে ঝুঁকিপূর্ণ উল্লেখ করে তার বিরুদ্ধে জবাবদিহিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ থাকলে তা আমলে নেওয়া উচিত। ভিভিআইপি দায়িত্ব থেকে এ সময় তাকে বিরত রাখা উচিত ছিল। প্রধানমন্ত্রীর ফ্লাইট সাধারণ কোনো বাণিজ্যিক ফ্লাইট নয়। এখানে জাতীয় নিরাপত্তা, কূটনৈতিক মর্যাদা এবং রাষ্ট্রের ভাবমূর্তি সুরক্ষার প্রশ্ন জড়িত।

যুগান্তরের হাতে আসা বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের চিফ ইঞ্জিনিয়ার (ইঞ্জিনিয়ারিং প্রডাকশন) মো. আলী নাসের স্বাক্ষরিত দায়িত্বপত্রে দেখা যায়, ভিভিআইপি ফ্লাইটের জন্য মোট ছয়জন প্রকৌশল কর্মকর্তাকে দায়িত্ব দেওয়া হয়েছে। এর মধ্যে দুজন সরাসরি সফরসঙ্গী হিসাবে বিমানের সঙ্গে বিদেশ যাচ্ছেন। এই তালিকার প্রথমেই রয়েছে প্রিন্সিপাল ইঞ্জিনিয়ার মোহাম্মদ সাইফুজ্জামান খানের নাম। তার সঙ্গে রয়েছেন প্রকৌশলী মো. সাদেকুল ইসলাম ভূঁইয়া।

ডিউটি রোস্টার অনুযায়ী, ২১ জুন ঢাকা থেকে কুয়ালালামপুরগামী ভিভিআইপি ফ্লাইট বিজি-৩৮৬-এ সাইফুজ্জামান সফর করবেন। পরদিন কুয়ালালামপুর থেকে চীনের ডালিয়ানগামী ভিভিআইপি ফ্লাইট বিজি-১৬০১-এর কারিগরি দায়িত্বও তার ওপর ন্যস্ত করা হয়েছে। ডালিয়ানে পৌঁছে সরকারপ্রধানকে বহনকারী উড়োজাহাজের চূড়ান্ত কারিগরি সনদ (টেকনিক্যাল সার্টিফিকেশন) প্রদানের দায়িত্বও তার। ফলে প্রশ্ন উঠেছে, তদন্তে অভিযুক্ত একজন কর্মকর্তার হাতে কেন আবারও রাষ্ট্রের সর্বোচ্চ গুরুত্বপূর্ণ ভিভিআইপি ফ্লাইটের নিরাপত্তাসংক্রান্ত চূড়ান্ত সিদ্ধান্তের দায়িত্ব দেওয়া হলো।

এদিকে ১৭ জুন বিমানের উপব্যবস্থাপক (প্রশাসন) ড. মুহাম্মদ মাহেব হোসেন স্বাক্ষরিত এক অফিস আদেশে সাইফুজ্জামান খানসহ ১৭ জন ঊর্ধ্বতন প্রকৌশলীকে বদলি করা হয়। ওই আদেশে সাইফুজ্জামানকে ঢাকা থেকে চট্টগ্রামে বদলি করা হয়। কিন্তু যাকে বদলি করা হয়েছে তাকে আবার প্রধানমন্ত্রীর ভিভিআইপি ফ্লাইটের দায়িত্ব দিয়ে বিদেশ সফরে পাঠানো হলো। এ নিয়ে বিমানের ভেতরে নানা প্রশ্ন ও ক্ষোভ অসন্তোষ বিরাজ করছে। অনেকে প্রধানমন্ত্রীর নিরাপত্তা নিশ্চিত করা নিয়ে শঙ্কিত।

এ প্রসঙ্গে বিমানের একজন ঊর্ধ্বতন কর্মকর্তা যুগান্তরকে বলেন, কোনো কর্মকর্তার বিরুদ্ধে যদি নিরাপত্তাসংশ্লিষ্ট ঘটনায় তদন্ত কমিটি ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে, তাহলে তাকে ভিভিআইপি ফ্লাইটের মতো স্পর্শকাতর দায়িত্ব দেওয়া কতটা যৌক্তিক সেটি খতিয়ে দেখা প্রয়োজন।

তদন্তে অভিযুক্ত কর্মকর্তাকে কেন ফের ভিভিআইপি ৮-এর পৃষ্ঠায় দেখুন

যুক্তরাষ্ট্র-ইরান বৈঠক শেষ: আরও ৬০ দিনের যুদ্ধবিরতি ও শান্তি রোডম্যাপসহ যেসব সিদ্ধান্ত হলো

৩-এর পৃষ্ঠার পর একমত হয়েছে।

গত এপ্রিলে শুরু হওয়া ভঙ্গুর যুদ্ধবিরতির মেয়াদ আরও অন্তত ৬০ দিন বাড়ানোর লক্ষ্যে মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স রোববার এই আলোচনা শুরু করেন, যা সোমবারের প্রথম প্রহর পর্যন্ত গড়ায়। তবে সুইজারল্যান্ডের এই রুদ্ধদ্বার বৈঠকের অভ্যন্তরীণ পরিস্থিতি নিয়ে মার্কিন ও ইরানি সূত্রগুলো ভিন্ন ভিন্ন দাবি করেছে।

ইরানের আধা সরকারি সংবাদ সংস্থা তাসনিম নিউজ জানিয়েছে, আলোচনার চলাকালীনই ট্রাম্পের নতুন হামলার হুমকি জনসমক্ষে এলে ইরানি প্রতিনিধিদল মূল বৈঠক কক্ষ ত্যাগ করে। এরপর কাতার ও পাকিস্তানের মধ্যস্থতায় পরোক্ষভাবে বার্তা আদান-প্রদান সচল রাখা হয়। ইরানের দাবি, পারমাণবিক ইস্যুতে মূল আলোচনা শুরুর আগে সমঝোতা স্মারকের শর্তানুযায়ী তাদের অবরুদ্ধ (ফ্রিজ) সম্পদ অবমুক্ত এবং ইরানের তেল রপ্তানির ওপর থেকে মার্কিন নিষেধাজ্ঞা প্রত্যাহার করতে হবে।

অন্যদিকে, নাম প্রকাশে অনিচ্ছুক এক মার্কিন কূটনীতিক রয়টার্সকে জানান, ইরানিরা মূলত বৈঠক ছেড়ে যাননি এবং গভীর রাত পর্যন্ত হরমুজ প্রণালি, লেবানন যুদ্ধ ও পারমাণবিক ইস্যু নিয়ে ফলপ্রসূ আলোচনা হয়েছে। মার্কিন প্রশাসনের দাবি, উচ্চপর্যায়ের এই আলোচনা সোমবার শেষ হলেও খুঁটিনাটি বিষয়গুলো চূড়ান্ত করতে কারিগরি দল সেখানে অবস্থান করবে।

লেবানন যুদ্ধ ও হরমুজ প্রণালির সংকট

গত শুক্রবার লেবাননে নতুন করে যুদ্ধবিরতি ঘোষণা করা হলেও মাঠপর্যায়ে ইসরায়েলি হামলা সম্পূর্ণ বন্ধ হয়নি। এর প্রতিবাদে ইরান গত শনিবার আন্তর্জাতিক জ্বালানি সরবরাহের প্রধান রুট হরমুজ প্রণালি পুনরায় বন্ধ করে দেয়। প্রায় চার মাস ধরে বন্ধ থাকা এই প্রণালির অচলাবস্থা বিশ্বজুড়ে স্মরণকালের সবচেয়ে বড় জ্বালানি সংকট সৃষ্টি করেছে। মার্কিন প্রশাসন প্রণালি বন্ধের দাবি অস্বীকার করলেও শিপিং ডেটা অ্যানালিটিক্স ফার্ম কেপলার জানিয়েছে, রোববার এই রুট দিয়ে মাত্র পাঁচটি জাহাজ চলাচল করেছে, যেখানে তার আগের দিনও ২৬টি জাহাজ পার হয়েছিল।

এদিকে শান্তি আলোচনার এই নড়বড়ে পরিস্থিতির কারণে বিশ্ববাজারে তেলের দাম ব্যারেল প্রতি ১ ডলারের বেশি বেড়ে ৮১ দশমিক ৬৬ ডলারে পৌঁছেছে। তবে বিগত কয়েক দিনের তুলনায় রোববার লেবাননে বড় কোনো সংঘাতের খবর পাওয়া যায়নি। দীর্ঘদিনের যুদ্ধ ও বাস্তুচ্যুতির পর দক্ষিণ লেবাননের মহাসড়কে বাসিন্দাদের গাড়ির বহর নিয়ে নিজ ঘরবাড়িতে ফিরতে দেখা গেছে, যাদের অনেকের হাতেই হিজবুল্লাহর পতাকা শোভা পাচ্ছিল।

কাজে যাওয়ার পথেই লাশ হলেন পাঁচ বন্ধু

২-এর পৃষ্ঠার পর শিশু সন্তান নিয়ে কীভাবে বাঁচবেন, এ চিন্তায় আহাজারি করছেন। নিহতদের লাশ সরকারি খরচে দেশে ফিরিয়ে আনাসহ সরকারের পক্ষ থেকে আর্থিক সহায়তার দাবি জানিয়েছেন নিহতদের স্বজনরা।

এদিকে সড়ক দুর্ঘটনায় পাঁচ জন বাংলাদেশি প্রবাসীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. নুরুল হক। গতকাল রোববার এক শোকবার্তায় প্রতিমন্ত্রী বলেন, দেশের অর্থনীতিতে অবদান রাখা আমাদের এই রেমিট্যান্স যোদ্ধাদের এমন আকস্মিক ও মর্মান্তিক মৃত্যু অত্যন্ত বেদনাদায়ক। আমি নিহতদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবার-পরিজনের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছি। প্রতিমন্ত্রী জানান, নিহতদের মরদেহ দ্রুততম সময়ের মধ্যে দেশে ফিরিয়ে আনতে এবং ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে যথাযথ আর্থিক ক্ষতিপূরণ প্রদানের জন্য সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কাজ করতে কাতার দূতাবাসের শ্রম উইংকে নির্দেশনা দেওয়া হয়েছে।

যুক্তরাষ্ট্রে ট্রাকচাপায় ব্যবসায়ী নিহত: যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় ট্রাকচাপায় এক বাংলাদেশি ব্যবসায়ী নিহত হয়েছেন। গত শনিবার স্থানীয় সময় সকাল ৮টায় নিজ ব্যবসা প্রতিষ্ঠানের সামনে দাঁড়ানো ছিলেন কবির হোসেন। এ সময় বেপরোয়া গতির একটি ট্রাকের চাপায় ঘটনাস্থলেই তিনি নিহত হন। কবির হোসেন মৃধা (৫৫) বরিশালের উজিরপুরে দক্ষিণ মোড়াকাঠী গ্রামের মৃত মেছের উদ্দিন মৃধার ছোট ছেলে এবং শিকারপুর শেরে বাংলা কলেজের সাবেক ছাত্রদল নেতা।

গতকাল রবিবার দুপুরে কবির হোসেনের নিকটাত্মীয় হেমায়েত হাওলাদার নিহতের স্ত্রী রুমা আক্তারের বরাত দিয়ে এই তথ্য জানান। তিনি বলেন, ১৫ বছর আগে ডিভি লটারির মাধ্যমে কবির হোসেন আমেরিকায় যান। ৯ ভাইবোনের মধ্যে কবির হোসেন ছিলেন ছোট। কবির হোসেনের স্ত্রী ও এক ছেলে যুক্তরাষ্ট্রে বসবাস করেন। কবির হোসেন ফ্লোরিডায় ব্যবসা করতেন। মরহুমের ইচ্ছানুযায়ী গ্রামের বাড়ির পারিবারিক কবরস্থানে বাবা ও মায়ের কবরের পাশে তাকে দাফন করা হবে। তার লাশ দেশে আনার প্রস্তুতি চলছে।

নিউইয়র্কে বাড়ছে বাসা ভাড়ার প্রতারণা

প্রথম পৃষ্ঠার পর এই সুযোগে দ্রুত বাসাও সাশ্রয়ী ভাড়া বাসা খুঁজে দেওয়ার সুবিধা দেখিয়ে সক্রিয় হয়ে থাকে প্রতারক চক্র। দিন দিন প্রতারণার সংখ্যা বেড়েই চলছে। সম্প্রতি প্রকাশিত এক প্রতিবেদনে দেখা গেছে, ভুয়া ব্রোকার, অবৈধ অগ্রিম টাকা দাবি এবং ভুয়া অনলাইন বিজ্ঞাপনের মাধ্যমে অনেক ভাড়াটিয়াকে প্রতারণার শিকার হতে হচ্ছে। যা আগে তুলনায় অনেকাংশে বৃদ্ধি পেয়েছে এই প্রতারণার ফাঁদ।

গণমাধ্যম গোথামিস্টের একটি প্রতিবেদনে নিউইয়র্কভিত্তিক এক অনুসন্ধানে এমন এক ব্যক্তির বিরুদ্ধে একাধিক প্রতারণার অভিযোগ উঠে এসেছে, যিনি নিজেকে রিয়েল এস্টেট পরামর্শক হিসেবে পরিচয় দিলেও বহু বছর আগে তার রিয়েল এস্টেট লাইসেন্স বাতিল করা হয়েছিল। অভিযোগ রয়েছে, সম্ভাব্য ভাড়াটিয়াদের কাছ থেকে অগ্রিম অর্থ নিয়ে পরে সেই টাকা ফেরত না দেওয়ার ঘটনা বহুবার ঘটেছে। যদিও অভিযুক্ত এসব অভিযোগ অস্বীকার করেছেন।

রিয়েল এস্টেট বিশেষজ্ঞদের মতে, কোনো অ্যাপার্টমেন্টের ভাড়া যদি আশপাশের তুলনায় অস্বাভাবিক কম হয়, তাহলে সেটিকে সতর্কতার সংকেত হিসেবে দেখা উচিত। একইভাবে বিজ্ঞাপনে যদি সম্পূর্ণ ঠিকানা, লাইসেন্সধারী ব্রোকারের নাম বা প্রতিষ্ঠানের তথ্য না থাকে, তবে সেই তালিকা নিয়ে সন্দেহ করা উচিত।

বিশেষজ্ঞরা আরও বলছেন, নিউইয়র্ক স্টেটের অনলাইন লাইসেন্স ডিরেক্টরিতে ব্রোকারের নাম যাচাই করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। পাশাপাশি গুগল, ইয়েলপ, রেডিট, ফেসবুকসহ বিভিন্ন প্ল্যাটফর্মে তার সম্পর্কে অন্যদের অভিজ্ঞতাও দেখে নেওয়া উচিত। এতে প্রতারণার ঝুঁকি অনেকটাই কমে যায়।

২০১৯ সালের আইনের পর নিউইয়র্কে লিজ স্বাক্ষরের আগে সর্বোচ্চ ২০ ডলারের আবেদন ফি ছাড়া অতিরিক্ত কোনো 'গুড ফেইথ' বা অগ্রিম ডিপোজিট নেওয়া বৈধ নয়। তাই লিজ সইয়ের আগে বড় অঙ্কের অর্থ দাবি করা হলে সেটি বড় ধরনের সতর্ক সংকেত বলে মনে করছেন বিশেষজ্ঞরা।

বিশেষজ্ঞদের মতে, এছাড়া, কোনো ব্রোকার বা এজেন্টকে না দেখে কিংবা অ্যাপার্টমেন্ট সরেজমিনে পরিদর্শন না করে কখনোই টাকা পাঠানো উচিত নয়। বিশেষ করে মানি ট্রান্সফার এর মতো অ্যাপের মাধ্যমে ব্যক্তিগত অ্যাকাউন্টে অর্থ পাঠাতে নিরুৎসাহিত করছেন বিশেষজ্ঞরা। তাদের পরামর্শ, অর্থ সরাসরি বাড়ির মালিক বা অনুমোদিত এসক্রো অ্যাকাউন্টে জমা দেওয়াই সবচেয়ে নিরাপদ। তাদের মতে, যদি কেউ প্রতারণার শিকার হন, তাহলে যত দ্রুত সম্ভব চুক্তিপত্র, অর্থ পরিশোধের রসিদ, ব্যাংক লেনদেনের তথ্য, ইমেইল এবং টেক্সট মেসেজের স্ক্রিনশট সংরক্ষণ করে পুলিশ ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অভিযোগ জানাতে বলা হয়েছে। একই ব্যক্তির বিরুদ্ধে একাধিক অভিযোগ জমা পড়লে আইন প্রয়োগকারী সংস্থার পক্ষে প্রতারণার ধরণ শনাক্ত করে ব্যবস্থা নেওয়া সহজ হয়।

এ ধরনের অভিযোগের ক্ষেত্রে নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব স্টেট, নিউইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেলের অফিস, সংশ্লিষ্ট বরোর ডিস্ট্রিক্ট অ্যাটর্নির কার্যালয়, নিউইয়র্ক সিটির ডিপার্টমেন্ট অব কনজিউমার অ্যান্ড ওয়ার্কার প্রোটেকশন এবং অনলাইনে প্রতারণার ক্ষেত্রে এফবিআইয়ের ইন্টারনেট ক্রাইম কমপ্লেইন্ট সেন্টারেও অভিযোগ করা যায়। অর্থ ফেরত পাওয়ার জন্য ক্ষুদ্র দাবির আদালত বা স্মল ক্লেইমস কোর্টেও মামলা করা সম্ভব হলেও, আদালতের রায়ের পরও অর্থ আদায় করা অনেক সময় কঠিন হয়ে পড়ে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

১২ টি স্টেটে ফুডস্ট্যাম্প বঞ্চিত সাড়ে ৭ লক্ষাধিক শিশু

প্রথম পৃষ্ঠার পর বাজেট ল-এর মাধ্যমে স্ন্যাপ প্রোগ্রামের এক্সপেন্ডিচার ২০৩৪ সাল পর্যন্ত প্রায় ১৮৭ বিলিয়ন ডলার কমানোর সিদ্ধান্ত নেওয়া হয়, যা এই প্রোগ্রামের হিস্টোরির সবচেয়ে বড় বাজেট কাট হিসেবে বিবেচিত হচ্ছে। এই আইনের মাধ্যমে এমপ্লয়মেন্ট-রিলেটেড শর্ত আরও স্ট্রিক্ট করা হয়েছে, অ্যাপ্লিকেশন ও রিনিউয়াল প্রসেসে অতিরিক্ত পেপারওয়ার্ক যোগ হয়েছে এবং স্টেটগুলোর ওপর ফিনান্সিয়াল রেসপনসিবিলিটিও বাড়ানো হয়েছে। এর ফলে অনেক ফ্যামিলি, যারা টেকনিক্যালি এলিজিবল, তারাও বাস্তবে বেনিফিট হারাচ্ছে বা প্রসিডিউরাল জটিলতার কারণে বাদ পড়ছে।

প্রতিবেদনে আরো বলা হয়, নতুন রুলের কারণে অ্যাপ্লিকেশন এবং রিনিউয়াল প্রসেস আরও কমপ্লেক্স হয়ে গেছে। স্টেটগুলো এখন ভুল পেমেন্ট রেট কমানোর জন্য অতিরিক্ত ভেরিফিকেশন এবং ডকুমেন্ট চাচ্ছে, যা অনেক লো-ইনকাম ফ্যামিলির জন্য বড় বাধা হয়ে দাঁড়িয়েছে। ফলে অনেক এলিজিবল ফ্যামিলি টাইমলি অ্যাপ্লাই করতে পারছে না বা প্রয়োজনীয় ডকুমেন্ট জমা দিতে ব্যর্থ হচ্ছে, যার কারণে তাদের বেনিফিট বাতিল বা সাসপেন্ড হচ্ছে।

স্টেট-ওয়াইজ ডাটায় দেখা যায়, অ্যারিজোনায় শিশুদের স্ন্যাপ পার্টিসিপেশন প্রায় ৫৫ পার্সেন্ট পর্যন্ত কমেছে, যা সবচেয়ে বড় ড্রপগুলোর একটি। লুইজিয়ানায় এই হার প্রায় ২২ পার্সেন্ট কমেছে। অন্যান্য অনেক স্টেটেও ডাবল-ডিজিট ডিক্লাইন দেখা গেছে, যা ন্যাশনওয়াইড ট্রেন্ডের ইঙ্গিত দিচ্ছে।

ইউএস ডিপার্টমেন্ট অব এগ্রিকালচার (ইউএসডিএ) এর সেক্রেটারি ব্রুক রোলিন্স দাবি করেছেন, এই পরিবর্তনের মূল উদ্দেশ্য হলো সরকারি অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামে অপচয়, ফ্রড এবং অ্যাবিউজ কমানো। প্রশাসনের মতে, স্ট্রিক্ট রুলের মাধ্যমে শুধুমাত্র রিয়েল এলিজিবল ফ্যামিলিগুলোই বেনিফিট পাবে এবং ট্যাক্সপেয়ারদের মানি সঠিকভাবে ব্যবহার হবে।

তবে সমালোচকরা বলছেন, এই পলিসির সবচেয়ে বড় ইমপ্যাক্ট পড়ছে লো-ইনকাম শিশু ও ফ্যামিলিগুলোর ওপর। তাদের মতে, স্ট্রিক্ট রুল এবং অ্যাডমিনিস্ট্রেটিভ জটিলতার কারণে অনেক আসল বেনিফিশিয়ারিও ফুড অ্যাসিস্ট্যান্স থেকে বাদ পড়ছে। ম্যাসাচুসেটসের কংগ্রেসম্যান জিম ম্যাকগোভার্ন বলেন, ফুড অ্যাসিস্ট্যান্স হারানো পরিবারগুলো বাস্তবে এই সহায়তার ওপর পুরোপুরি ডিপেন্ডেন্ট।

বিশেষজ্ঞরা সতর্ক করে বলেছেন, শিশুদের স্ন্যাপ বেনিফিট কমে যাওয়ার লং-টার্ম ইমপ্যাক্ট খুবই কনসার্নিং হতে পারে। পর্যাপ্ত নিউট্রিশনের অভাবে শিশুদের ফিজিক্যাল গ্রোথ, মেন্টাল ডেভেলপমেন্ট এবং এডুকেশনাল প্রগ্রেস ক্ষতিগ্রস্ত হওয়ার রিস্ক রয়েছে। রিসার্চে দেখা গেছে, স্ন্যাপ বেনিফিট পাওয়া শিশুদের হেলথ এবং স্কুল পারফরম্যান্স তুলনামূলকভাবে ভালো হয়। তাই এই বেনিফিট হারালে ভবিষ্যতে পোভার্টি, ম্যালনিউট্রিশন এবং এডুকেশনাল ইনইক্যুয়ালিটি বাড়তে পারে।

বিশ্লেষকদের মতে, স্ন্যাপ থেকে বাদ পড়া অনেক শিশু একই সঙ্গে ফ্রুল ফ্রি মিল প্রোগ্রামের মতো অন্যান্য অ্যাসিস্ট্যান্স থেকেও বঞ্চিত হতে পারে, কারণ এসব প্রোগ্রামের এলিজিবিলিটি অনেক সময় স্ন্যাপ এর সঙ্গে কানেক্টেড। ফলে একটি বেনিফিট হারানোর পর পরিবারগুলো ধাপে ধাপে আরও অনেক সোশ্যাল সেফটি প্রোগ্রাম থেকে বাদ পড়ার রিস্কে পড়ে যাচ্ছে।

তাদের মতে, ২০২৭ সাল থেকে স্টেটগুলোর ওপর আরও ফিনান্সিয়াল রেসপনসিবিলিটি কার্যকর হলে পরিস্থিতি আরও কঠিন হতে পারে। এতে স্ন্যাপ বেনিফিট পাওয়া আরও ডিফিকাল্ট হয়ে উঠবে এবং এলিজিবল ফ্যামিলিগুলো ভবিষ্যতে আরও বেশি ব্যারিয়ারের মুখোমুখি হতে পারে।

২৫০ জনের আমেরিকান নাগরিকত্ব বাতিলে মামলার উদ্যোগ

প্রথম পৃষ্ঠার পর

অভিবাসন এর বড় নীতিগত পরিবর্তন হিসেবে দেখা হচ্ছে।

ডিওজে কর্মকর্তারা জানিয়েছেন, এই উদ্যোগ মূলত নাগরিকত্ব ব্যবস্থার "অপব্যবহার" রোধ এবং প্রতারণার মাধ্যমে নাগরিকত্ব পাওয়া ব্যক্তিদের চিহ্নিত করার জন্য নেওয়া হয়েছে। বর্তমানে নাগরিকত্ব বাতিল বিষয়ক বিশেষ ইউনিটে সীমিত সংখ্যক আইনজীবী কাজ করলেও, মামলার চাপ বাড়ায় অতিরিক্ত আইনজীবী নিয়োগ দেওয়া হচ্ছে এবং বিভিন্ন ফেডারেল প্রসিকিউটর অফিসকে যুক্ত করা হয়েছে।

প্রশাসনের এক অভ্যন্তরীণ নির্দেশনায় বলা হয়েছে, জাতীয় নিরাপত্তা হুমকি, যুদ্ধাপরাধ, সন্ত্রাসবাদে সম্পৃক্ততা বা গুরুতর প্রতারণামূলক অপরাধকে অগ্রাধিকার দেওয়া হবে। একই সঙ্গে কিছু ক্ষেত্রে আবেদন প্রক্রিয়ায় অপরাধ গোপনের অভিযোগও অন্তর্ভুক্ত রয়েছে।

নাগরিকত্ব বাতিল হলে কী হতে পারে?

আইন বিশেষজ্ঞদের বরাত দিয়ে সিএনএন জানায়, কোনো ব্যক্তির নাগরিকত্ব বাতিল হলে তিনি আবার আগের অভিবাসন অবস্থায় ফিরে যান। অর্থাৎ তিনি সাধারণত স্থায়ী বাসিন্দা (গ্রিন কার্ডধারী) অবস্থায় নেমে আসেন। তবে এ পরিণতি পরিস্থিতিভেদে আরও গুরুতর হতে পারে।

যদি গ্রিন কার্ড বৈধ থাকে, তবে তিনি সাময়িকভাবে যুক্তরাষ্ট্রে থাকতে পারেন । তবে অধিকাংশ ক্ষেত্রে সরকার তার বিরুদ্ধে ডিপোর্টেশন (বহিষ্কার) প্রক্রিয়া শুরু করতে পারে। ডিপোর্ট হলে তাকে তার জন্মদেশ বা পূর্বের দেশেই ফেরত যেতে হয় ও ভবিষ্যতে যুক্তরাষ্ট্রে পুনরায় প্রবেশ বা অভিবাসনের সুযোগ কঠিন হয়ে যায়। কিছু ক্ষেত্রে ব্যক্তির পরিবারও অভিবাসন ঝুঁকিতে পড়তে পারে

আইন অনুযায়ী, যদি কোনো ব্যক্তি নাগরিকত্ব আবেদনকালে গুরুত্বপূর্ণ তথ্য গোপন করেন বা মিথ্যা তথ্য দেন, তবে সরকার আদালতে তার নাগরিকত্ব বাতিলের মামলা করতে পারে। তবে এটি শুধুমাত্র ন্যাচারালাইজেশন প্রক্রিয়ায় পাওয়া নাগরিকত্ব পাওয়া ব্যক্তিদের ক্ষেত্রেই প্রযোজ্য।

তবে সমালোচকরা বলছেন, এই নীতি ভবিষ্যতে আরও বিস্তৃতভাবে প্রয়োগ করা হতে পারে এবং ছোটখাটো অসঙ্গতিকেও বড় অপরাধ হিসেবে দেখানো হতে পারে। যদিও বিচার বিভাগ এ ধরনের আশঙ্কা নাকচ করে বলেছে, সাধারণ ভুল বা ছোটখাটো বিষয়ের কারণে কারও নাগরিকত্ব বাতিল করা হবে না।

আইন বিশেষজ্ঞদের মতে, আদালতে এই মামলাগুলো প্রমাণ করা কঠিন এবং দীর্ঘ আইনি প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হয়। ফলে ব্যাপক সংখ্যায় নাগরিকত্ব বাতিল বাস্তবে কতটা কার্যকর হবে তা নিয়ে প্রশ্ন রয়েছে।

বিশেষজ্ঞদের মতে, গত এক দশকে প্রায় ৮০ লাখ মানুষ ইউএস নাগরিকত্ব অর্জন করেছেন। তবে ট্রাম্প প্রশাসনের এই পদক্ষেপ লাখো অভিবাসী পরিবারের মধ্যে নতুন উদ্বেগ সৃষ্টি করেছে। যদিও প্রশাসনের দাবি, এই অভিযান কেবলমাত্র জালিয়াতি বা বেআইনিভাবে নাগরিকত্ব অর্জনকারীদের বিরুদ্ধেই সীমিত থাকবে।

যুক্তরাষ্ট্রের ব্যয় প্রায় ৪০ বিলিয়ন ডলার: সিএনএন'র বিশ্লেষণ

প্রথম পৃষ্ঠার পর

দাম বেড়ে যাওয়া, মূল্যস্ফীতি বৃদ্ধি এবং কৌশলগত তেল মজুত কমে যাওয়ায় মার্কিন অর্থনীতিতেও উল্লেখযোগ্য চাপ সৃষ্টি হয়েছে।

সিএনএনের প্রতিবেদনে বলা হয়েছে, যুদ্ধের পর যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে একটি প্রাথমিক সমঝোতা হয়েছে এবং আগামী ৬০ দিনের মধ্যে পারমাণবিক কর্মসূচি নিয়ে আরও আলোচনা হবে। এই প্রেক্ষাপটে প্রেসিডেন্ট ট্রাম্প সামাজিক যোগাযোগমাধ্যমে দাবি করেন, তেল সরবরাহ আবার স্বাভাবিক হচ্ছে, ইরান কখনো পারমাণবিক অস্ত্র তৈরি করতে পারবে না, শেয়ারবাজার শক্তিশালী অবস্থায় রয়েছে এবং মূল্যস্ফীতিও কমতে শুরু করেছে।

তবে সিএনএনের বিশ্লেষণে বলা হয়েছে, যুদ্ধের প্রকৃত চিত্র প্রেসিডেন্ট ট্রাম্পের দাবির তুলনায় অনেক বেশি জটিল। ওয়াশিংটনভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর স্ট্র্যাটেজিক এন্ড ইন্টারন্যাশনাল স্টাডিজএর প্রাথমিক হিসাব অনুযায়ী, যুদ্ধ পরিচালনায় যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বিভাগের ব্যয় ৩৫ থেকে ৪০ বিলিয়ন ডলারের মধ্যে ছিল। এই অর্থের মধ্যে ক্ষেপণাস্ত্র, সামরিক সরঞ্জাম, ঘাঁটির ক্ষয়ক্ষতি এবং যুদ্ধসামগ্রীর খরচ অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়া সংঘাতে ১৩ জন আমেরিকান সেনাসদস্য নিহত হন।

প্রতিবেদনে আরও বলা হয়েছে, যুদ্ধ চলাকালে যুক্তরাষ্ট্র বিপুল সংখ্যক ব্যয়বহুল টমাহক ক্ষেপণাস্ত্র ব্যবহার করে, যার প্রতিটির দাম প্রায় ২৫ লাখ ডলার। যুদ্ধের কারণে যুক্তরাষ্ট্রকে প্রতিরক্ষা উৎপাদন বাড়াতে ডিফেন্স প্রডাকশন অ্যাক্টও ব্যবহার করতে হয়েছে।

যুদ্ধের প্রভাব পড়ে জ্বালানি বাজারেও। যুক্তরাষ্ট্রে গ্যাসোলিনের গড় দাম গ্যালনপ্রতি ৩ ডলারের নিচ থেকে বেড়ে ৪ ডলারের বেশি হয়ে যায়। একই সময়ে ডিজেলের দাম ৫ ডলারেরও ওপরে উঠে যায়। ব্রাউন ইউনিভার্সিটি এর এনার্জি কস্ট ট্র্যাকার অনুযায়ী, এই মূল্যবৃদ্ধির কারণে আমেরিকান পরিবারগুলো স্বাভাবিক সময়ের তুলনায় অতিরিক্ত ২৫৩ ডলারের বেশি ব্যয় করেছে। শুধু ডিজেলের মূল্যবৃদ্ধির কারণেই যুক্তরাষ্ট্রে অতিরিক্ত প্রায় ২৭.১ বিলিয়ন ডলার ব্যয় হয়েছে।

প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, যুদ্ধের সময় বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ জ্বালানি রুট হরমুজ প্রণালি কার্যত বন্ধ হয়ে যাওয়ায় বিশ্ববাজারে প্রায় ১.১৫ বিলিয়ন ব্যারেল তেলের সরবরাহ ব্যাহত হয়। এই ঘাটতি পূরণে যুক্তরাষ্ট্র, ব্রাজিল, ভেনেজুয়েলাসহ বিভিন্ন দেশ উৎপাদন বাড়ালেও পরিস্থিতি পুরোপুরি স্বাভাবিক করা সম্ভব হয়নি।

সিএনএনের বিশ্লেষণে আরও বলা হয়েছে, যুদ্ধের কারণে যুক্তরাষ্ট্রের কৌশলগত তেল মজুতও উল্লেখযোগ্যভাবে কমে গেছে। বর্তমানে দেশটির Strategic Petroleum Reserve - স্ট্র্যাটেজিক পেট্রোলিয়াম রিজার্ভ ১৯৮৩ সালের পর সর্বনিম্ন পর্যায়ে নেমে এসেছে। প্রেসিডেন্ট ট্রাম্প নিজেও জি-৭ সম্মেলনে স্বীকার করেন, এই মজুত দ্রুত পুনরুদ্ধার করা না গেলে বড় ধরনের জ্বালানি সংকট তৈরি হতে পারে।

অর্থনীতিতেও যুদ্ধের প্রভাব স্পষ্ট হয়ে ওঠে। সাম্প্রতিক সরকারি তথ্য অনুযায়ী, যুক্তরাষ্ট্রে বার্ষিক মূল্যস্ফীতি আবার ৪ শতাংশের ওপরে উঠে গেছে, যা গত তিন বছরের মধ্যে সর্বোচ্চ। মূল্যস্ফীতি বেড়ে যাওয়ায় ফেডারেল রিজার্ভ সুদের হার কমানোর সিদ্ধান্ত থেকে বিরত থাকে। একই সঙ্গে বেতন বৃদ্ধির তুলনায় দ্রব্যমূল্য দ্রুত বাড়ায় সাধারণ মানুষের ক্রয়ক্ষমতাও চাপে পড়েছে।

অন্যদিকে, শেয়ারবাজার যুদ্ধের ধাক্কা কাটিয়ে আবারও শক্তিশালী অবস্থানে ফিরেছে। তবে বন্ডের সুদের হার বৃদ্ধি পাওয়ায় গৃহঋণ ও অন্যান্য ঋণের সুদ তুলনামূলক বেশি রয়ে গেছে, যা আবাসন বাজারে চাপ সৃষ্টি করছে।

সবশেষে সিএনএন জানিয়েছে, যুদ্ধ শেষ হলেও প্রেসিডেন্ট ট্রাম্পের জনপ্রিয়তায় তেমন ইতিবাচক পরিবর্তন আসেনি। সাম্প্রতিক বিভিন্ন জনমত জরিপের গড় অনুযায়ী, তার সামগ্রিক কাজের প্রতি সমর্থন ৩৭ শতাংশে রয়েছে। অর্থনীতি পরিচালনায় তার প্রতি সমর্থন আরও কম, আর ইরান যুদ্ধ পরিচালনার ক্ষেত্রেও অধিকাংশ ভোটার অসন্তুষ্ট বলে জরিপে উঠে এসেছে।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইসেন্স পুপলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে রুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

(Operate by JH office)



Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

টাইমস স্কোয়ারে প্রকাশ্যে ফের গুলিবর্ষণের ঘটনায় আতঙ্ক

প্রথম পৃষ্ঠার পর

ব্রডওয়ের কাছে গুলিবিদ্ধ হন ১৭ বছর বয়সী এক কিশোর।

সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, বৃহস্পতিবার স্থানীয় সময় বিকেল সাড়ে ৩টার সেভেন্থ অ্যাভিনিউ ও ওয়েস্ট ৪৪তম স্ট্রিটের সংযোগস্থলের কাছে কালো পোশাক পরা অন্তত দুই ব্যক্তি জনাকীর্ণ সড়কে দাঁড়িয়ে প্রকাশ্যে আগ্নেয়াস্ত্র থেকে গুলি ছুড়ছেন। মুহূর্তের মধ্যেই আশপাশে থাকা পর্যটকসহ সকলের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে এবং সবাই নিরাপদ আশ্রয়ের খোঁজে দ্বিগবেদিক ছুটোছুটি শুরু করে। ভিডিওতে আতঙ্কিত মানুষের চিৎকারও শোনা যায়।

নিউইয়র্ক পুলিশ বিভাগ (এনওয়াইপিডি) জানায়, কয়েকজন ব্যক্তির মধ্যে শুরু হওয়া একটি বিরোধ ও হাতাহাতির জেরে গোলাগুলির ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানান, তারা পরপর অন্তত একাধিক গুলির শব্দ শুনেছেন। যদিও এ ঘটনায় কেউ গুলিবিদ্ধ হননি। পুলিশ ঘটনাস্থল থেকে একটি আগ্নেয়াস্ত্র উদ্ধার করেছে এবং একজন সন্দেহভাজন কিশোরকে হেফাজতে নিয়েছে। তবে তাৎক্ষণিকভাবে তার পরিচয় বা সম্ভাব্য অভিযোগ সম্পর্কে বিস্তারিত জানানো হয়নি। তদন্ত অব্যাহত রয়েছে।

৩৮ মিলিয়ন ডলারের মেডিকেইড জালিয়াতির অভিযোগ

প্রথম পৃষ্ঠার পর

ফেডারেল অভিযোগ অনুযায়ী, ২০১৯ সাল থেকে ২০২৫ সালের ডিসেম্বর পর্যন্ত ব্রুকলিনে 'আপনা এডাল্ট ডে-কেয়ার' ও 'আশিয়ানা সোশ্যাল এডাল্ট ডে-কেয়ার' দুটি প্রতিষ্ঠানের মাধ্যমে তারা একটি সুসংগঠিত মেডিকেইড জালিয়াতি চক্র পরিচালনা করেন। অভিযোগে বলা হয়েছে, কম আয়ের মেডিকেইড সুবিধাভোগীদের নগদ অর্থের প্রলোভন দেখিয়ে এসব ডে কেয়ারে নিবন্ধন করানো হতো। বাস্তবে অধিকাংশ ব্যক্তি কখনোই সেখানে উপস্থিত হতেন না, কিন্তু তাদের নামে মেডিকেইডে সেবা প্রদানের ভুয়া বিল জমা দিয়ে প্রায় ৩৮ মিলিয়ন ডলার আদায় করা হয়েছে।

প্রতিবেদনে তদন্তসংশ্লিষ্ট একটি সূত্রের বরাত দিয়ে বলা হয়েছে, তথাকথিত 'মার্কেটাররা' নিউইয়র্ক সিটি হাউজিং অথরিটির আবাসন, বাসস্ট্যান্ড, চিকিৎসকদের চেম্বার এবং নিম্ন আয়ের মানুষের বসবাসকারী এলাকায় ঘুরে মেডিকেইড কার্ডধারীদের খুঁজে বের করতেন। এরপর তাদের বলা হতো শুধু মেডিকেইড কার্ড ব্যবহার করতে দিলেই প্রতি মাসে নগদ অর্থ দেওয়া হবে। রোগী সংগ্রহকারী এসব মার্কেটারও প্রতিটি নিবন্ধনের জন্য কমিশন বা কিকব্যাক পেতেন।

নিউইয়র্ক পোস্টের ভাষ্য অনুযায়ী, অনেক ক্ষেত্রেই নিবন্ধিত ব্যক্তিরা কখনোই ডে কেয়ারে যাননি। এমনকি অভিযোগ রয়েছে, কিছু ব্যক্তি তখন যুক্তরাষ্ট্রেই ছিলেন না। কেউ পাকিস্তান, কেউ মরক্কো কিংবা অন্য দেশে অবস্থান করলেও তাদের নামে মেডিকেইড থেকে অর্থ উত্তোলন অব্যাহত ছিল। তদন্তকারীদের দাবি, পরিবারের সদস্যরাও এই অর্থ গ্রহণ করতেন।

ফেডারেল অভিযোগে বলা হয়েছে, প্রতারণা গোপন রাখতে জাল উপস্থিতি তালিকা তৈরি করা হতো। অনেক দিনের উপস্থিতির হিসাব ভবনের অনুমোদিত ধারণক্ষমতার চেয়েও বেশি দেখানো হয়েছে। এছাড়া পাকিস্তানভিত্তিক কর্মীদের দিয়ে বিলিং কার্যক্রম পরিচালনা করা হতো। অর্থপাচারের জন্য শেল কোম্পানির মাধ্যমে টাকা স্থানান্তর করে সেগুলোকে "Gift", "Dividend", "Medicine" কিংবা "Laddu" নামে লেনদেন হিসেবে দেখানো হতো।

প্রতিবেদনে আরও বলা হয়েছে, ২০২৫ সালের ডিসেম্বরে ফেডারেল কর্তৃপক্ষ APNA ও Ashiana ডে কেয়ারে তল্লাশি চালানোর পর অভিযুক্ত শাজিয়া বিবি, পারভেজ সিদ্দিকী ও শায়ের আলী কর্মীদের নতুন মোবাইল ফোন ব্যবহার করতে এবং পুরোনো ফোনের তথ্য মুছে ফেলতে নির্দেশ দেন বলে অভিযোগ রয়েছে।

নিউইয়র্ক পোস্টের প্রতিবেদনে পারভেজ সিদ্দিকীর রাজনৈতিক যোগাযোগ নিয়েও বিস্তারিত তুলে ধরা হয়েছে। তিনি নিউ জার্সিতে প্রায় ১৫টি ফার্মেসির মালিক এবং বহু বছর ধরে নিউইয়র্কের স্থানীয় ডেমোক্র্যাট রাজনীতিকদের বিভিন্ন প্রচারণায় অনুদান দিয়ে আসছিলেন। নির্বাচনী নথি অনুযায়ী, তিনি অনেক ক্ষেত্রে একেকজন প্রার্থীকে ১০ হাজার ডলারেরও বেশি অনুদান দিয়েছেন।

প্রতিবেদনে আরও দাবি করা হয়েছে, আমেরিকান পাকিস্তানী পাবলিক অ্যাফেয়ার্স কমিটি এর সঙ্গে সম্পৃক্ততার মাধ্যমে তিনি নিউইয়র্কের প্রভাবশালী ডেমোক্র্যাট নেতাদের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে তোলেন।

এছাড়া আপনা কমিউনিটি সেন্টার নামে একটি অলাভজনক প্রতিষ্ঠানের কথাও প্রতিবেদনে উঠে এসেছে। প্রতিষ্ঠানটি প্রবীণ ও অভিবাসীদের সহায়তায় কাজ করে এবং পারভেজ সিদ্দিকী সেখানে বোর্ড চেয়ারম্যান ও সহ-প্রতিষ্ঠাতা হিসেবে দায়িত্ব পালন করতেন। প্রতিবেদনে বলা হয়েছে, চলতি বছরের ফেব্রুয়ারিতে প্রতিষ্ঠানটি ফেডারেল সরকারের কাছ থেকে ৫ লাখ ৩০ হাজার ডলারের একটি অনুদান পেয়েছে। তবে আপনা কমিউনিটি সেন্টার এই ফেডারেল ফৌজদারি মামলার অংশ নয় এবং অভিযোগপত্রেও অলাভজনক প্রতিষ্ঠানটির বিরুদ্ধে কোনো অভিযোগ নেই।

প্রতিবেদনে শাজিয়া বিবির রাজনৈতিক ও সামাজিক কর্মকাণ্ডের বিষয়ও তুলে ধরা হয়েছে। তিনি ব্রুকলিন কমিউনিটি বোর্ড-১৩-এর সদস্য ছিলেন এবং নিজেকে দীর্ঘদিন ধরে 'কমিউনিটি অ্যাকটিভিস্ট' হিসেবে পরিচয় দিতেন। ২০২২ সালে নিউইয়র্ক সিটি কাউন্সিলে দেওয়া এক বক্তব্যে তিনি দাবি করেছিলেন, পাকিস্তানি ও মুসলিম-আমেরিকান সম্প্রদায় পর্যাপ্ত সরকারি সহায়তা পাচ্ছে না।

প্রতিবেদনে আরও উল্লেখ করা হয়েছে, নিউইয়র্কে সোশ্যাল অ্যাডাল্ট ডে কেয়ারকে কেন্দ্র করে এটি প্রথম বড় জালিয়াতির ঘটনা নয়। ২০২৪ সালে ব্রুকলিনের দুটি ডে কেয়ারকে ঘিরে ৬৮ মিলিয়ন ডলারের আরেকটি মেডিকেইড জালিয়াতির মামলা প্রকাশ্যে আসে। এছাড়া ২০২৬ সালের ফেব্রুয়ারিতে কুইন্সের ফ্লাশিং এলাকায় পরিচালিত দুটি ডে কেয়ারকে কেন্দ্র করে ১২০ মিলিয়ন ডলারের আরেকটি দীর্ঘমেয়াদি মেডিকেইড জালিয়াতির অভিযোগে দুই ব্যক্তির বিরুদ্ধে মামলা করা হয়।

তদন্তসংশ্লিষ্ট সূত্রের বরাত দিয়ে নিউইয়র্ক পোস্ট আরও দাবি করেছে, আগের বড় জালিয়াতির মামলায় সংশ্লিষ্ট অনেক তথাকথিত রোগী পরবর্তীতে APNA-তে স্থানান্তরিত হয়েছিলেন। সূত্রটির মতে, এত বড় সংখ্যায় রোগী স্থানান্তর হওয়ার পরও সংশ্লিষ্ট বীমা কোম্পানি বা তদারকি সংস্থাগুলোর নজরে বিষয়টি না আসা বিস্ময়কর।

প্রতিবেদনের শেষাংশে সূত্রটির অভিযোগ উদ্ধৃত করে বলা হয়েছে, নিউইয়র্কে মেডিকেইড ব্যবস্থায় তদারকির ঘাটতি রয়েছে এবং সেই সুযোগে বিভিন্ন পর্যায়ে জালিয়াতি বিস্তার লাভ করেছে। তবে এসব মন্তব্য তদন্তসংশ্লিষ্ট একটি সূত্রের দাবি হিসেবে প্রকাশ করা হয়েছে, আদালতে এগুলোর সত্যতা এখনো প্রমাণিত হয়নি।

ফেডারেল আইনশৃঙ্খলা বাহিনী চলমান তদন্তের কারণে বিস্তারিত মন্তব্য করতে অস্বীকৃতি জানিয়েছে। অভিযুক্তদের আইনজীবীদের পক্ষ থেকেও তাৎক্ষণিক কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

প্রাথমিক নির্বাচনের বিজ্ঞপ্তি আগামীকাল

মঙ্গলবার, ২৩ জুন, ২০২৬

নিউ ইয়র্ক সিটি বোর্ড অফ ইলেকশনস, নির্বাচন আইন ৪-১১৮ এবং ৪-১২২ এর বিধান অনুযায়ী জানাচ্ছে যে, প্রাইমারি নির্বাচন মঙ্গলবার, ২৩ জুন, ২০২৬ তারিখে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

র‍্যাঙ্কড চয়েস ভোটিং

সিটি কাউন্সিল সদস্য পদের প্রাইমারি নির্বাচনে বিজয়ী নির্ধারণের জন্য র‍্যাঙ্কড চয়েস ভোটিং পদ্ধতি ব্যবহার করা হবে।

আপনি ভোট দেওয়ার যোগ্য কিনা জানতে, প্রার্থীদের তালিকা দেখতে, ভোটকেন্দ্র খুঁজতে, নমুনা ব্যালট দেখতে অথবা ব্যালটের জন্য আবেদন করতে ভিজিট করুন:

VOTE.NYC

অথবা টোল-ফ্রি নম্বরে কল করুন: **866-VOTE-NYC** • TTY নম্বর: **(212) 487-5496**
পোল ওয়ার্কার হতে চাইলে ভিজিট করুন: **POLLWORKER.VOTE.NYC**

THE BOARD OF ELECTIONS IN THE CITY OF NEW YORK
Executive Office, 32 Broadway, 7th Floor
New York, NY 10004

কমিসনারস অব ইলেকশনস
Jodi Morales—প্রেসিডেন্ট
Gino A. Marmorato—সেক্রেটারি

Jose Miguel Araujo
Michael J. Coppotelli
Marc A. Landis
Frank R. Seddio
Simon Shamoun
Michele A. Sileo
Keith Sullivan
Frederic M. Umane

ট্রাইব্যুনালে সেনা সদস্যের সাক্ষ্য : ইলিয়াস আলী গুমের ভয়ংকর বর্ণনা

নিজস্ব প্রতিবেদক : বিএনপি নেতা ইলিয়াস আলী গুমের ঘটনায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিরক্ষাবিষয়ক উপদেষ্টা মেজর জেনারেল (অব.) তারিক আহমেদ সিদ্দিক ও তৎকালীন র‍্যাব কর্মকর্তা লে. কর্নেল জিয়াউল আহসানের মধ্যে একটি ফোনালাপ হয়েছিল বলে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে সাক্ষ্য দিয়েছেন সেনা সদস্য মো. ইমরুল কায়েস।

গতকাল রবিবার জিয়াউল আহসানের বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের মামলায় পঞ্চম সাক্ষী হিসেবে সাক্ষ্য দেন ইমরুল কায়েস। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১-এ চলমান এ মামলায় জিয়াউল আহসান একমাত্র আসামি। ইমরুল কায়েসের জবানবন্দির সময় তিনি ট্রাইব্যুনালে উপস্থিত ছিলেন। আওয়ামী লীগের শাসনামলে ২০১০ থেকে ২০১৩ সালের মধ্যে শতাধিক ব্যক্তিকে গুম ও হত্যার তিনটি অভিযোগ আনা হয়েছে তাঁর বিরুদ্ধে।

সাক্ষ্যে ইমরুল কায়েস বলেন, জিয়াউল আহসানের সঙ্গে থাকা অবস্থায় তিনি এক দিন তাঁকে ফোনে কথা বলতে দেখেন।

সে সময় অন্য একটি ফোন এলে জিয়াউল আহসান বলেন, 'তুই রাখ, তারেক স্যার ফোন দিয়েছেন।' পরে তিনি তারিক আহমেদ সিদ্দিকের সঙ্গে কথা বলেন। সাক্ষীর ভাষ্য অনুযায়ী, কথোপকথনের এক পর্যায়ে জিয়াউল আহসান বলেন, 'স্যার, আপনাদের কথামতো ইলিয়াসকে গলফ (গুম বা হত্যা অর্থে ব্যবহৃত কোড) করলাম, এখন আপনারা এমন করলে হবে? এর চেয়ে আমি কমান্ডো মানুষ, আমাকে জঙ্গলে পোস্টিং দিয়ে পাঠাই দেন, এটাই আমার জন্য ভালো।'

২০১২ সালের ১৭ এপ্রিল মধ্যরাতে ঢাকার বনানীর ২ নম্বর সড়ক থেকে ইলিয়াস আলী ও তাঁর গাড়িচালক আনসার আলী নিখোঁজ হন। পরে বনানী থেকে তাঁদের পরিত্যক্ত গাড়ি উদ্ধার করে পুলিশ। বিএনপি শুরু থেকেই এ ঘটনার জন্য তৎকালীন আওয়ামী লীগ সরকার ও র‍্যাবকে দায়ী করে এলেও সরকার তা অস্বীকার করে।

ইমরুল কায়েস ট্রাইব্যুনালকে বলেন, ২০১২ সালের এপ্রিলের মাঝামাঝি সময়ে জিয়াউল আহসানসহ র‍্যাবের কয়েকজন কর্মকর্তা মহাখালী ফ্লাইওভারের নিচে একটি 'টার্গেট' ধরার অপেক্ষায় ছিলেন। সে রাতে অভিযান সফল না হওয়ায় তিনি ছুটিতে যান। ছুটিতে থাকা অবস্থায় গণমাধ্যমে ইলিয়াস আলীর অপহরণের খবর জানতে পারেন।

কর্মস্থলে ফিরে তিনি জানতে পারেন, ওই রাতের অস্ত্রের ইন-আউট রেজিস্টার ও সিসিটিভি ফুটেজ জিয়াউল আহসান নিজেই ধ্বংস করেছেন।

সাক্ষ্যে ইমরুল কায়েস আরো বলেন, ২০১০ থেকে ২০১২ সাল পর্যন্ত তিনি র‍্যাব সদর দপ্তরের ইন্টেলিজেন্স উইংয়ে জিয়াউল আহসানের রানার বা বডিগার্ড হিসেবে দায়িত্ব পালন করেন। ওই সময় তিনি জিয়াউল আহসানের নির্দেশে ও উপস্থিতিতে একাধিক গুম ও হত্যার ঘটনা প্রত্যক্ষ করেন।

এক ঘটনায় তাঁকে উত্তরার র‍্যাব-১ কার্যালয়ের সামনে ডাকা হয়। পরে একটি মাইক্রোবাসে করে টঙ্গীর একটি নির্জন স্থানে নেওয়া হলে গাড়ির ডিকি থেকে একটি বস্তা নামাতে বলা হয়। ইমরুলের ভাষ্য, 'বস্তা নামানোর উদ্দেশ্যে হাত দিলে দেখি সেটি বস্তা না, বরং একটা ডেড বডি ছিল এবং ঠাণ্ডা ছিল।' পরে মরদেহটি রেললাইনে রেখে দেওয়া হয় এবং কিছুক্ষণের মধ্যে একটি ট্রেন সেটির ওপর দিয়ে চলে যায়।

সাক্ষ্যে তিনি আরো দাবি করেন, ২০০৯ সালে বিডিআর বিদ্রোহের পর 'অপারেশন রেবেল হান্ট'-এর সময় কয়েকজন বিডিআর সদস্যকে হত্যা করা হয়। তাঁদের শরীরে ইনজেকশন প্রয়োগ করে বুড়িগঙ্গা নদীর তীরে নিয়ে মাথায় গুলি করে নদীতে ফেলে দেওয়া হতো। ২০১২ সালের শুরুতেও একইভাবে ১১ জনকে হত্যা করা হয় বলে তিনি দাবি করেন।

এ ছাড়া সুন্দরবনে জলদস্যু দমন অভিযান, রাজধানীর উত্তরায় কথিত ক্রসফায়ার ও জাফলং সীমান্ত থেকে আনা কয়েকজনকে হত্যার ঘটনাসহ আরো কয়েকটি ঘটনার বর্ণনা দেন তিনি।

সাক্ষ্যের এক পর্যায়ে আবেগাপ্লুত হয়ে পড়েন ইমরুল কায়েস। তিনি ট্রাইব্যুনালকে বলেন, 'আমি দেশের জন্য শপথ গ্রহণ করেছি, প্রশিক্ষণও নিয়েছি, তবে তা কখনোই দেশের মানুষকে হত্যা করার জন্য নয়। আমি রানার হিসেবে তাঁর সঙ্গে থেকে দেখেছি, তিনি ওই সময়ে ১৫০ থেকে ২০০ জনকে বিভিন্ন পন্থায় হত্যা করেছেন। আমি বিবেকের তাড়নায় এবং সুষ্ঠু বিচারের স্বার্থে জবানবন্দি প্রদান করেছি। আমি ন্যায়বিচার প্রত্যাশা করি। কোনো সৈনিককে কখনোই যেন আমার মতো পরিস্থিতির সম্মুখীন হতে না হয়।'

সাক্ষ্যগ্রহণের সময় ট্রাইব্যুনালে উপস্থিত ছিলেন চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম, প্রসিকিউটর মিজানুল ইসলামসহ অন্য প্রসিকিউটররা।

প্রধানমন্ত্রীর ফ্লাইটে ফের

৫-এর পৃষ্ঠার পর

ফ্লাইটের দায়িত্ব দেওয়া হলো জানতে চাইলে বিমানের পরিচালক (ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট) এয়ার কমোডর মো. মনজুর-ই-আলম যুগান্তরকে বলেন, সাইফুজ্জামান খান একজন দক্ষ ও অভিজ্ঞ প্রকৌশলী। তিনি নিরাপত্তা ছাড়পত্রপ্রাপ্ত। অফিস আদেশ মোতাবেক ২৭ জুন তাকে অব্যাহতি দেওয়া হবে এবং তিনি ১ জুলাই চট্টগ্রামে যোগদান করবেন।

তদন্ত প্রতিবেদনে যা ছিল : গত বছরের ২৫ ডিসেম্বর তৎকালীন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমানকে বহনকারী বিশেষ ভিভিআইপি ফ্লাইট বিজি-২০২-এ উড্ডয়নের আগে জ্বালানি ব্যবস্থায় (ফুয়েল সিস্টেম) ত্রুটির সতর্কবার্তা পাওয়া যায়। অভিযোগ রয়েছে, সেই সতর্কবার্তা উপেক্ষা করে উড়োজাহাজটিকে উড্ডয়নের অনুমোদন দেওয়া হয়েছিল।

পরবর্তীতে বিমানের তিন সদস্যের উচ্চপর্যায়ের তদন্ত কমিটির প্রতিবেদনে সাইফুজ্জামান খানের সিদ্ধান্তকে 'গুরুতর সিদ্ধান্তগত ত্রুটি' এবং 'দায়িত্বজ্ঞানহীন' বলে উল্লেখ করা হয়। এছাড়া প্রতিবেদনে বিমানের দুই প্রকৌশলী হীরালাল এবং মো. সাইফুজ্জামান খানের ভূমিকা নিয়েও প্রশ্ন তোলা হয়। তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেওয়ার সুপারিশও করা হয়। অথচ সেই হীরালাল এখনো বহাল তবিয়তে আছেন।

একই প্রতিবেদনে প্রকৃত ত্রুটির কারণ শনাক্ত না করে পর্যায়ক্রমে তিনবার জেনারেটর পরিবর্তনের মাধ্যমে প্রায় ২৬ কোটি টাকা ব্যয়ের বিষয়টি নিয়েও প্রশ্ন উত্থাপন করা হয়। তদন্ত কমিটির পর্যবেক্ষণ ছিল, ওই ঘটনায় মাঝ আকাশে বড় ধরনের দুর্ঘটনা কিংবা অগ্নিকাণ্ডের ঝুঁকি তৈরি হয়েছিল। যদিও বিমানটি সৌভাগ্যক্রমে শেষ পর্যন্ত নিরাপদে দেশে ফিরে আসে।

এ বিষয়ে জানতে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব ফাহমিদা আক্তার এবং বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যবস্থাপনা পরিচালক কাইজার সোহেল আহমেদের সঙ্গে মুঠোফোনে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তারা ফোন রিসিভ করেননি। পরে হোয়াটসঅ্যাপে প্রশ্ন পাঠানো হলেও প্রতিবেদন লেখা পর্যন্ত দুজনের কারোরই কোনো বক্তব্য পাওয়া যায়নি।

হাউজিং মর্টগেজ ইন্টারেস্ট

৩-এর পৃষ্ঠার পর

ব্যবহারের সুযোগ এবং নির্দিষ্ট কিছু অর্থনৈতিক নিষেধাজ্ঞা শিথিল করার বিষয়ও এতে অন্তর্ভুক্ত রয়েছে।

তবে সমালোচকদের অভিযোগ, এই চুক্তিতে ইরানের পারমাণবিক অবকাঠামো ভেঙে ফেলার কোনো তাৎক্ষণিক বাধ্যবাধকতা রাখা হয়নি, বরং উল্লেখযোগ্য ছাড় দেওয়া হয়েছে।

রিয়েলটর ডটকম এর সিনিয়র অর্থনীতিবিদ অ্যান্থনি স্মিথ বলেন, গত কয়েক সপ্তাহে যুদ্ধ পরিস্থিতি নিয়ে একের পর এক ইতিবাচক ও নেতিবাচক খবর আসছিল। তবে সর্বশেষ সমঝোতাটি আগের যেকোনো সময়ের তুলনায় বেশি আশাব্যঞ্জক হওয়ায় আর্থিক বাজারে ইতিবাচক প্রতিক্রিয়া দেখা যাচ্ছে।

এদিকে, ফেডারেল রিজার্ভ সম্প্রতি তাদের নীতিগত সুদের হার অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নিয়েছে। মূল্যস্ফীতি এখনো কেন্দ্রীয় ব্যাংকের ২ শতাংশ লক্ষ্যমাত্রার ওপরে থাকায় সুদ কমানোর পথে হাঁটেনি ফেড।

নতুন চেয়ারম্যান কেভিন ওয়ার্শ-এর নেতৃত্বে ফেড প্রথমবারের মতো সুদের হার ৩.৫ থেকে ৩.৭৫ শতাংশ সীমায় অপরিবর্তিত রেখেছে। জানুয়ারি, মার্চ ও এপ্রিলেও একই ধরনের সিদ্ধান্ত নেওয়া হয়েছিল।

ফেড জানিয়েছে, জ্বালানি খাতসহ বিভিন্ন খাতে সরবরাহজনিত চাপ মূল্যস্ফীতিকে উঁচু অবস্থানে ধরে রেখেছে। তাই মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে না আসা পর্যন্ত সতর্ক অবস্থান বজায় রাখা হবে।

বিশ্লেষকদের মতে, মর্টগেজের সুদের হার সরাসরি ফেডের নীতিগত সুদের সঙ্গে নির্ধারিত না হলেও, ১০ বছরের ট্রেজারি বন্ডের ফলনএবং বৈশ্বিক অর্থনৈতিক পরিস্থিতির ওপর এটি ব্যাপকভাবে নির্ভর করে।

অ্যান্থনি স্মিথের ভাষায়, নতুন ফেড চেয়ারম্যানের অবস্থান ইঙ্গিত দিচ্ছে যে ভবিষ্যতে সুদের হার নিয়ে আগাম কোনো স্পষ্ট নির্দেশনা দেওয়া হবে না। এতে দীর্ঘমেয়াদে বাজারে স্থিতিশীলতা আসতে পারে, তবে স্বল্পমেয়াদে অনিশ্চয়তা থাকায় মর্টগেজের সুদের হার খুব দ্রুত কমে যাওয়ার সম্ভাবনা কম।

তবে বর্তমান পরিস্থিতিতে সুদের সাম্প্রতিক এই পতন বাড়ি কিনতে আগ্রহী ক্রেতাদের জন্য ইতিবাচক সংকেত হিসেবে বিবেচিত হচ্ছে। বিশেষ করে যেসব পরিবার দীর্ঘদিন ধরে সুদের হার কমার অপেক্ষায় ছিল, তাদের জন্য এখন আবাসন বাজারে প্রবেশের সুযোগ কিছুটা সহজ হতে পারে।

ব্রুকলিনের চার্চ-ম্যাকডোনাল্ড এবং জ্যামাইকাতে বাংলাদেশী ডাক্তার
INAMULHAQUE M SABOOR,MD
USCIS Designated Civil Surgeon
Board Certified Internal Medicine
সেবাসমূহ
❖ জেনারেল চেক আপ ❖ ইকেজি
❖ ডায়াবেটিস ❖ বয়স্ক ভেক্সিনেশান
❖ হাইপারটেনশন ❖ হজ্ব ভেক্সিনেশান
❖ হাই কোলেষ্টরল, এজমা ❖ ব্লাড টেষ্ট ❖ TLC EYE EXAM
আমাদের অফিসে বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার বসেন
Saboor Waizun Medical PC
আমরা প্রায় সকল প্রকার ইন্সুরেন্স গ্রহন করি
BROOKLYN 486 MCDONALD AVE BROOKLYN, NY 11218 PH: (718) 247-7226 Sat, Tues and Thursday: 12:00PM- 7:00PM
JAMAICA 87-12 167TH ST JAMAICA, NY 11432 PH: (718) 558-0280 Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

We Speak বাংলা, English, हिन्दी العربية
ALAM MEDICAL
লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।
Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician
আমাদের সেবাসমূহ :
• হেলথ চেকআপ।
• দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
• রোগ প্রতিষেধক টিকা প্রদান।
• শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
• নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।
আমাদের সাথে যোগাযোগ করুন
Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com

মেলা মেলা মেলা

বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশন আয়োজিত

GOLDEN AGE STREET FAIR 2026

সাত সমুদ্র তের নদী বাঙালিয়ানা নিরবধি

১১তম বাংলা মেলা ২০২৬



উদ্বোধক ও প্রধান অতিথি

শাহ্ নেওয়াজ

চেয়ারম্যান, ট্রাস্টিবোর্ড, বাংলাদেশ সোসাইটি
প্রেসিডেন্ট ও সিইও, গোল্ডেন এজ হোম কেয়ার ইন্ক
প্রেসিডেন্ট, গ্লোবাল এনআরবি চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি
ফার্স্ট ভাইস ডিস্ট্রিক্ট গভর্নর, লায়নস ইন্টারন্যাশনাল
প্রেসিডেন্ট এন্ড সিইও, এনওয়াই কার লিমো সার্ভিসেস ইন্ক
এডিটর এন্ড পাবলিসার, সাপ্তাহিক আজকাল

বিশেষ অতিথি:

আতাউর রহমান সেলিম

সভাপতি, বাংলাদেশ সোসাইটি

ভেন্যু: PURDY STREET

BTWN Metropolitan Ave & ST. Raymond Ave

BRONX, NY

28 June 2026, Sunday

12 PM to 9 PM

বিশেষ আকর্ষণ

Live Music
Stall
and more



নৃত্যে-মায়া এঞ্জেলিনা

Title Sponsor

GOLDEN AGE HOME CARE

Licensed Home Health Care Agency

১১তম বাংলা মেলা প্রস্তুতি কমিটি ২০২৬

মাকসুদা আহমেদ — আহ্বায়ক
সালমা সুমি — প্রধান সমন্বয়কারী
সোহেল আহমদ — সদস্য সচিব
শাহ্ কামাল উদ্দিন — যুগ্ম আহ্বায়ক
মিথিলা শারমিন বাঁধন — সহযোগী সমন্বয়ক
মায়া এঞ্জেলিনা — যুগ্ম সদস্য সচিব

সদস্য: লোকমান হোসেন লুকু, সৈয়দ ইলিয়াস খসরু, রেহানুজ্জামান রেহান, জে মোল্লা সানি, এমডি আলাউদ্দিন, জুবায়ের আহমেদ, চৌধুরী মুমিত তানিম, এমডি লুৎফুর রহমান, শেখ শাকিল হোসেন শিমুল, শহিদুল ইসলাম ভূইয়া, দুলাল রহমান, জুবায়ের আহমেদ

সার্বিক তত্ত্বাবধানে: আব্দুল হাসিম হাসনু ও আহবাব চৌধুরী খোকন

স্টল উপকমিটি

মোহাম্মদ রনি — আহ্বায়ক
রায়হান জামান রানা — যুগ্ম আহ্বায়ক
শাহ্ ইকবাল রাজু — যুগ্ম আহ্বায়ক

মঞ্চ ও অভ্যর্থনা উপ কমিটি

আহমেদ ফয়সল — আহ্বায়ক
আমিনুল ইসলাম বান্টি — যুগ্ম আহ্বায়ক
নজমুল ইসলাম — যুগ্ম আহ্বায়ক

আপনারা সকলে সাদরে আমন্ত্রিত

স্টলের জন্য যোগাযোগ

আব্দুল হাসিম হাসনু — ৬৪৬-৫৪১-৮৫৯১
আহবাব চৌধুরী খোকন — ৯১৭-৯৬৯-১৯৯১

প্রচার ও প্রকাশনা উপ কমিটি

মো: লিয়াকত আলী — আহ্বায়ক
ইস্কন্দর আলী মিন্টু — যুগ্ম আহ্বায়ক
আশিকুল হক — যুগ্ম আহ্বায়ক

Gold Sponsor



মিডিয়া পার্টনার:

TIME television | বাংলা পত্রিকা | ঠিকানা | TUSHAR PIC-O-TARA | DESH | আজকাল | sylhetview24.com | রোকন আহমেদ USA 24 NEWS

Sponsors

Starling Diagnostics
1480 East Avenue, Bronx, NY 10462
(718) 319-1610
starling SP pharmacy
2098 Starling Ave. Bronx
NY 10462, Tel: 718 244 7300

Gree Mechanical Yonkers
914-222-9477, 914-989-0089
1900 Central Park Ave,Yonkers NY 10710

FATEMA BROTHERS GROUP
Fakrul Islam Delwar

718-721-2012

MEADOWBROOK
Akib Hussain
32-73 31st Street (Store Front), Astoria, NY 11106

Al Aqsa Restaurant
WE DO DELIVER+CATERING FOR ALL OCCASIONS!
Open 7 Days
2107 Starling Avenue, Bronx, NY 10462
Tel: 718-904-7061, Cell: 347-612-0519, 973-666-9530

BD AUTO REPAIR & COLLISION
MD. ALAMGIR HOSSAIN | 646-387-2124

NAIM TUTUL
Mortgage Banker
NMLS # 2349932
(631) 576-4380

Moinul Islam
Realtor
917-535-4131

Parkchester Bronx Realty, Inc.
Parkchester Property Management, Inc.
DOS NYS Lic. Real Estate Team

Bilal Chowdhury
Real Estate Investor
718-749-4045

Moynu Zaman Chowdhury
Real Estate Investor
212-202-0505

Neerob Restaurant & Bar Chinese
2096 Starling Avenue
Bronx, NY 10462
(347) 761-4868
Backtier R. Khokon

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
Ahad Ali, CPA
Tel: 929-371-9915

Big Design Pro. Tel: 646-645-6904

সারওয়ার চৌধুরী
সভাপতি, 347-398-1563

শুভেচ্ছান্তে

শাহ্ বদরুজ্জামান রুহেল
সাধারণ সম্পাদক, 646-391-7967

আয়োজনে

বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশন ইন্ক
Bangladeshi American Cultural Association Inc
501(C) (3) Nonprofit Charitable Organization
www.bacaus.com

মুন্সীগঞ্জ বিক্রমপুর অ্যাসোসিয়েশনের অভিষেক-পুনর্মিলনী









শেষ পৃষ্ঠার পর

মুখ আর জন্মভূমির স্মৃতি নিয়ে সাজানো হয়েছিল এই আয়োজন। একই ছাদের নিচে মিলিত হয়ে যেন এক মুহূর্তের জন্য সকলে ফিরে যান পদ্মাপাড়ের সেই চেনা আঙিনায়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনের সাবেক সভাপতি এম আজিজ। নতুন কমিটির অভিষেক অনুষ্ঠানে নবনির্বাচিত সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন কাজী এম আর খান সেলিম, সাধারণ সম্পাদক মাসুদ রানা তপন সহ নির্বাহী কমিটির সদস্যরা।

অনুষ্ঠানে বক্তারা জানান, মুন্সীগঞ্জ জেলার ছয়টি থানার বিভিন্ন মসজিদের মাধ্যমে প্রবাসী সদস্যদের মৃত্যুর পর কাফনের কাপড়সহ দাফনের সম্পূর্ণ খরচ বহন করবে সংগঠন ড় যা প্রবাসে থাকা প্রতিটি পরিবারের জন্য এক বড় মানসিক স্বস্তির বার্তা বলে উল্লেখ করেন তারা। নতুন কমিটির নেতৃত্বে নিউইয়র্কে নিজস্ব 'বিক্রমপুর ভবন' নির্মাণেরও আশাবাদ ব্যক্ত করা হয় অনুষ্ঠানে, যা ভবিষ্যতে সংগঠনের কার্যক্রম পরিচালনা ও কমিউনিটির মিলনস্থল হিসেবে কাজ করবে বলে আশা প্রকাশ করেন নেতারা।

বক্তারা আরও বলেন, আগামী প্রজন্মকে সাথে নিয়ে সকলে একবদ্ধভাবে এগিয়ে যাওয়াই এখন সময়ের দাবি ড় যেন মাতৃভূমির শিকড় ও পরিচয় নতুন প্রজন্মের মাঝেও ছড়িয়ে পড়ে।

অনুষ্ঠানে কমিউনিটি বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, এটর্নি মইন চৌধুরী ঢাকা জেলা এসোসিয়েশনের সভাপতি দুলাল বেহেদু, নোয়াখালী সোসাইটির সাধারণ সম্পাদক এএসএম মাঈন উদ্দিন পিন্টু, সন্দীপ সোসাইটির প্রেসিডেন্ট ফিরোজ আহমেদ নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাবের সভাপতি জেএফএম রাসেল সহ আরও অনেক।

অনুষ্ঠানে সংগীত ও নৃত্য পরিবেশন করেন প্রবাসের বিশিষ্ট শিল্পীগোষ্ঠী। সুর ও তালের মূর্ছনায় মুগ্ধ হন উপস্থিত দর্শক-শ্রোতারা।









নিউইয়র্কে যাত্রা শুরু হলো মুসলিম কমিউনিটির ‘বাংলাদেশ সেমিট্রি’






শেষ পৃষ্ঠার পর উদ্বোধন এবং বিক্রিত কবরের মালিকানা হস্তান্তর উপলক্ষে এক সুধী সমাবেশের আয়োজন করা হয়। একই দিনে বাংলাদেশি কমিউনিটির এক প্রয়াত সদস্যের দাফনের মধ্য দিয়ে কবরস্থানের আনুষ্ঠানিক কার্যক্রমও শুরু হয়।

আয়োজকরা জানান, প্রায় ১২৬ একর জমির ওপর গড়ে ওঠা এই কবরস্থানে পর্যায়ক্রমে এক লাখেরও বেশি কবর নির্মাণের পরিকল্পনা রয়েছে। ইতোমধ্যে প্রথম ও দ্বিতীয় পর্যায়ে প্রায় ৭০ হাজার কবর প্রস্তুতের কাজ সম্পন্ন হয়েছে। ভবিষ্যতে প্রয়োজন অনুযায়ী অবকাঠামো ও সেবা আরও সম্প্রসারণ করা হবে। অনুষ্ঠানে বাংলাদেশ সেমিট্রির বাস্তবায়ন প্রক্রিয়ার দীর্ঘ পথচলা, বিভিন্ন চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে বক্তব্য রাখেন বৃহত্তর নোয়াখালী সোসাইটির সভাপতি জাহেদ মিন্টু। তিনি বলেন, প্রবাসী মুসলিম বাংলাদেশিদের জন্য একটি স্থায়ী ও মর্যাদাপূর্ণ কবরস্থানের প্রয়োজনীয়তা দীর্ঘদিনের। সেই স্বপ্ন বাস্তবে রূপ পেয়েছে বাংলাদেশ সেমিট্রির মাধ্যমে।

অনুষ্ঠান পরিচালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক এএসএম মাইন উদ্দিন পিন্টু। এ সময় সংগঠনের বর্তমান ও সাবেক নেতৃবৃন্দের মধ্যে ২৬-এর পৃষ্ঠায় দেখুন
















নিউইয়র্কে 'ঠিকানা ফুটবল টুর্নামেন্ট'





শেষ পৃষ্ঠার পর

সম্প্রীতি ও সাংস্কৃতিক বন্ধনের এক অনন্য মিলনমেলায় পরিণত হয়েছে।

১৪ জুন রোববার নিউইয়র্কের রেঙ্ডালস আইল্যান্ডের আইকান স্টেডিয়ামের ১০ নম্বর মাঠে টুর্নামেন্টের আনুষ্ঠানিক উদ্বোধন করেন ঠিকানার সম্পাদকমণ্ডলীর সভাপতি ও সাবেক সংসদ সদস্য এম এম শাহীন।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সাধারণ সম্পাদক মো. আলী, অ্যাটর্নি মঈন চৌধুরী, বীর মুক্তিযোদ্ধা আব্দুল মুকিত চৌধুরী, বাংলাদেশি স্পোর্টস কাউন্সিল অব আমেরিকার প্রতিষ্ঠাতা সভাপতি ও বোর্ড অব ট্রাস্টিজ সদস্য মনজুর আহমদ চৌধুরী, প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক ও বোর্ড অব ট্রাস্টিজ সদস্য আব্দুর রহিম বাদশা এবং বোর্ড অব ট্রাস্টিজ সদস্য আজম চৌধুরী, মো. বড় ভূঁইয়া, আনোয়ার হোসেন, জুনেদ চৌধুরী, আব্দুল হাছিম হাসনু, মহিউদ্দিন দেওয়ান, জুলফিকার চৌধুরী, মখন মিয়া ও রিভারটেলের কো-ফাউন্ডার ইয়াসির।

এ ছাড়া উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির বোর্ড অব ট্রাস্টিজ সদস্য নাইম টুটুল, সদস্য হারুন চেয়ারম্যান, বাংলাদেশি স্পোর্টস কাউন্সিল অব আমেরিকার সাবেক সহ-সভাপতি কাজী এলিন, সদস্য নওশাদ, সহ-সভাপতি মো. জুয়েল আহমদ, সহ-সাধারণ সম্পাদক এ. মুকিত রিমন ও আব্দুল কাদের লিপু, সাংগঠনিক সম্পাদক সাহেল মিয়া, দপ্তর সম্পাদক রাহুল বড়ুয়া এবং সদস্য জাহাঙ্গীর হোসেন জয়নুল, মো. ইকবাল আহমদ খোকন, সাইদুল ইসলাম রিয়াদ, মীর জাকির হোসেন, অনু ইমতিয়াজ কবির ও মো. শওকত প্রমুখ।

বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধি, ক্রীড়াবিদ, স্পন্সর, গণমাধ্যমকর্মী এবং বিপুলসংখ্যক প্রবাসী বাংলাদেশির উপস্থিতিতে উদ্বোধনী অনুষ্ঠান প্রাণবন্ত হয়ে ওঠে। অনুষ্ঠানের শুরুতে শিশু-কিশোর সংগঠন 'চারুকণ্ঠ' বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সংগীত পরিবেশন করে।

উদ্বোধনী অনুষ্ঠানে সম্প্রতি নিহত পুলিশ কর্মকর্তা দিদারুলের পিতা ও সন্তানরাও উপস্থিত ছিলেন। এ সময় তাদের প্রতি গভীর সমবেদনা ও শ্রদ্ধা জানানো হয়।

আয়োজকরা জানান, তিন দশকেরও বেশি সময় ধরে প্রবাসী বাংলাদেশিদের মধ্যে খেলাধুলার চর্চা, পারস্পরিক সৌহার্দ্য বৃদ্ধি এবং নতুন প্রজন্মকে ইতিবাচক কর্মকাণ্ডে সম্পৃক্ত করার লক্ষ্যে বাংলাদেশি স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সেই ধারাবাহিকতার অংশ হিসেবেই এবার আয়োজন করা হয়েছে 'ঠিকানা ফুটবল টুর্নামেন্ট-২০২৬'।

টুর্নামেন্টে মোট নয়টি দল অংশ নিচ্ছে। উদ্বোধনী ম্যাচে ওজন পার্ক ফাইটার্স ক্লাবের মুখোমুখি হয় সন্দীপ ইউনাইটেড। রোমাঞ্চকর এই ম্যাচে ২-০ গোলের জয়ে শুভসূচনা করে সন্দীপ ইউনাইটেড।

দিনের দ্বিতীয় ম্যাচে আয়সাব এফসি মুখোমুখি হয় নোয়াখালী টাইগার্সের। একতরফা আধিপত্য বিস্তার করে আয়সাব এফসি ৩-০ গোলের ব্যবধানে জয় তুলে নেয়।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা বলেন, প্রবাসে বেড়ে ওঠা নতুন প্রজন্মকে নিজেদের সংস্কৃতি ও শিকড়ের সঙ্গে সম্পৃক্ত রাখতে খেলাধুলার বিকল্প নেই। ফুটবল শুধু একটি খেলা নয়; এটি প্রবাসী বাংলাদেশিদের মধ্যে ভ্রাতৃত্ববোধ, সামাজিক সংযোগ এবং সুস্থ বিনোদনের একটি গুরুত্বপূর্ণ মাধ্যম।





প্রধান অতিথি এম এম শাহীন বলেন, বিশ্বকাপের বৈশ্বিক উন্মাদনার মধ্যেও নিউইয়র্কে বাংলাদেশিদের নিজস্ব ফুটবল টুর্নামেন্ট আয়োজন প্রমাণ করে যে প্রবাসী সমাজ কেবল অর্থনৈতিকভাবে নয়, ক্রীড়া ও সাংস্কৃতিক ক্ষেত্রেও নিজেদের স্বতন্ত্র পরিচয় গড়ে তুলেছে।

তিনি আরো বলেন, আমরা কয়েকজন মিলে ১৯৮৭ সালে ডাউনটাউনে প্রথম ফুটবল খেলা শুরু করেছিলাম। পরবর্তীতে কমিউনিটির ক্রীড়া সংগঠকরা কঠোর পরিশ্রম ও নিষ্ঠার মাধ্যমে প্রায় তিন দশক ধরে এই ফুটবল আয়োজনের ধারাবাহিকতা বজায় রেখেছেন। তাদের প্রতি আমি আন্তরিক কৃতজ্ঞতা জানাই।

টুর্নামেন্টের সফল উদ্বোধনে অবদান রাখায় অংশগ্রহণকারী নয়টি দলের ম্যানেজার, কোচ, অ্যাডমিন, খেলোয়াড়, স্পন্সর, গণমাধ্যমকর্মী ও অতিথিদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেছে বাংলাদেশি স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা।

সংগঠনের পক্ষ থেকে বিশেষভাবে ধন্যবাদ জানানো হয় বোর্ড অব ট্রাস্টিজ ও কার্যনির্বাহী পরিষদের সকল নেতৃবৃন্দকে। তাদের সম্মিলিত প্রচেষ্টা ও নিবেদিত কর্মপরিকল্পনার ফলেই 'ঠিকানা ফুটবল টুর্নামেন্ট-২০২৬'-এর উদ্বোধনী অনুষ্ঠান প্রবাসী বাংলাদেশিদের ক্রীড়াঙ্গনে এক স্মরণীয় অধ্যায় হয়ে থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন আয়োজকরা।



ইমিগ্রেশন ও আপনি



এটর্নি শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোনো প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

অতি সম্প্রতি আমরা ইউএসসিআইএস এর নতুন স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের বিষয় নিয়ে আলোচনা করেছি। এ্যাডজাস্টমেন্ট অব স্ট্যাটাস সম্পর্কে যুক্তরাষ্ট্রের নতুন পলিসি নিয়ে নানাভাবেই পূর্বে আলোচনা হয়েছে এবং ইউইউএসসিআইএস স্ট্যাটাস এ্রাডজাস্টমেন্টের নতুন নীতি স্মারক প্রকাশ করেছে এই নিয়মের দ্বারা ৭০ বছরের বেশি সময় ধরে বিদ্যমান আইন পরিবর্তন করা হয়েছে বা যুক্তরাষ্ট্রে বসবাসরত ব্যক্তিদের গ্রি-নকার্ড পাওয়ার জন্য যুক্তরাষ্ট্র ত্যাগ না করেই বিশেষ প্রক্রিয়ার মাধ্যমে গ্রিনকার্ড লাভ করা যাবে।

এখন প্রশ্ন দেখা দেয়াকে এই নতুন নিয়ম কোন্ কোন্ আবেদনকারীর উপর প্রভাব ফেলবে? ইউএসসিআইএস স্মরকে বলা হয়েছে যে– যে কোন আবেদন প্রত্যাখ্যান করার ক্ষমতা ইউএসসিআইএসএ'র থাকবে। এর মধ্যে কারা অন্তর্ভূক্ত থাকবে– বা এ ব্যাপারে যারা অন্তর্ভূক্ত থাকেবে-এর প্রশ্নের উত্তরও প্রকাশিত হয়েছে এবং পুনরায় আপনাদের জিজ্ঞাসার প্রেক্ষিতে উল্লেখ করা যায় যেমন– যুক্তরাষ্ট্রের নাগরিক এবং বৈধ পার্মানেন্ট রেসিডেন্টদের অব্যবহিত আত্মীয় অর্থাৎ স্পাউস, পিতামাতা এবং সন্তানাদি।

নন ইমিগ্রান্ট ভিসাধারী ব্যক্তি অথবা প্যারোল এবং ফ্রামিলি আবেদন যাদের অনুমোদিত হয়েছে;

নন-ইমিগ্রান্ট স্ট্যাটাস থেকে কর্মচারিদের কর্ম-ভিত্তিক আবেদন;

ডাইভারসিটি ভিসা প্রার্থীদের আবেদন।

কতিপয় বিশেষ ইমিগ্রান্ট যেমন ধর্মীয় কর্মী, যে সব ব্যক্তি আইএনএ'র ২৪৫ ধারা টিপিএস ডিগ্রীধারী অথবা প্যারেলে যুক্তরাষ্ট্রে অবস্থান করছে যেমন আফগান এবং ইউক্রোনিয়াম প্যারোল অথবা ডিএসিএ (ডাকা) এ্যাডভান্স প্যালোলের পর্যটক।

এখানে উল্লেখ করা হয়েছে যে, রাজনৈতিক আশ্রয়প্রার্থী রিফিউজীদের উপর এই নীতি প্রযোজ্য হবে না।

এ প্রসঙ্গে আলোচনা হয়েছে যে এই নতুন নীতি কখন থেকে কার্যকর হবে– আর এই নতুন নীতি অনেক প্রশ্নের জন্ম দিয়েছে। যেমন কীভাবে আর কাদের উপর এই নতুন নীতি প্রয়োগ করা হবে?

অনেক বিশেষজ্ঞ বিশ্বাস করেন যে, নতুন এই পলিসি প্রয়োগের বিষয়ে ইউএসসিআইএস আরো নীতি মালা প্রদান করবে।

এইআইএসএ'র মতে তাদের কিছু সদস্য রিপোর্ট করেছে যে নতুন কোনো প্রকাশের দিন থেকেই এটা কার্যকর হতে শুরু করেছে। কিন্তু ইউএসসিআইএস এর মধ্যে অনুরোধ করেছে যে নতুন মেমো ভিত্তিক প্রমাণ এবং এ্যাডজাস্টমেন্টের সময় প্রশ্ন করা ব্যক্তির প্রসেসিং এর সময় সাড়া পাওয়া যাচ্ছে না। আর সেই সাথে তাদের স্ট্যাটাসের মেয়াদ শেষ হলেও নিজ দেশে ফিরে যাচ্ছে না। এ ব্যাপারে আগেও প্রকাশিত বিষয় নিয়ে লেখা হলো।

জুলাই ২০২৬ ভিসা বুলেটিন

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) জুলাই ২০২৬'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে জুলাই ২০২৬'র পরিবারভিত্তিক ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো।

উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে প্রায়োরিটি তারিখ ঐ তারিখের পূর্বে।

জুলাই ২০২৬'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে কিছু পরিবর্তন হয়েছে।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেস

প্রথম (এফ-১) ● ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা ঃ

ফেব্রুয়ারি ০১, ২০১৮।

দ্বিতীয় ● পার্মানেন্ট রেসিডেন্টদের স্পউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ ● (এফ-২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান ঃ

জানুয়ারি ০১, ২০২৫।

বি ● (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের (২১ বছর বা উর্ধ বয়সী), অবিবাহিত পুত্র-কন্যা ঃ নভেম্বর ২২, ২০১৭।

তৃতীয় ● (এফ-৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা ঃ

এপ্রিল ১৫, ২০১২।

চতুর্থ ● (এফ-৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন ঃ

জানুয়ারি ০১, ২০০৯।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

সর্বশেষে আমাদের পরামর্শ হচ্ছে, ইমিগ্রেশন বিষয়ে যে কোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ এর আগে প্রয়োজন বোধে একজন অভিজ্ঞ, দক্ষ ইমিগ্রেশন এটর্নির সাথে আলোচনা করা ভালো।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানাঃ
২২৫ ব্রডওয়ে (১৬ তলা), নিউইয়র্ক ১০০০৭।
ফোনঃ ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্সঃ ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইলঃ kazmiandreeves@gmail.com
[Law office of Kazmi & Reeves]
225 Broadway, (16th floor)

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (16th floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

কোলাহলের ভিতর
বিমল গুহ

দিনযাপনের কোলাহলের ভিতর
আমার হারানো শব্দগুলো
সারাবেলা ডিগবাজি খায়
মগজের তল্লাটে হুমড়ি খেয়ে পড়ে;
সহজে ওদের আমি
আত্ম-অধিকারে আর আনতে পারিনি এতকাল;
তারা চায় আবরণহীন পরিবেশ
ছিমছাম ঝুলবারান্দা সূর্য-আঁকা ভোর
পাখি-ওড়া বিস্তৃত প্রান্তর।

যে-কবিতা দিনযাপনের কোলাহলের ভিতর
হারিয়েছিলাম একদিন দরিয়ানগর সৈকতে
যে-কবিতা পতেঙ্গার দীর্ঘ বালুচরে
জলজ উদ্ভিদ হয়ে ছিলো উল্লসিত;
অপঠিত সেইসব উজ্জ্বল চরণ– আজ
খুঁজে পাই নুড়ি ও পাথরে
দেখি– সদর্পে উঁকি দেয় শব্দের উপমা
মাথা তুলে সামনে দাঁড়ায়
আর আমি
পালাক্রমে পাঠ করি জীবনের গল্প অনুক্ষণ।

উড়ালহীনা
দুখু বাঙাল

একজোড়া আলতা পরা পায়ের আলোয় আমার মায়ের ঘরটা
আলোকিত হলো না কোনোদিন; সুযোগ পেলেই মা বলতেন-
'একটা কানাকুয়ার জন্য পাগল হইলি ব্যাডা'
অথচ ময়ালে কত্তো পাখি- বউ কথা কও, দোয়েল কিংবা ময়না।
অপূর্ণ বাসনা নিয়ে মা চলে যাবার পর থেকে
রুমালি রুটির মতো বিস্তৃত হতে থাকল আমার দুঃখের বাগান।
শেষ পর্যন্ত বাঁশ বাগানের কানাকুয়া তুমি-
তুমিই না এসে উঠলে মা-জননীর এই ঘরে!
তুমি ডাকলে নাকি জোয়ার ফেরে নদীতে নদীতে
কী অদ্ভুত কথন!
ধপ করে পড়ে গিয়ে কানাকুয়া খুঁজতে থাকে মাটির পরশ
ফের কষ্টক্লিষ্টের উড়াল শেষে বসে এসে চেনাজানা ডালে;
এই তার পৃথিবী, কিছুতেই বেশিদূর যাওয়া হয় না তার
যে অর্থে পাখিরা ওড়ে- সে উড়াল কানাকুয়া শেখেনি কখনো।
কানাকুয়ার মতো একটা নিরীহ পাখি কেন যে আমার মায়ের
মনেই ধরল না, তা এতদিনেও জানার সুযোগ হলো না আমার।
স্বেদ-বিছানার সাঁতার শেষে চক্ষু বুঝে নেতিয়ে গেলে তুমি
ললাটজুড়ে আঙুল টেনে আপন মনে লিখতে থাকি আমি-
তুমি আমার একজীবনের উড়ালহীনা পরানপাখি, পরানপাখিটিই।

সোনামূখী সূচ
দিলীপ কির্ত্তুনিয়া

ছোটবেলায় মা আমাকে বলেছিল
বাবুই পাখির বাসায় সোনামুখী সূচ থাকে।
এই সূচ দিয়ে ওরা ঐ বাসা বানায়
সোনামুখী সূচ দিয়ে গাঁথা বলে
বাসাটি এত চমৎকার হয়।

বাবুই পাখিকে কে না জানে শিল্পী পাখি
বাবুই পাখির বাসাকে কে না জানে শিল্পীত কাজ
তালগাছের মাথায় থোকা থোকা বাতাসে দোলে
বাসার দরজার সামনে মা বাবুই বসে থাকে।
নীচ থেকে দেখলে অপূর্ব লাগে!

মার কথাটি শোনার পর থেকে চোখে ঘুম নেই
বাবুই পাখির বাসার সোনামুখী সূচ আমার চাই
প্রতিদিন সকালে একবার তালতলায় যাই
গিয়ে দেখি কোথাও কোনো বাসা ঝরে পড়লো কিনা
একবার গাছে উঠতে ইচ্ছে হয়
একবার মনে হয় যদি ডানা থাকতো!

বহুদিন অপেক্ষার পর
অবশেষে একদিন একটা বাসা
সত্যি সত্যি পড়লো ঝরে।
তন্ন তন্ন করে খুঁজলাম
এর মধ্যে সোনামুখী সূচ আছে কিনা।
কিন্তু কোথাও পেলাম না
হতাশ হয়ে মার কাছে যেতেই
মা বলল-- বাসা ছেড়ে যাওয়ার আগে
ওরা সূচটাকে ঠোঁটে করে নিয়ে গেছে।

আমার বোদলেয়ার
মামুন সুলতান

আমি বোদলেয়ারের শহর খুঁজি পুস্তকের পাতায়
মা খুঁজে বেড়াচ্ছেন গ্রামে যাওয়ার পথ
মা মনে করেন চারদেয়ালে পোষা মনে
উঠানে বিছানো রোদ ধারণ করতে পারে না।

মোরগের ডাক আর হাঁসের প্যাঁওপ্যাঁও উচ্ছ্বাসে
মায়ের হার্টবিট ওঠে আর নামে
আশ্চর্য দুটিপথের মাঝখানে আমি দাঁড়িয়ে

শহরের গলিপথে মাকড়সার জালে আমি বিঁধে যাই
তখন মায়ের শাদা আঁচল খুঁজে পেরেশান হই
টাইকোট পড়া সময় লুঙ্গির প্যাচে মুখ লুকায়
গামছায় হাত মুছতে মুছতে মাকে চুমু খাই।

বোদলেয়ার
তোমার প্রিয় প্যারিসে আমার জন্য ফ্ল্যাট বানাও
মাকে বলেছি
তোমার সন্তান যাবে দ্রষ্টব্য ছাড়িয়ে আকাশ ছুঁতে
শাড়ি ঘোচাতে ঘোচাতে মা গ্রামের পথে
আমি বোদলেয়ারের প্রতিকী অন্বেষায়।

বিবর্ণ ক্যানভাসে বিচ্ছেদের আলাপ
আবু আফজাল সালেহ

অন্ধকার। গভীর অন্ধকারে ঝুলে আছে বিপদ
জলের আয়নায় সব দেখা যায় না--ধূসর।
সমুদ্রের অগণিত ঢেউ আছড়ে পড়ে তীরে
গায় বিচ্ছেদের গান। নীরব ডানা মেলে আকাশে
অজস্র বলাকা। বলাকার দল প্রশ্নবোধক আঁকে শুধু।
সূর্যও ঢলে পড়ে আকাশে একসময়
এঁকে দেয় পতনের আগে বর্ণচ্ছটা।

বর্ণচ্ছটা বলো কিংবা ধূসর কিংবা আছড়ে-পড়া ঢেউ
অথবা নীরব ডানা-- সবই তো বিবর্ণ ক্যানভাস--রূপ-রূপান্তর।

এসো হই না বাউল
মান্নান নূর

এসো, হই না বাউল,
এমন ফাগুন দিনে আগুনরাঙা শিমুল
নিজকে ভুলে ভুলেই থাকি,
ভুলের তোড়ে পলাশ দেখে হই যে ব্যাকুল।

এসো, বাঙালি হই,
সবুজ ধানের পাতা-দোলা হাওয়ার মতোই
প্রাণটা রাখি ক্ষেতের আলে,
রোদ-বিছানো সবুজ গাছের পাতাতে রই।

আহা, কৃষ্ণচূড়া!
চোখ-ধাঁধানো সাজানো রঙ, তোড়া তোড়া,
পলাশ মাখি এই মাটিমায়
অঙ্গ শীতল খোলা হাওয়ায় প্রাণটা জুড়া।

VOTE FOR

Mary

JOBAIDA

for NY State Assembly

DEMOCRAT FOR

ASTORIA & LIC

www.maryforassembly.com

PAID FOR BY MARY J


VOTE
JUNE
23RD
EARLY
VOTING:
SAT 6.13 – SUN 6.21
BAIDA FOR ASSEMBLY

সম্মানিত বাড়ির মালিকগণ
আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে

নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদান বাসায় অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?



নতুন বছর উপলক্ষে ৫০% সেল

১০ হাজার ডলারের রিভেট

লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন।



তোফায়েল চৌধুরী

স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকন্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন

এই অত্যাধুনিক সিস্টেম-এ আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে

GREE MECHANICAL YONKERS

আমাদের কল করুন
914-222-9477 or 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710

শুভ উদ্বোধন

সানম্যান-এর নতুন লোকেশন
29-13 36 Ave, Long Island city, NY-11106

sunman express
global money transfer

সানম্যান এক্সপ্রেস -এর এস্টোরিয়া ব্রাঞ্চের স্থান পরিবর্তন ও নতুন লোকেশনের শুভ উদ্বোধন করতে যাচ্ছি আমরা।

উক্ত উদ্বোধন অনুষ্ঠানে আপনার উপস্থিতি আন্তরিকভাবে কামনা করছি!



8th NOVEMBER| FRIDAY 2:00 PM

718-729-0600

বিনীত নিবেদকঃ
মাসুদ রানা তপন
প্রেসিডেন্ট ও সিইও, সানম্যান গ্লোবাল এক্সপ্রেস

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.



Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

646-920-4799

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য

- ব্যক্তিগত পরামর্শ
- ফ্রি এপ্রোভাল
- ইন্টারেস্ট রেট কম
- ফাস্ট ক্লোজিং
- ইনভেস্টমেন্ট
- দ্রুত এবং বিশ্বস্ত



139-27 Queens Blvd, Jamaica, NY 11435

Akib Hussain



TiME TV PLUS
TV BOX ১৫০+ চ্যানেল



নন-স্টপ বিনোদনকে হ্যালো বলুন





অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো

Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- ক্রেটাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাণিজ্যিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মান্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get 25% Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Quality Education Is Our Priority!

Congratulations to all our Students who made into Specialized High School

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা যে কোন নতুন ব্যবসা শুরুসহ বিনিয়োগে মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

মাত্র ১ মিলিয়ন বা তারচেয়ে ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিশ্বব্যাপী এদেশে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে অন্যদেশে সহজে পাঠাতে পারেন।

দেশে কোন জোলপূর্ণ সম্পত্তি/পরিবারের দায় আপনি ও আপনার পরিবার থেকে উত্তরাধিকার সুবিধা নিতে পারেন এবং দুবছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এমাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্টনারশিপ ইনকর্পো, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্রাসাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplic@gmail.com, Web: www.k-lplic.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন ষ্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation:
  Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting:
  Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file
IRS AUTHORIZED E-FILE PROVIDER

Wasi Choudhury, EA
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member : naea



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ব পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেট ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

নারায়ণগঞ্জ সমিতির বাংলা বর্ষবরণ ও ঈদ পুর্নমিলনী



শেষ পৃষ্ঠার পর

এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সংগঠনের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব মতিউর রহমান। তিনি ফিতা কেটে অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন সংগঠনের সাবেক সভাপতি ও উপদেষ্টা মোহাম্মদ মোহসীন। এ ছাড়া অনুষ্ঠানে অতিথি হিসাবে সংগঠনের সাবেক সভাপতি ও উপদেষ্টাদের মধ্যে বক্তব্য রাখেন মোহাম্মদ আলী (বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক), মোহাম্মদ মজিবুর, শামসুল আলম লিটন ও মির্জা ফরিদ উদ্দিন। এ ছাড়া শুভেচ্ছা বক্তব্য রাখেন মুক্তিযোদ্ধা আজিমুর রহমান এবং ম্যারিল্যান্ড থেকে আগত রাজনৈতিক নেতা এটিএম কামাল। বক্তরা প্রবাসে নারায়ণগঞ্জবাসীদের সৌহার্দ্য-সম্প্রীতি ধরে রেখে ঐক্যবদ্ধ থাকার আহবান জানান। তারা নারায়ণগঞ্জের উন্নয়নে রাজনৈতিক নেতাদের প্রতি জোরালো ভূমিকা রাখার আহবানও জানান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের সাধারণ সম্পাদক কামাল হোসেন টিটু এবং সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি মোস্তফা জামাল টিটু। অনুষ্ঠান পরিচালনা করেন সাংবাদিক ও লেখক দর্পণ কবীর।

এই অনুষ্ঠান পরিণত হয় প্রবাসী নারায়ণগঞ্জবাসীদের মিলনমেলায়। আড্ডা, গান, নৃত্য ছিল অন্যতম আকর্ষণ। এ ছাড়া ছিল নারীদের বালিশ নিক্ষেপ খেলা। এই অনুষ্ঠান সফল করতে বিশেষভাবে ভূমিকা রেখেছেন রিয়েল স্টেট ব্যবসায়ী মোশতাক আহমেদ নিউটন, সাবেক ছাত্রনেতা এস.এম. সায়েম মিঠু, ব্যবসায়ী রাফাত হোসেন, সংগঠক দোলন খন্দকার, রিয়েল স্টেট ব্যবসায়ী আশিক হোসেন কবির, ব্যবসায়ী মাহফুজ আহমেদ মনসুর প্রমুখ। সভাপতির ভাষণে এ কথা উল্লেখ করে তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন মোস্তফা জামাল টিটু। সংগঠনের ইসি কমিটির কর্মকর্তারা আগতদের দুপুরের খাবার পরিবেশ করার সময় বিনয়পূর্ণ আতিথিয়াটার পরিচয় দেন।

উল্লেখ্য, শুক্রবার অনুষ্ঠান হওয়ায় আয়োজকরা মাঠে জুম্মার নামাজের ব্যবস্থা করেছিলেন। এই নামাজে মুসলিম পুরুষ ও নারী অংশ নেয়। --- প্রেস বিজ্ঞপ্তি





PROFESSIONAL JOB TRAINING

Are you ready to build a high-demand career in international trade?

We can train you to become a qualified candidate for a white-collar job

Job description

- Customs Entry Writer
- Import Compliance Manager
- Accounting Jobs

Program Details

- Duration: 1-Year Online Course
- Total: 48 Classes (2 Hours Each)
- Format: Live Online Training

Eligibility Requirements:

- Minimum 4-year bachelor's degree (or currently completing one) from a U.S. college/university or overseas must be needed.
- Applicants must qualify before enrolling in this professional training program.
- Training fee for a one-year program: $7500.00

Please contact:
Swati: 281-701-7457, FIRST97DAYS LLC
25325 Borough Park Dr. Suite 238, The Woodlands TX 77380

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনক.

917-282-9256

Email: moinlaw@gmail.com

Moin Choudhury, Esq

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(ফোন অফিস কি সেয়া হয় না)
Immigration

(To Schedule Appointment Only)



Timothy Bompart
Attorney at Law

Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com

Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩

ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

KAKATUA AGENCY 25th Anniversary 1990 2015

KAKATUA AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorised IRS e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

OUR SERVICES ARE:

- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে

প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়



নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



আমরা প্রেসক্রিপশন এবং ফার্মেসী

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট, **TLC/Motor Vehicle Exam,** মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

পিপিএল ও স্টেট হেলথ বিভাগের বিরুদ্ধে মামলা

শেষ পৃষ্ঠার পর জর্জিয়ার আলফারেটাভিত্তিক আর্থিক ব্যবস্থাপনা প্রতিষ্ঠান পিপিএল ২০২৪ সালের অক্টোবরে সিডিপ্যাপ পরিচালনার চুক্তি পায়। তবে শুরু থেকেই এই রূপান্তর নানা বিতর্ক, গণমামলা, নিবন্ধনের সময়সীমা বাড়ানো, কোম্পানির প্রেসিডেন্টের পদত্যাগ এবং আদালতের অস্থায়ী নিষেধাজ্ঞাসহ বিভিন্ন সমস্যায় জড়িয়ে পড়ে।

ডিওজে এর অভিযোগ অনুযায়ী, পিপিএল দরপত্র জমা দেওয়ার সময় খরচ, প্রস্তুতি এবং কর্মসূচি বাস্তবায়নের সক্ষমতা নিয়ে মিথ্যা বা বিভ্রান্তিকর তথ্য দিয়েছে। কোম্পানিটি দাবি করেছিল তাদের নিজস্ব সফটওয়্যার প্রস্তুত রয়েছে, অথচ অভিযোগ অনুযায়ী সফটওয়্যারটি দরপত্র জমা দেওয়ার পর তৈরি করা হয় এবং পরে এতে ব্যাপক প্রযুক্তিগত ত্রুটি দেখা দেয়। এছাড়া কোম্পানিটি পর্যাপ্ত আর্থিক সক্ষমতা থাকার দাবিও করেছিল। প্রতি সদস্যের জন্য প্রতি মাসে ৬৮.৫০ ডলার পারিশ্রমিক নেওয়ার প্রস্তাব দিয়েছিল, তার বাইরে অতিরিক্ত যেসব অর্থ কোম্পানিটি পেয়েছে, সেগুলোর ওপরও আদালতের মাধ্যমে স্থগিতাদেশ আরোপের অনুরোধ করা হয়েছে।

মামলায় আরও অভিযোগ করা হয়েছে, দরপত্র প্রক্রিয়া আনুষ্ঠানিকভাবে শুরু হওয়ার আগেই পিপিএল-কে কার্যত নির্বাচিত করা হয়েছিল। এ ধরনের অভিযোগ আগে থেকেই উঠেছিল। ২০২৪ সালের ডিসেম্বরে নিউইয়র্কের কংগ্রেসম্যান রিচি টরেসও বিষয়টি নিয়ে তদন্তের আহ্বান জানিয়ে চিঠি পাঠিয়েছিলেন।

ডিওজে আরও অভিযোগ করেছে, পিপিএল প্রতি ঘণ্টার সেবার খরচ থেকে অল্প অল্প করে অর্থ কেটে অতিরিক্ত মুনাফা অর্জনের একটি কৌশল ব্যবহার করেছে। যেহেতু সিডিপ্যাপ-এর আওতায় বছরে প্রায় ৩৫ কোটি ঘণ্টা সেবার বিল করা হয়, তাই প্রতি ঘণ্টায় মাত্র কয়েক সেন্ট করেও কোটি কোটি ডলার অতিরিক্ত আয় করা সম্ভব হয়েছে বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে।

মামলায় বলা হয়েছে, পিপিএল এর পরিচালনাগত ব্যর্থতার কারণে কেয়ার গিভাররা সময়মতো বেতন পাননি বা আগের তুলনায় কম পারিশ্রমিক পেয়েছেন। অনেক রোগী তাদের পছন্দের পরিচর্যাকারী হারিয়েছেন এবং কেউ কেউ বাধ্য হয়ে নার্সিং হোমে যেতে বাধ্য হয়েছেন বা পরিবারের সদস্যদের কাছ থেকে আলাদা হয়ে পড়েছেন।

এছাড়া ডিওজে আরো অভিযোগ করেছে, চচখ এবং নিউইয়র্কের স্বাস্থ্য বিভাগ যৌথভাবে এই পুরো প্রক্রিয়ার অনিয়ম গোপন করতে বিভ্রান্তিকর তথ্য প্রচার করেছে এবং দরপত্রের আগেই সমন্বয়ের বিষয়টি আড়াল করার চেষ্টা করেছে।

মামলায় বিচার বিভাগ আদালতের কাছে পিপিএল এর নির্দিষ্ট কিছু তহবিল জব্দ করার নির্দেশ, স্থায়ী নিষেধাজ্ঞা এবং প্রয়োজনে কোম্পানির কার্যক্রম পরিচালনার জন্য একজন রিসিভার (প্রশাসক) নিয়োগের আবেদন জানিয়েছে।

মামলায় নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথের কমিশনার ড. জেমস ম্যাকডোনাল্ড এবং মেডিকেইড পরিচালক আমির বাসিরিকেও আসামি করা হয়েছে।

নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ অভিযোগগুলোকে 'ভিত্তিহীন' ও 'রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত' বলে দাবি করেছে। সংস্থাটি বলেছে, প্রশাসন শত শত অপ্রয়োজনীয় মধ্যস্থতাকারীকে বাদ দিয়ে CDPAP-কে আর্থিক সংকট থেকে রক্ষা করেছে এবং এতে করদাতাদের অর্থ সাশ্রয় হয়েছে। আদালতও প্রতিযোগিতামূলক দরপত্র প্রক্রিয়াকে আইনসম্মত বলে স্বীকৃতি দিয়েছে বলে তাদের দাবি।

অন্যদিকে পিপিএল এক বিবৃতিতে অভিযোগ অস্বীকার করে জানায়, তারা একটি স্বচ্ছ ও প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচিত হয়েছে এবং নিউইয়র্কের শত শত হাজার বাসিন্দার জন্য CDPAP কর্মসূচিকে আরও জবাবদিহিমূলক ও আধুনিক করতে কাজ করেছে। কোম্পানিটি জানায়, আদালতে তারা যথাযথভাবে নিজেদের অবস্থান তুলে ধরবে।

নিউইয়র্কে যাত্রা শুরু হলো মুসলিম কমিউনিটির 'বাংলাদেশ সেমিট্রি'

১১-এর পৃষ্ঠার পর উপস্থিত ছিলেন হাজী মফিজুর রহমান, নাজমুল হাসান মানিক, খোকন মোশাররফ, হাজী আব্দুল মান্নান, মাইনুল উদ্দিন মাহবুবসহ আরও অনেকে।

অনুষ্ঠানের একপর্যায়ে বিভিন্ন প্রতিষ্ঠান ও সংগঠনের কাছে বিক্রিত কবরগুলোর মালিকানা আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়। পরে মরদেহ দাফনের মধ্য দিয়ে কবরস্থানের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করা হয়। এ উপলক্ষে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়, যেখানে মুসলিম উম্মাহর শান্তি, সমৃদ্ধি এবং প্রয়াতদের মাগফিরাত কামনা করা হয়।

অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, প্রধান নির্বাচন কমিশনার আবু নাছের, সাবেক সভাপতি এম আজিজ, ট্রাস্টি বোর্ড সদস্য নাঈম টুটুল এবং সন্দ্বীপ সোসাইটির সভাপতি ফিরোজ আহমেদসহ বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় সংগঠনের নেতৃবৃন্দ।

উপস্থিত বক্তারা বলেন, প্রবাসে বসবাসরত মুসলিম বাংলাদেশিদের জন্য নিজস্ব কবরস্থানের অভাব দীর্ঘদিনের একটি বাস্তবতা ছিল। বাংলাদেশ সেমিট্রি সেই শূন্যতা পূরণ করবে এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি স্থায়ী ঐতিহ্য হিসেবে প্রতিষ্ঠিত হবে।

তারা আরও বলেন, এটি শুধু একটি কবরস্থান নয়; বরং প্রবাসী মুসলিম বাংলাদেশিদের আত্মপরিচয়, ঐতিহ্য এবং ধর্মীয় মূল্যবোধের প্রতীক। প্রবাসের মাটিতে শেষ বিদায়ের জন্য একটি মর্যাদাপূর্ণ ও স্থায়ী ব্যবস্থা নিশ্চিত করার মাধ্যমে বাংলাদেশ সেমিট্রি কমিউনিটির জন্য এক নতুন দিগন্তের সূচনা করল।

প্রবাসের সর্ববৃহৎ এই উদ্যোগকে অনেকেই বাংলাদেশি কমিউনিটির ইতিহাসে একটি মাইলফলক হিসেবে অভিহিত করেছেন। তাদের মতে, এই সেমিট্রি ভবিষ্যৎ প্রজন্মকে শিকড়ের স্মৃতি ও নিজস্ব পরিচয়ের সঙ্গে সংযুক্ত রাখার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।



MATRIMONIAL SERVICE
(NYC REGISTERED)



নিউইয়র্ক সিটির রেজিষ্টার্ড কাজী
নিউইয়র্ক যে কোন ব্যুরোতে
* শরীয়ত সম্মত বিবাহ পড়ানো হয়।
* প্রয়োজনীয় ডকুমেন্টের জন্য ম্যারেজ সার্টিফিকেট প্রদান করা হয়।
Contact
QAZI ASHRAF HASAN
Phone: (929) 705 2645

Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD
Akash Medical Care
Internal & Geriatric Medicine
হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist
পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon
FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM
79 Church Avenue, Brooklyn, NY 11218

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services
Tax
Accounting
Immigration
*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ



Shafi Chowdhury
Consultant
167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

আবশ্যক

দোভাষী আবশ্যকঃ ম্যাডিকেল অফিসে দোভাষী আবশ্যক। ৩৫ ডলার ঘন্টা দুই ঘন্টা মিনিমাম। বাংলা- ইংরেজী।
Ebt Associates. Text করুন ৯১৭ ৫৭৫ ৬১২৫

আবশ্যকঃ জ্যাকসন হাইটস এ মেডিকেল অফিসে লাইসেন্স ফিজিসিয়ানের সাথে কাজ করার জন্য লাইসেন্সধারী একজন ফিজিসিয়ান এ্যাসিস্ট্যান্ট (চঅ) নিয়োগ দেয়া হবে। বাংলা জানতে হবে। যোগাযোগঃ ৬৪৬-৫৩৩-২১০২.

লোক আবশ্যকঃ
Smoke shop, Lotto convinience store এ কাজ জানা অভিজ্ঞ ফুল টাইম কাজের লোক আবশ্যক। বেতন ক্যাশ পে করা হবে। Address: 408, 83rd St, Elmhurst, NY 11373. Cell: 929-355- 1461.

লোক আবশ্যকঃ
সাবওয়ে রেস্টুরেন্টে এর জন্য রাতের জন্য (Over night) লোক আবশ্যক। ফোনঃ ৩৪৭-৩৬৯-১০৬৬.

আবশ্যকঃ
সাবওয়ে রেস্টুরেন্টে কাজের জন্য অভিজ্ঞ লোক প্রয়োজন। ভালো ইংরেজি জানতে হবে। 25- 27B parsons blvd. Cheque payment only.। ফোন- ৩৪৭-২১৭-০৪৭২ (জেরি)।

আবশ্যকঃ
ম্যানহাটানে অবস্থিত ক্যান্ডি স্টোরের জন্য লোক আবশ্যক। যোগাযোগঃ ৯১৭-৭১৪-২৩৬০, ৯১৭-৪০০-৭৯১১.

আবশ্যকঃ
এস্টোরিয়াতে অবস্থিত ইঞ্জুরি ল' অফিসের জন্য অভিজ্ঞ সেক্রেটারি প্রয়োজন। প্রার্থীকে ইঞ্জুরি ল' অফিসের কর্মের সার্টিফিকেট দিতে হবে। যোগাযোগ: ৭১৮-২৬৭-১৮০০
southeasternmgm@gmail.com

পাত্র-পাত্রী

পাত্রী চাইঃ ফ্যামিলি-ওরিয়েন্টেড, ভদ্র, সায়েন্টিস্ট (পিএইচডি অধ্যায়নরত-**CS**), বয়সঃ ২৭, উচ্চতাঃ ৫'৮", কমপ্লেক্সশনঃ উজ্জ্বল শ্যামলা, পার্মানেন্ট রেসিডেন্ট পাত্রের জন্যে কমপ্যাটিবল পাত্রী চাই। পাত্র ব্রিফলি ডিভোর্সড।
যোগাযোগঃ
abdurrahman.bd144@gmail.com (পাত্র নিজে)

পাত্র চাইঃসম্ভ্রান্ত মুসলিম পরিবারের ইউএসএ সুন্দরী, শিক্ষিত পাত্রীর জন্য শিক্ষিত পাত্র আবশ্যক। যাদের স্টুডেন্ট ভিসা আছে তাদের কে অগ্রাধিকার দেয়া হবে। কল করুন-৩৪৭-৪০০-৮৮০১.

হাউজ কিপিং জব করতে চাই

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগঃ গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোনঃ ৩৪৭-৮৪৯-৭৫৪৯
অথবা ৩৪৭-৮৪৯-৭৫২৩

রুমমেট

রুম ভাড়াঃ
জ্যাকসন হাইটস এলাকায় ৭ সাবওয়ের সন্নিকটে এলমহার্স্ট এভিনিউতে ফার্নিচারসহ দোতলায় ১টি রুম কর্মজীবী পুরুষের নিকট ১লা এপ্রিল হতে ভাড়া হবে। কিচেন, বাথ শেয়ারে। ফোনঃ ৩৪৭-৬২৬-৯০১৮.

রুম ভাড়াঃ
জ্যামাইকায় হিলসাইড এভিনিউ ও ১৬৯ স্ট্রীট এফ ট্রেন সাবওয়ে এবং সিটি ব্যাংকের নিকটে আলাদা একটি বড় রুম ভাড়া হবে অধূমপায়ী ব্যাচেলর এর নিকট এখনই। যোগাযোগঃ ৬৪৬-৩০২-৩২২০

রুম ভাড়া :
হিলসাইড ২৪১ স্ট্রিট ও ৮৭ এভিনিউ বেলরোজে সেমিবেসমেন্টে ১টি বেডরুম একজন ব্যাচেলারের কাছে ভাড়া দেয়া হবে। কিচেন, বাথরুম শেয়ার করতে হবে। বাসার নিকট কিউ-৪৩ বাস। যোগাযোগঃ ৭১৮-৯০৯- ৭৫৩৩, ৩৪৭-৬৬৪-৩৭৭৬.

রুম ভাড়াঃ
১লা এপ্রিল থেকে জ্যামাইকায় ১৭৩ স্ট্রীটে একজন অধূমপায়ী পুরুষ ব্যাচেলারের নিকট একটি রুম ভাড়া হবে। বাথরুম ও কিচেন শেয়ার। ভাড়া ৬৫০ ডলার। যোগাযোগঃ ৩৪৭-৩০৬- ৮৬৬৩.

রুম ভাড়াঃ
১লা মে থেকে কর্মজীবী মহিলাদের জন্য ৮৮-২১ ১৭০তম স্ট্রিট ১ম তলা, জ্যামাই-কার রুম ভাড়া। যোগাযোগ: ৯২৯-৬২৩-৮২৭৫, ৩৪৭-৫৯৩-৬৬১২

রুম ভাড়াঃ
৩৪-১০, ৮৪ স্ট্রীট, ৭ ট্রেন, কিউ-৩২/৩৩ বাস দুই ব্লকের মধ্যে এপার্টমেন্ট বিল্ডিংয়ের প্রথম তলায় একটি
বড় রুম, দুই জন কর্মজীবী মুসলিম বা স্বামী-স্ত্রীর নিকট এপ্রিল মাস থেকে ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৭৩৮-৭৬৬৬.

রুম ভাড়াঃ
ইস্টএলমহার্স্ট এর নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউ এর মাঝে ৮১ স্ট্রিট এর উপরে এক তলায় ছেলেদের জন্য একটি রুম ভাড়া দেওয়া হবে। যোগাযোগ : ৯১৭-৩০১-২০৬৩

বাসা ভাড়া

বাসা ভাড়াঃ
ব্রঙ্কসের ৬ ট্রেন এর জেরেগা সাবওয়ের নিকটে মসজিদ, স্কুল ও মেডিকেল সেন্টার এর পাশে একটি ৩ বেডরুমের বাসা লিভিংরুম, ডাইনিং রুম, কিচেন ও বাথরুম সহ ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭- ৭৪৮-৮৭৪৫। সময়- সকাল ৯টা থেকে রাত ১০টা।

বেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকা ১৫৫ স্ট্রীটে, ১০৯ সাটফিনে মনোরম পরিবেশে দুইবেড, লিভিং, ড্রাইনিং কিচেনসহ বেসমেন্ট ভাড়া হবে। মসজিদ, স্কুল, বাস দুই মিনিট হাটা। যোগাযোগ: **917 863-9002.**

সেমিবেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকাতে parsons Blvd & 84 Ave (160 st) Semi Basement একটি আলাদা রুম ১জন মহিলাকে ভাড়া দেয়া হবে। Rent $750. Contact 929-553-8358.

বাড়ি ভাড়াঃ
নতুন বাড়ী ভাড়া দেওয়া হবে। 203 Warwick ST, Brooklyn, NY, 11207. ১ম তলা: ৩ বেড রুম, বড় লিভিং রুম, ডাইনিং রুম, নতুন কিচেন এবং ২ বাথ রুম। ভাড়া দেওয়া হবে।
যোগাযোগ : **917-495-1391**
917-495-3908.

বাসা ভাড়া

রুম ভাড়া:
প্রাইম লোকেশনে ১লা মার্চ থেকে সম্পুর্ন নিরাপদ ও ভালো পরিবেশে ফ্যামিলির সাথে থাকার জন্য। ১জন স্টুডেন্ট অথবা কর্মজীবী বাঙালি নারীর জন্য এক রুমের বাসা ভাড়া দেওয়া হবে। যোগাযোগ:
105-10 217th Lane Queens village NY-11429 Subway E/F to Bus Q110 Q2 LIRR
Mobile. 646-934-3056

বাড়ি ভাড়াঃ
উডহ্যাভেনে দুই বেডরুমের একটি বড় বাসা সাবওয়ের কাছে ১লা এপ্রিল থেকে ভাড়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৯০৭-৪০০৮, ৯২৯-৩৯৩-১৪৬৪.

বাসা ভাড়াঃ
১৬৪-৪ th Street, Hicksvill, NY 11108, সুন্দর মনোরম পরিবেশে (ব্রান্ডনিউ) হার্ট অফ হিক্সবিল মিডিল স্কুল এবং হাই স্কুল সাথে, হিক্সভিল সাবওয়ের কাছে। তিন বেডরুমের বাসা ভাড়া দেয়া হবে। ৬৪৬-৯৮৩-৫৭৪৯.

বাসা ভাড়াঃ
৮১-১৫, ১৩৮ স্ট্রীট, ব্রায়ারউড (কিউ গার্ডেন সাবওয়ের সন্নিকটে) দোতলা (৩ বেডরুম, ১.৫ বাথরুম, ১ বেলকনি)র জন্য ভাড়াটিয়া আবশ্যক। ভাড়া আলোচনা সাপেক্ষে। যোগাযোগঃ ৬৪৬-৮৮৬-৬৪০৮, ৬৪৬-৬৬৪-৬৮৮৯.

বাসা ভাড়াঃ
জ্যামাইকা,হিলসাইড এভিনিউ এবং ২০৮ স্ট্রীট এর সন্নিকটে ২য় তলা ২ বেডরুম, লিভিং, ডাইনিং, কিচেন, বাথরুমসহ বাসা ভাড়া হবে। বাসার নিকটে মসজিদ, স্কুল, বাস ইত্যাদি।
যোগাযোগঃ ৯২৯-৩০৯-৮৫৯৬.

বাসা ভাড়াঃ
ইস্ট এলমহার্স্ট জামে মসজিদ সংলগ্ন ২৫ এভিনিউ এবং ৯৮ স্ট্রীটে ২ বেডরুমের বাসা, ১ বেড রুমের বেসমেন্ট ১লা এপ্রিল থেকে ভাড়া হবে। নিউলি রিনোভেটেড।
ফোনঃ ৭১৬- ৬৩৮-৩০৪২.

বাসা ভাড়াঃ
২ বেডরুমের বাসা ভাড়া। জ্যামাইকা ইয়র্ক কলেজ সন্নিকটে ২ বেডরুমের ১টি ২য় তলা বাসা ১লা এপ্রিল থেকে ফ্যামি-লির নিকট ভাড়া দেয়া হবে। ই ট্রেন এফ ট্রেন সাবওয়ে থেকে ১০ মিনিট দূরত্ব।
ফোনঃ ৩৪৭-৪৮৪-৫২৮৩.

বাসা ভাড়াঃ
ওজনপার্ক লিবার্টি এভিনিউ এ ট্রেন বাইতুন নূর মসজিদের সংলগ্ন দ্বিতীয় তলা ৫টি রুম- দুটি বাথ, বড় কিচেন, ২টি চুলা, ২টি ফ্রিজ আছে। দুই পরিবার শেয়ার করতে পারবে।
৩৪৭-২৫৯-২৯৫৪/৩৪৭-২৫৫-৪৮৪৬

ডাক্তার পাত্রীর পাত্র চাই

নিউ ইয়র্কে কর্মরত ডাক্তার পাত্রীর জন্য উপযুক্ত পাত্র চাই। পাত্রীর বয়সঃ ৩৩ বছর, উচ্চতাঃ ৫'.২"
ডাক্তার পাত্র অগ্রগণ্য
যোগাযোগ
+১ (৩৪৭) ৭৪৪-২৩১০

banglapatrikausa@gmail.com
বাংলা পত্রিকা'য় ক্লাসিফাইড বিজ্ঞাপন দিন
for More information Call: 718-482-9935

ডাক্তার পাত্রের জন্য পাত্রী চাই

৫৬ বছর বয়সী আমেরিকান সিটিজেন, ডিভোর্সড, সুদর্শন ডাক্তার পাত্রের জন্য সরাসরি অথবা ঘটক যোগাযোগ করুন।
Email: hmurshedmd@gmail.com
Phone: 850 866 9012

HOUSE FOR SALE

Humboldt Pkwy
Buffalo, NY-14208
Asking Price # $300,000
Single Family Home
4 Bedroom & 2.5 Bathroom
Lot Size # 5280 Sq ft
Finished Basement

Contact:
Jayashree P
c2cdestiny@gmail.com
(646) 236-7391

HOUSE FOR RENT

New Hyde Park, NY-11040
3 Bedroom & 2 Bathroom
Rent Price # $3,900

Jamaica Estates, NY-11432
3 Bed, 2 Bath & 2 Balcony
Rent Price # $3,500

Contact:
Jayashree P
c2cdestiny@gmail.com
(718) 502-5583

বাসা ভাড়াঃ
রিচমন্ডহিল ৮৬ এভিনিউ ১২৭ স্ট্রীট ২য় তলা জুলাই ১ তারিখ থেকে ৩ রুম, কিচেন, ডাইনিং ১ বাথরুম সম্পূর্ণ নতুন ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৯১৭-৩০২ ৭১৫৬.

বেসমেন্ট ভাড়াঃ
বেসমেন্ট ভাড়া দেয়া হবে ১লা আগস্ট থেকে কুইন্স ভিলেজ ২ বেডরুমের বেসমেন্ট ভাড়া দেয়া হবে (ফ্যামিলি কেস) কিচেন, বাথরুম সম্পূর্ণ আলাদা, বাসার নিকেটঃ কিউ ২ এবং কিউ-৭৭ বাস। ১০১ এভিনিউ, ২০৮ স্ট্রীট কুইন্স ভিলেজ।
যোগাযোগঃ ৯২৯-৩৫০-৭২৯৫.

বেসমেন্ট ভাড়াঃ
জুলাই মাস অথবা ১লা আগস্ট, ২০২৪ হতে স্বামী-স্ত্রী অথবা ২জন কর্মজীবী মহিলা- ৪৬৯ জর্জিয়া এভিনিউ, ব্রুকলীন, নিউ ইয়র্ক ১১২০৭। সাবওয়ে ৩ এবং এল ট্রেন। যোগাযোগঃ ৯১৭-৩৬২ ৩১৯০.

সেমিবেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকা ২০৪ স্ট্রীট ৯০ এভিনিউ একটি প্রাইভেট হাউজের বেসমেন্ট ভাড়া হবে। স্বামী-
স্ত্রীর অথবা কর্মজীবী মহিলা অগ্রাধিকার।
ফোনঃ ৩৪৭-২৬৪-০৭৩৫

House for rent: (1) Renovated 4 bed ,1 bathroom. (1) New 3 bed and 1 bathroom basement. Queen Village. 631-568-6061. Close to Bus or train.

Semi-Basement For Rent

We are urgently seeking tenants at a new house in Woodhaven Blvd, near a mosque and public transit, including bus stops and a train station. It is a two bedroom semi basement, with a separate living and kitchen space. The floors are tiled, and there are two windows.
Queens Center Mall is nearby, via bus or car.
Please call at 718-849-3035
from 10:00 AM to 10:30 PM.

গ্যাস স্টেশনে লোক আবশ্যক

আলাবামা স্টেটে মনোরম পরিবেশে অবস্থিত গ্যাস স্টেশনে আকর্ষণীয় বেতন ও সুযোগ সুবিধাসহ সার্বক্ষণিক দায়িত্ব পালনে একজন বিশ্বস্ত ক্যাশিয়ার আবশ্যক। গ্যাস স্টেশনের ৫ মিনিট দুরত্বে থাকার সুবিধা রয়েছে। বেতন আলোচনা স্বাপেক্ষে।
কল করুন: 561 827 3966

House For Rent

3 bedroom / 2 bathroom available for rent in 2nd floor of private house in Jamaica.
Please call or text (347) 234-8295 for more information.

Semi basement Bedroom Rent

1 Bedroom Rent for Semi basement. 8 feets celling. Brand New construction. Fully renovated. WiFi Utility included. Has laundry and dryer. 8 minutes drive from JFK Airport. Great location for TLC drivers.
Contact number (917)935-1790
Location: 145-49 110th Ave
Jamaica, NY 11435

টিএলসি কার ভাড়াঃ টিএলসি ভাড়া হবে। লং টাইমের জন্য হাইব্রিড কার ভাড়া হবে। যোগাযোগঃ ৭১৮- ২৪৯-৯৫২৫. টিএলসি গাড়ি ভাড়াঃ টিএলসি গাড়ি ভাড়া দেওয়া হবে। হাইব্রিড হোন্ডা একরড ২০১৮। ভাড়া সাপ্তাহিক ৫০০ ডলার। আগ্রহীগণ যোগাযোগ (৭১৬) ৮০০-৭৬২৩

বেসমেন্ট ভাড়া

ফ্রান্সিস লুইস কুইন্সভিলেজে জুলাই-আগস্ট থেকে দুই বেডরুমের বেসমেন্ট ভাড়া হবে ছোট পরিবারের জন্য বা ছাত্রদের জন্য।
ফ্রান্সিস লুইস কুইন্সভিলেজে বাস স্ট্যান্ড থেকে ১ ব্লক দূরে। ভাড়াঃ ১৪০০ ডলার, আরও বিস্তারিত জানার জন্য কল করুন: ৯২৯৩১৩৪৫৩৬

চিটাগং এসোসিয়েশনের বিরোধ ফের তুঙ্গে!





৯ জুন চিটাগাং এসোসিয়েশনের তাহের-আরিফ কমিটির সংবাদ সম্মেলন





১৫ জুন চিটাগাং এসোসিয়েশনের মাকসুদ মাসুদ পরিষদের সংবাদ সম্মেলন।

শেষ পৃষ্ঠায় পর আরিফ সভাপতি মাহমুদ আবু তাহের ও সাধারণ সম্পাদক মো. আরিফুল ইসলামের নেতৃত্বাধীন কমিটি তাদের অবস্থান ব্যাখ্যা করে। লিখিত বক্তব্যে তারা দাবি করেন, দীর্ঘ অস্থিরতার পর সকল পক্ষের সমন্বয়ে গঠিত নির্বাচন কমিশনের তত্ত্বাবধানে ২০২৪ সালের ২০ অক্টোবর ব্রুকলিন, কুইন্স, নিউ জার্সি ও কানেক্টিকাটে চারটি কেন্দ্রে নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচন পরিচালনায় স্বাধীন প্রতিষ্ঠান ইউনাইটেড ইলেকশন সার্ভিসকে দায়িত্ব দেওয়া হয়েছিল। ভোট গণনা শেষে চ্যালেঞ্জড ভোট যাচাই-বাছাই করে নির্বাচন কমিশন সর্বসম্মতিক্রমে চূড়ান্ত ফলাফল ঘোষণা করে।

তাহের-আরিফ কমিটির নেতারা বলেন, নির্বাচনে পরাজিত পক্ষ ফলাফল মেনে নিতে ব্যর্থ হয়ে সামাজিক যোগাযোগমাধ্যম ও স্থানীয় কিছু গণমাধ্যমে বিভ্রান্তিকর প্রচারণা চালায়। সংগঠনের সংবিধান অনুযায়ী ২০২৪ সালের ৩ নভেম্বর নবনির্বাচিতদের শপথ অনুষ্ঠান অনুষ্ঠিত হলেও প্রতিপক্ষের নির্বাচিত সদস্যরা শপথ গ্রহণে অংশ নেননি। পরবর্তীতে শূন্য পদগুলো দ্বিতীয় সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রার্থীদের মাধ্যমে পূরণ করা হয় এবং ১৯ সদস্যের পূর্ণাঙ্গ কমিটি দায়িত্ব গ্রহণ করে।

সংবাদ সম্মেলনে আরও অভিযোগ করা হয়, শপথ গ্রহণের পর প্রতিপক্ষ চট্টগ্রাম ভবনের নিয়ন্ত্রণ ছাড়তে অস্বীকৃতি জানায়। পরে অন্তর্বর্তীকালীন কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্যদের সিদ্ধান্তের ভিত্তিতে ভবনের ডিড, ব্যাংক হিসাব, কবরস্থানের নথিপত্র ও অন্যান্য গুরুত্বপূর্ণ কাগজপত্র তাদের কাছে হস্তান্তর করা হয়। তারা দাবি করেন, ২০২৫ সালের ফেব্রুয়ারিতে কিছু ব্যক্তি ভবনের তালা ভেঙে প্রবেশের চেষ্টা করলে আইনশৃঙ্খলা বাহিনীর হস্তক্ষেপে তাদের বিরুদ্ধে বার্গলারি, ক্রিমিনাল ট্রেসপাসসহ বিভিন্ন অভিযোগে মামলা হয়।

তাদের দাবি, প্রতিদ্বন্দ্বী প্যানেলের সঙ্গে সংশ্লিষ্ট তিনজন ভাড়াটিয়া নির্বাচনের পর থেকে কোনো ভাড়া পরিশোধ করেননি। বর্তমানে তাদের কাছে সংগঠনের পাওনা প্রায় ৯৭ হাজার ৭১১ ডলার। এ বিষয়ে আদালতে মামলা বিচারাধীন রয়েছে বলেও জানানো হয়। সংবাদ সম্মেলনে বর্তমান নেতৃত্ব তাদের বিভিন্ন কার্যক্রমও তুলে ধরে।

এ সংবাদ সম্মেলনে সভাপতি মাহমুদ আবু তাহের, ট্রাস্টি বোর্ডের সদস্য কামাল হোসেন মিঠু ও মো. আরিফুল ইসলাম সহ এ সময় উপস্থিত ছিলেন মো. হানিফ, মনির আহমেদ, মোরেশদ রেজভী, সেলিম, এনাম চৌধুরী, শিহাব উদ্দিন চৌধুরী লিটন, মতিউর রহমান চৌধুরী, আবু তাহের চৌধুরী চান্দু, শাজাহান, জামাল চৌধুরী, কালাম, মতি, টি আলম, শফিক, নুরুল আমিন, খলিবুল্লাহ তামীম মহসিনসহ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ।

তবে এক সপ্তাহ পর ১৫ জুন একই নবান্ন পার্টি হলে পাল্টা সংবাদ সম্মেলন করে মাকসুদ-মাসুদ পরিষদ। সংগঠনের সভাপতি মাকসুদুল হক চৌধুরী অভিযোগ করেন, বর্তমান কমিটি কোরাম ছাড়া সংগঠনের কার্যক্রম পরিচালনা করছে এবং ভবন ও ব্যাংক হিসাব বেআইনিভাবে নিয়ন্ত্রণ করছে। তার দাবি, চিটাগং অ্যাসোসিয়েশন ১৯৮৯ সালে মূলত প্রবাসীদের দাফন-সৎকারের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়েছিল এবং দীর্ঘদিন ধরে একটি বিশেষ গোষ্ঠী সংগঠনটির ওপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার চেষ্টা করছে।

মাকসুদুল হক চৌধুরী বলেন, ১৯৯৭ সালে ভবন ক্রয়ের পর থেকেই সংগঠনটিকে কেন্দ্র করে নানা ষড়যন্ত্র শুরু হয়। তিনি অভিযোগ করেন, বিভিন্ন সময়ে পেশিশক্তি ব্যবহার করে বিরোধী মতকে দমন করা হয়েছে। ২০০৯ সালে একটি সাধারণ সভাকে কেন্দ্র করে সংঘর্ষের ঘটনায় বহু সদস্য আহত হওয়ার ঘটনাও তিনি উল্লেখ করেন।

তিনি বর্তমান সভাপতি মাহমুদ আবু তাহেরের অতীত ভূমিকা নিয়েও প্রশ্ন তোলেন। তার দাবি, ২০১৪ সালে সাধারণ সম্পাদক থাকাকালে তাহের সংগঠনের আর্থিক হিসাবের স্বচ্ছতা নিশ্চিত করতে ব্যর্থ হন এবং এখনো সেই সময়ের পূর্ণাঙ্গ হিসাব দেননি। একইসঙ্গে তিনি অভিযোগ করেন, ২০১৭ সালে তৎকালীন সভাপতি মরহুম আব্দুল হাই জিয়ার কমিটির বিরুদ্ধে পরিকল্পিতভাবে অস্থিতিশীলতা সৃষ্টি করা হয়েছিল, যার ফলে নির্বাচন ও সাংগঠনিক কার্যক্রম বাধাগ্রস্ত হয়।

পাল্টা সংবাদ সম্মেলনে মাকসুদ-মাসুদ পরিষদের নেতারা দাবি করেন, বর্তমান নেতৃত্ব আদালতে নিজেদের বৈধতা প্রমাণ করতে পারেনি এবং সংগঠন পরিচালনায় আইনি ও সাংগঠনিক জটিলতা এখনো বহাল রয়েছে। তারা বলেন, সংগঠনের প্রকৃত মালিকানা ও বৈধ নেতৃত্ব নির্ধারণের বিষয়টি এখন আদালতের বিবেচনাধীন।

এই সংবাদ সম্মেলনে সভাপতি মাকসুদুল হক চৌধুরী ও সাধারণ সম্পাদক মাসুদ হোসেন সিরাজী সহ এ সময় উপস্থিত ছিলেন ট্রাস্টি বোর্ডের কো-চেয়ারম্যান শাহজাহান সিরাজী, প্রতিষ্ঠাতা সদস্য ও ট্রাস্টি বোর্ডের সদস্য হাসান চৌধুরী, উপদেষ্টা মোহাম্মদ দিদার, তারিখ চৌধুরী দীপু, সাবেক সভাপতি আহসান হাবিব, সিনিয়র সহ-সভাপতি মোক্তাদির বিল্লাহ, সহ-সভাপতি আকবর আলী বাপ্পি ও আইফুর আনসারী, যুগ্ম সাধারণ সম্পাদক ইকবাল হোসেন ভূইয়া, কোষাধ্যক্ষ মোহাম্মদ সুমন উদ্দিন, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ ফরহাদ, দপ্তর সম্পাদক শিমুল বড়ুয়া, সহ-দপ্তর সম্পাদক জয়নাল আবেদীন আতিক, প্রচার ও প্রকাশনা সম্পাদক আব্দুল অদুদ, ক্রীড়া সম্পাদক জাহেদুল আজম এবং কার্যকরী সদস্য নূরুস সোফা, মোহাম্মদ শওকত আলী, খাইরুল বাসার, অমল বড়ুয়া ও বিধান বড়ুয়াসহ সংগঠনের নেতাকর্মীরা।

দুই পক্ষের বক্তব্যে স্পষ্ট, বিরোধ এখন শুধুমাত্র নির্বাচনের ফলাফলকে ঘিরে নয়; বরং সংগঠনের ভবন, আর্থিক সম্পদ, প্রশাসনিক নিয়ন্ত্রণ, অতীতের হিসাব-নিকাশ এবং ভবিষ্যৎ নেতৃত্বের প্রশ্নেও গভীরভাবে বিস্তৃত হয়েছে। উভয় পক্ষই নিজেদের বৈধ ও অপর পক্ষকে অবৈধ দাবি করায় প্রবাসী চট্টগ্রামবাসীর একটি বড় অংশ বিভ্রান্তির মধ্যে পড়েছেন।

প্রায় চার দশকের ঐতিহ্যবাহী এই সংগঠনটি একসময় প্রবাসী চট্টগ্রামবাসীর ঐক্যের প্রতীক হিসেবে পরিচিত ছিল। কিন্তু চলমান মামলা, পাল্টাপাল্টি অভিযোগ এবং সংবাদ সম্মেলনের রাজনীতি এখন সেই ঐক্যকে প্রশ্নের মুখে দাঁড় করিয়েছে।

NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.
COMPLETE BODY REPAIR
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
Nur Bhai
President
718-551-1405
35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052
OPEN 24 HOURS

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE
Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic
একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।
ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com
JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com
LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com
OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm



এবার জ্যাকসন হাইটে
আমাদের নতুন অফিসে
আপনাকে স্বাগতম

হাসপাতাল ও নার্সিং হোমে
যে কোন ডাক্তারের
রোগী ভর্তি করে থাকি

Barnali Hasan MD
Internal Medicine
ডা. বর্ণালী হাসান
ইন্টারনাল মেডিসিন

Mahfujul Hasan DDS
Implants & Invisalign
ডা. মাহফুজুল হাসান
ডি.ডি.এস

We provide medical services for IMMIGRATION
আমরা ইমিগ্রেশন সেবা প্রদান করি

WE ADMIT ANY PATIENTS at
HOSPITALS & NURSING HOMES

Northwell Health
LONG ISLAND JEWISH MEDICAL CENTER
Forest Hills & New Hyde Park

CALL 917 930 1170

» Primary Care » Annual Exam » Physical Checkup » TLC Test » Diabetes » Immigration » Cholesterol » EKG » » Spiro » PAP Smear » Pregnancy Test » Allergies » TB Test » Vaccinations » Telemedicine & all kind of Medical Services.

Diagnostic & preventive dentistry, General dentistry, Cosmetic dentistry, Tooth whitening, Fillings, Prosthodontics, Caps/crowns, metal-free bridges, full dentures and partial dentures, digital scanning, Endodontics, Rot canal, Orthodontics, Invisalign, Dental implants, Periodontics, Gum disease and most kinds of Dental Services

We accept most Insurances & Medicaid

EFFICIENT MEDICAL CARE PC
DHAKA DENTAL PC
3716 73rd St, Suite 202, Jackson Heights, NY 11372 | Phone: 929 799 8100
4014 Greenpoint Ave, Sunnyside, NY 11104 | Phone: 718 392 2858
17009 Hillside Ave, Jamaica, NY 11432 | Phone: 718 291 2710

গান শিখুন

বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ

সবিতা দাস

উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি



বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগ: (৭১৮) ৭২১-৩৬৫১, (৭১৮) ৮১০-৬৮৫৮

ARMAN CHOWDHURY, CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়



7 DAYS OPEN
AUTHORIZED e-file PROVIDER
718-475-5686
87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
E TO 169 STREET

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030
নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন
After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।
বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels
কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates | السعودية SAUDIA | الإتحاد ETIHAD | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372
Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE

NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার

WE HAVE MOST PROMINENT MLTC CONTACT

healthfirst Health Insurance for New Yorkers
CenterLight Health System
Anthem
Hamaspik MANAGED CARE
MetroPlusHealth
SWH Senior Whole Health.









FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT

MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER

SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO

- We Provide Transportation for Pick-Up and Drop Off
- Both Halal and Vegetarian Food Option

সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা

CALL US NOW:
718-516-3425

A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP

Design by: ihopeprint.com, 929-538-7903

CONTACT US:

Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416

ভালো'র পথমেলায় মানুষের ঢল





শেষ পৃষ্ঠার পর ১১টার পর থেকেই সর্বস্তরের স্তরের মানুষ মেলায় সমবেত হতে থাকেন। অপরাহ্ন থেকে মেলায় শত শত লোকের সমাগম লক্ষ্য করা যায়। হরেক রকম খাবার, পোশাক পরিচ্ছদ, খেলনা আর প্রফেশনাল শতাধিক স্টল ঘিরে মানুষের আগ্রহও ছিলো ব্যাপক। খাবারের স্টলগুলোতে বেচাকেনা হয়েছে প্রচুর। মূল মঞ্চে সঙ্গীত শিল্পী রাজিব রহমান ও বিউটি দাস সহ প্রবাসের জনপ্রিয় শিল্পীরা সঙ্গীত পরিবেশন করেন। এদিকে যেমন পরিবেশিত হয় শিল্পীদের গান, অপরদিকে ছিলো বড় পর্দায় বিশ্বকাপ ফুটবল ম্যাচের সরাসরি প্রদর্শনী। বিপুল সংখ্যক মানুষ এই খেলা উপভোগ করেন। এছাড়াও শিশুদের বিভিন্ন রাইডে ছিলো সর্বস্তরের শিশু-কিশোর-কিশোরীদের ব্যাপক অংশগ্রহণ। ফ্রি রাইডগুলোতে তারাও ব্যাপক আনন্দ উপভোগ করে।









বিকেলে মূল মঞ্চে শুভেচ্ছা বক্তব্য রাখেন নিউইয়র্ক সিটি কাউন্সিলের ডেপুটি স্পীকার ড. নাতাশা উলিয়ামস, সিটি কাউন্সিলম্যান শেখর কৃষ্ণান, সাবেক এমপি ও ঠিকানা গ্রুপের চেয়ারম্যান এম এম শাহীন, কুইন্স বরো প্রেসিডেন্টের অফিসের প্রধান প্রকৌশলী মোহাম্মদ সাদেক, ইলহাম একাডেমীর কর্ণধার মাওলানা শহীদুল্লাহ, জ্যামাইকা মুসলিম সেন্টারের সেক্রেটারী ও জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার প্রমুখ।

ভালো'র কর্ণধার শাহরিয়ার রহমানের নেতৃত্বে সংগঠনের এক ঝাঁক স্বেচ্ছাসেবী মেলা সফল করতে বিভিন্ন দায়িত্ব পালন করেন।







নিউজার্সিতে মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট এসোসিয়েশনের সাধারণ সভা

শেষ পৃষ্ঠার পর যারা সক্রিয় নয় তাদের যায়গায় অথবা শূন্যস্থান পূরণকরতে পারবেন, গঠনতন্ত্র কিছু সংশোধনী সর্বসম্মতিতে গৃহীত হয়েছে। সভায় সংগঠনের অতীত কার্যক্রম পর্যালোচনা, ভবিষ্যৎ পরিকল্পনা, সাংগঠনিক উন্নয়ন এবং সদস্যদের বিভিন্ন প্রস্তাবনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সভায় বক্তারা সংগঠনের ঐক্য, ভ্রাতৃত্ববোধ এবং প্রবাসে মৌলভীবাজারের সামাজিক ও সাংস্কৃতিক ঐতিহ্যকে সমুন্নত রাখতে সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানান। আলোচনায় অংশগ্রহণ করেন এসোসিয়েশনের প্রতিষ্ঠাতা আহবায়ক ও ট্রাস্টি বোর্ড সদস্য সৈয়দ জুবায়ের আলী, সাবেক সভাপতি শাহ গিয়াস উদ্দিন, সাবেক সভাপতি ও ট্রাস্টি বোর্ড সদস্য আব্দুল হোসেন সুরমান, সাবেক সভাপতি ও ট্রাস্টি বোর্ড সদস্য আবদুল মুকতাদির তোফায়েল, সাবেক সভাপতি ও ট্রাস্টি বোর্ড সদস্য সেলিম চৌধুরী, ট্রাস্টি বোর্ড সদস্য আবু সুফিয়ান তালুকদার মাহমুদ, ট্রাস্টি বোর্ডের সদস্য মোহাম্মদ ইউনুস, ট্রাস্টি বোর্ড সদস্য নুরুল মুমিন চৌধুরী পাপুল, ট্রাস্টি বোর্ড সদস্য শহীদুল ইসলাম, উপদেষ্টা সদস্য ও প্রতিষ্ঠাতা সদস্য সচিব মঈনুদ্দীন ভূঁইয়া, উপদেষ্টা সদস্য অধ্যাপক নিপন চৌধুরী, উপদেষ্টা সদস্য ও প্রতিষ্ঠাতা যুগ্ম আহবায়ক শামিম কুরুরী, সাবেক সাধারণ সম্পাদক আনোয়ার চৌধুরী পারেক, উপদেষ্টা সদস্য আলতাফ হোসেন আসুক, ইসহাক মিয়া, মাহবুবর রহমান বুলবুল, জালাল উদ্দিন, বাহার ভূঁইয়া, শাহজান আহমেদ, কার্যনির্বাহী কমিটির সহ-সভাপতি সৈয়দ খালিদ আলী, আব্দুল হান্নান, মিঠু মিয়া, মো: এ জ এম মাসুদ, যুগ্ম সাধারণ সম্পাদক মাছুম চৌধুরী, সাংগঠনিক সম্পাদক এমদাদুর রহমান বুলবুল, প্রচার সম্পাদক আবুল খায়ের জুয়েল, দপ্তর সম্পাদক আখতার হোসেন নুমান, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক জাকারিয়া খান, সমাজকল্যাণ সম্পাদক মো: হক সুহেল, ক্রীড়া সম্পাদক রুবেল কুরুরী, সদস্য মহসিন আহমেদ, তুহেলুর রহমান, সেলিম আহমেদ , শফিকুল ইসলাম, মশাহিদ আহমদ খান, ফুহাদ চৌধুরী, নুরুল চৌধুরী সুফি আহমদ,কামরুল, কাওছার, মো রবিন, তাজ উদ্দিন, শেখ মো: হাসান আলী, আরিফ হোসেন শাকিব আলী,শওকত আবদুল আজিজ, প্রমুখ । --- প্রেস বিজ্ঞপ্তি









The Weekly Bangla Patrika
বাংলা পত্রিকা
www.banglapatrikausa.com
বর্ষ ৩০ : সংখ্যা ৩৯ : সোমবার, জুন ২২, ২০২৬
আষাঢ় ০৮, ১৪৩৩, মহররম ০৬, ১৪৪৮
Vol. 30 : Issue 39 : June 22, 2026 USA
Free in NY, Other State $1

নিউইয়র্কে 'ঠিকানা ফুটবল টুর্নামেন্ট'

নিউইয়র্ক: বিশ্বকাপ ফুটবলকে ঘিরে যখন সারা বিশ্বে উন্মাদনা তুঙ্গে, ঠিক সেই সময় নিউইয়র্কে প্রবাসী বাংলাদেশিদের দীর্ঘ তিন দশকের ফুটবল ঐতিহ্যকে প্রতি বছরের ন্যায় এবারও উজ্জীবিত করল বাংলাদেশি স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা। বর্ণাঢ্য আয়োজন ও উৎসবমুখর পরিবেশে শুরু হয়েছে 'ঠিকানা ফুটবল টুর্নামেন্ট-২০২৬', যা প্রবাসী বাংলাদেশি সমাজে ক্রীড়া, ১২-এর পৃষ্ঠায় দেখুন

মুন্সীগঞ্জ বিক্রমপুর অ্যাসোসিয়েশনের অভিষেক-পুনর্মিলনী

নিউইয়র্ক: সম্প্রীতি আর ভালোবাসার বন্ধনে একত্রিত হওয়ার আহ্বান নিয়ে অনুষ্ঠিত হলো মুন্সীগঞ্জ বিক্রমপুর অ্যাসোসিয়েশন ইনক এর অভিষেক ও পুনর্মিলনী অনুষ্ঠান ২০২৬। বৃহস্পতিবার ১৯ জুন সন্ধ্যা নিউইয়র্কের উডসাইডের গুলশান টেরেসে এই মিলনোৎসবে সমবেত হন মুন্সীগঞ্জ ও বিক্রমপুরের বিভিন্ন প্রান্ত থেকে আসা শত শত প্রবাসী।

বিক্রমপুরের মাটি থেকে হাজার মাইল দূরে প্রবাসের ব্যস্ত জীবনে দেশের সুর, পরিচিত ১০-এর পৃষ্ঠায় দেখুন

হোমকেয়ার সেবা সিডিপ্যাপ কর্মসূচিতে জালিয়াতির অভিযোগ

পিপিএল ও স্টেট হেলথ বিভাগের বিরুদ্ধে মামলা



বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের মেডিকেইডভিত্তিক হোম কেয়ার কর্মসূচি সিডিপ্যাপ পরিচালনায় বড় ধরনের জালিয়াতি ও অনিয়মের অভিযোগ এনে পাবলিক পার্টনারশিপ-পিপিএল এবং নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথের বিরুদ্ধে মামলা করেছে ইউএস ডিপার্টমেন্ট অব জাস্টিস।

ডিওজে মঙ্গলবার ১৬ জুন দায়ের করা এক দেওয়ানি মামলায় অভিযোগ করেছে, নিউইয়র্কের কনজ্যুমার ডিরেক্টেড পার্সনাল অ্যাসিস্টেন্টস প্রোগ্রাম (সিডিপ্যাপ) এর জন্য পাবলিক পার্টনারশীপ এলএলসি (পিপিএল) কে একমাত্র ফিসকাল ইন্টারমিডিয়ারি হিসেবে নির্বাচনের প্রক্রিয়া ছিল সাজানো এবং এর মাধ্যমে কোম্পানিটিকে কোটি কোটি ডলারের অতিরিক্ত আয় করার সুযোগ করে দেওয়া হয়।

ডিওজে'র ন্যাশনাল ফ্রড এনফোর্সমেন্ট ডিভিশনের সহকারী অ্যাটর্নি জেনারেল কলিন এম. ম্যাকডোনাল্ড বলেন, নিউইয়র্কের এই গোপন সমঝোতার কারণে করদাতাদের লাখ লাখ ডলার ক্ষতি হয়েছে এবং অসংখ্য মেডিকেইড রোগী প্রয়োজনীয় সেবা থেকে বঞ্চিত হয়েছেন। তিনি বলেন, করদাতাদের অর্থে পরিচালিত কর্মসূচিতে জালিয়াতি ও দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা নিতে বিচার বিভাগ সব ধরনের আইনি পদক্ষেপ গ্রহণ করছে।

মামলাটি একটি দেওয়ানি অভিযোগ, যেখানে আদালতের মাধ্যমে স্থায়ী নিষেধাজ্ঞা চাওয়া হয়েছে। ২৬-এর পৃষ্ঠায় দেখুন

চিটাগং এসোসিয়েশনের বিরোধ ফের তুঙ্গে!

নির্বাচন থেকে ভবন দখল নিয়ে দুই পক্ষের পাল্টাপাল্টি অভিযোগের তীর সংবাদ সম্মেলনে

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে প্রবাসী চট্টগ্রামবাসীর অন্যতম বৃহৎ সংগঠন 'চিটাগং এসোসিয়েশন অব নর্থ আমেরিকা'কে ঘিরে দীর্ঘদিনের বিরোধ নতুন করে তীব্র আকার ধারণ করেছে। মাত্র এক সপ্তাহের ব্যবধানে পৃথক সংবাদ সম্মেলন করে একে অপরের বিরুদ্ধে গুরুতর অভিযোগ উত্থাপন করেছে দুই পক্ষ তাহের-আরিফ কমিটি ও মাকসুদ-মাসুদ পরিষদ। এক পক্ষ নিজেদের বৈধভাবে নির্বাচিত নেতৃত্ব দাবি করে প্রতিপক্ষের বিরুদ্ধে অপপ্রচার, ভবন দখলের চেষ্টা ও ভাড়া বকেয়ার অভিযোগ তুলেছে। অন্যদিকে প্রতিপক্ষ বর্তমান কমিটিকে 'কোরামবিহীন ও বেআইনি' আখ্যা দিয়ে সংগঠনের ভবন ও ব্যাংক হিসাব জোরপূর্বক নিয়ন্ত্রণে রাখার অভিযোগ এনেছে। ফলে প্রায় ৩৭ বছরের পুরোনো এই সংগঠনকে কেন্দ্র করে প্রবাসী চট্টগ্রামবাসীর মধ্যে বিভাজন আরও প্রকট হয়ে উঠেছে।

গত ৯ জুন জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে আয়োজিত সংবাদ সম্মেলনে সংগঠনের তাহের- ২৮-এর পৃষ্ঠায় দেখুন

ভালো'র পথমেলায় মানুষের ঢল



নিউইয়র্ক (ইউএনএ): সামাজিক সংগঠন ভালো'র পথমেলায় দেশী-বিদেশী সর্বস্তরের মানুষের ঢল নেমেছিলো। বিশেষ করে শিশু-কিশোর-কিশোরীদের ব্যাপক উপস্থিতি এবারের পথমেলায় ভিন্ন মাত্র যোগ করে। শুক্রবার (১৯ জুন) সিটির জ্যামাইকার হিলসাইড এভিনিউ ও ১৭৫ স্ট্রীট কর্ণার সংলগ্ন মেজর পার্ক আর ১৭৩ স্ট্রীটের উপর এই মেলার আয়োজন করা হয়। হরেক রকমের শতাধিক স্টল ছাড়াও মেলায় ছিলো শিশুদেও জন্য বিশেষ রাইড। আরো ছিলো বড় পর্দায় বিশ্বকাপ ফুটবল দেখার ব্যবস্থা। ছিলো মনোজ্ঞ সঙ্গীতানুষ্ঠান। খবর ইউএনএ'র।

চমৎকার আবহাওয়ায়, গাছ-গাছালিতে ঘেরা পার্কের শীতল ছায়ায় বিকেল তিনটা থেকে পথমেলার কর্মকান্ড শুরু হওয়ার কথা থাকলেও বেলা ৩১-এর পৃষ্ঠায় দেখুন

নিউজার্সিতে মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট এসোসিয়েশনের সাধারণ সভা

নিউ জার্সি: নিউজার্সিস্থ মৌলভীবাজার জেলাবাসীর প্রাণের সংগঠন মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট এসোসিয়েশন অব নিউজার্সির ইনকের সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। গত ১৪ জুন রোববার উডলেন্ড পার্কের আপ্যায়ন রেষ্টুরেন্টের হলে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি মোহাম্মদ মহসিন সেলিম, সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক মুজিবুল ইসলাম রাহাত। এছাড়া আয়-ব্যায় হিসাবে পেশ করেন কোষাধ্যক্ষ আলতাফ তরফদার সুমন, মোনাজাত পরিচালনা করেন হাফেজ সৈয়দ খুবায়েব আলী। বিপুল সংখ্যক মৌলভীবাজার জেলাবাসীর উপস্থিতিতে অনুষ্ঠিত সভায় সর্বসম্মতি ক্রমে এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির মেয়াদ এক বছর বাড়ানো হয়েছে। নতুন কমিটি করা হবে ২০২৭ এর সেপ্টেম্বরে তবে কমিটিতে ৩১-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্কে যাত্রা শুরু হলো মুসলিম কমিউনিটির 'বাংলাদেশ সেমিট্রি'



প্রবাসের মাটিতে এক লাখের বেশি কবরের পরিকল্পনা উদ্বোধনের দিনই সম্পন্ন হলো প্রথম দাফন

বাংলা পত্রিকা রিপোর্ট: দীর্ঘ প্রতীক্ষা ও বহু বছরের পরিকল্পনার পর নিউইয়র্কের আপস্টেটের স্কচটাউনে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করল প্রবাসী বাংলাদেশি মুসলিম কমিউনিটির অন্যতম বৃহৎ কবরস্থান 'বাংলাদেশ সেমিট্রি'। বৃহত্তর নোয়াখালী সোসাইটির উদ্যোগে গড়ে ওঠা এই কবরস্থান প্রবাসী মুসলিম বাংলাদেশিসহ কমিউনিটির শেষ বিদায়ের স্থায়ী ঠিকানা।

শনিবার (২০ জুন) দুপুরে স্কচটাউনে 'বাংলাদেশ সেমিট্রি'র ১১-এর পৃষ্ঠায় দেখুন

নারায়ণগঞ্জ সমিতির বাংলা বর্ষবরণ ও ঈদ পুর্নমিলনী

নিউইয়র্ক: নারায়ণগঞ্জ জেলা সমিতি নিউইয়র্কে বাংলা বর্ষবরণ ও ঈদ পুর্নামলনী অনুষ্ঠান করেছে গত ১৯ জুন (শুক্রবার) লং আইল্যান্ডের হ্যাকশেয়ার স্টেট পার্কে। এই অনুষ্ঠানে চার শতাধিক প্রবাসী নারায়ণগঞ্জবাসী ও অতিথিরা অংশ নেন। অনুষ্ঠানে আগতরা শীতলক্ষ্যা নদীর ক্যানভাসের সামনে নষ্টালজিয়ায় আবেগতাড়িত হয়ে পড়েন ও কেউ কেউ স্মৃতিকাতর আনন্দ-অনুভূতির প্রকাশ করেন। ২৩-এর পৃষ্ঠায় দেখুন









Editor: Abu Taher Published by Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd floor), LIC, NY 11101, USA, Tel: 718 482 9923, 718 482 1169, Fax: 718 482 9935, Email: banglapatrikausa@gmail.com